আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

টাইম টিভি ও বাংলা পত্রিকা'র ইফতার মাহফিল ১৫ এপ্রিল

কিরাত প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ

বাংলা পত্রিকা রিপোর্ট: টাইম টিভি ও বাংলা পত্রিকা'র ইফতার মাহফিল আগামী ১৫ এপ্রিল শনিবার **(বাকি অংশ ০ পাতায়)**

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ২৮ || সোমবার || চৈত্র ২৬ || ১৪২৯ || রমাদান ১৯ || ১৪৪৪ || Vol. 27 || Issue 28 || 10 April || 2023 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

কোভিড আক্রান্ত ৩৪ ভাগ মানুষের স্মৃতিশক্তি কমেছে

বাংলা পত্রিকা ডেস্ক : কোভিড ১৯ আক্রান্ত ৩৪ ভাগ মানুষের স্মৃতিশক্তি কমে গেছে বলে এক গবেষণায় উঠে এসেছে। এ ছাড়া কোভিডে আক্রান্ত হওয়ার পর আগে থেকে ডায়াবেটিসে ভোগা ৫০ ভাগ মানুষের এসংক্রান্ত জটিলতা আরও বেড়েছে। কোভিডে ভোগা ব্যক্তিদের সাক্ষাৎকারভিত্তিক এক গবেষণায় এমন তথ্য উঠে এসেছে। 'হাসপাতালে ভর্তি



কোভিড-১৯ রোগীদের পরবর্তী শারীরিক জটিলতা ও অন্যান্য রোগের সম্পর্ক নিরূপণ' শীর্ষক এই গবেষণা এশিয়া প্যাসিফিক পাবলিক হেলথ জার্নালে সম্প্রতি প্রকাশিত হয়। এতে নেতৃত্ব দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশবিজ্ঞান বিভাগের অধ্যাপক অলক পাল। **(বাকি অংশ ৩৩ পাতায়)**

দোয়া কামনা ও ক্ষমা প্রার্থনা

আতিকুর রহমান সালু ক্যান্সার আক্রান্ত



নিউইয়র্ক (ইউএনএ): মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ **(বাকি অংশ ৩৩ পাতায়)**

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রদপ্তর 'ভণ্ডদের আখড়া'ঃ জয়

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রদপ্তর 'ভ-দের আখড়া' বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তি উপদেষ্টা সজিব ওয়াজেদ জয়। নিজের ফেসবুক পেজে এক পোস্টে সম্প্রতি তিনি এই মন্তব্য করেন। পোস্টে বিবিসির একটি প্রতিবেদনও শেয়ার করেছেন তিনি। প্রতিবেদনটিতে প্রশ্ন তোলা হয়েছে, ফিরে আসার প্রত্যয় ব্যক্ত করলেও আমেরিকার বহিষ্কার আইনপ্রণেতা জাস্টিন জোন্স আদৌও তা পারবেন কিনা। সজিব ওয়াজেদ জয় ফেসবুকে লিখেছেন, 'দুই সংখ্যালঘু আইনপ্রণেতাকে বহিষ্কার করতে যুক্তরাষ্ট্রের আইনসভা **(বাকি অংশ ৩৩ পাতায়)**



আমাকে রাজনীতি থেকে নির্বাসনে পাঠানোর ষড়যন্ত্র চলছে- ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, 'দেশকে ধ্বংসকারীদের থেকে রক্ষা করাটাই তার একমাত্র অপরাধ।' এজন্য তাকে রাজনীতি থেকে নির্বাসনে পাঠানোর ষড়যন্ত্র করা হচ্ছে। মঙ্গলবার সন্ধ্যায় জামিনে মুক্তির পর নিউইয়র্ক থেকে ফ্লোরিডায় পৌঁছে সমর্থকদের উদ্দেশ্যে বক্তব্য দিতে গিয়ে এসব কথা বলেন ট্রাম্প। এ সময় ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে কারচুপি **(বাকি অংশ ১৬ পাতায়)**

লেবাননে ইসরায়েলি হামলা মধ্যপ্রাচ্যে নতুন উত্তেজনা

বাংলা পত্রিকা ডেস্ক : পবিত্র রমজান মাসে মুসলিমদের প্রথম কিবলা পবিত্র আল-আকসা মসজিদে ইসরায়েলি বাহিনীর অভিযানকে কেন্দ্র করে আবারও উত্তপ্ত হয়ে উঠেছে মধ্যপ্রাচ্য। মসজিদে ঢুকে মুসল্লিদের নির্যাতনের প্রতিবাদে ইসরায়েলে রকেট ছুড়েছেন ফিলিস্তিনি **(বাকি অংশ ১৬ পাতায়)**

মাঝ আকাশে পাইলট বুঝলেন তাঁর আসনের নিচে গোখরো

বাংলা পত্রিকা ডেস্ক : ব্যক্তিগত ছোট উড়োজাহাজটি প্রায় ১১ হাজার ফুট উচ্চতায় ছিল। নিশ্চিন্ত মনে গন্তব্যের দিকে এগিয়ে যাচ্ছিলেন আরোহীরা। কিন্তু একপর্যায়ে গিয়ে নিশ্চিন্ত থাকতে পারলেন না **(বাকি অংশ ১৬ পাতায়)**

কম আয়ের মানুষদের বিদ্যুত বিলে ছাড় দেবে ফেডারেল সরকার

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে চলমান অর্থনৈতিক মন্দা মোকাবেলায় কম আয়ের মানুষদের এবার বিদ্যুত বিলে ছাড় দেবে ফেডারেল সরকার। সম্প্রতি এ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে জানানো হয়, কম আয়ের মানুষের জন্য খাদ্য, বাসস্থান, পুষ্টিসহ অন্যান্য যেকোন একটি সহায়তা যারা গ্রহণ করেন তারা স্বয়ংক্রিয়ভাবে এ প্রকল্পের জন্য**(বাকি অংশ ১৬ পাতায়)**

বিক্ষোভে ইন্ধন জোগানোর অভিযোগে বহিষ্কার হলেন টেনেসির ২ আইন প্রণেতা বরখাস্ত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের 'অস্ত্র আইন' সংস্কারের দাবিতে হওয়া বিক্ষোভে ইন্ধন জোগানোর অভিযোগে বহিষ্কার হলেন টেনেসি স্টেট হাউজের দুই ডেমোক্রেট আইনপ্রণেতা জাস্টিন জোনস ও জাস্টিন পিয়ারসন। বৃহস্পতিবার তাদের অপসারণে বিশেষ অধিবেশনে হয় ভোটাভুটি। যাতে ৭২-২৫ ভোটে বহিষ্কৃত হন এমপি জোনস। অপর এমপি পিয়ারসনকে পদচ্যুত করতে ভোট দেন ৬৯ আইনপ্রণেতা। দু'জনই কৃষ্ণাঙ্গ রাজনীতিক। গেলো ২৭ মার্চ ন্যাশভিলে **(বাকি অংশ ১৬ পাতায়)**

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
১৯ রমাদান ১০ এপ্রিল	৫.০২	৭.২৯
২০ রমাদান ১১ এপ্রিল	৫.০০	৭.৩০
২১ রমাদান ১২ এপ্রিল	৪.৫৯	৭.৩১
২২ রমাদান ১৩ এপ্রিল	৪.৫৭	৭.৩২
২৩ রমাদান ১৪ এপ্রিল	৪.৫৫	৭.৩৪
২৪ রমাদান ১৫ এপ্রিল	৪.৫৩	৭.৩৫
২৫ রমাদান ১৬ এপ্রিল	৪.৫১	৭.৩৬

বিল গেটসের মেয়ের ৫ কোটি ডলারের ফ্ল্যাটে কী আছে!

বাংলা পত্রিকা ডেস্ক : মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা ও পৃথিবীর (বাকি অংশ ১৬ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

WIN ZONE REALTY INC.
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে


কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday // April 10 // 2023

১৩ হুতি বন্দিকে মুক্তি দিল সৌদি

ঢাকা ডেস্ক ১০ এপ্রিল : এক সৌদি বন্দির মুক্তির বিনিময়ে ১৩ ইয়েমেনি হুতি বিদ্রোহীকে মুক্তি দিয়েছে রিয়াদ। ইয়েমেনের এক হুতি বিদ্রোহী নেতা শনিবার গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। খবর আনাদোলুর। হুতি নেতা আবদুল কাদের আল মুরতাবা বলেন, বন্দিবিনিময় চুক্তির আওতায় আগেই এক সৌদি বন্দিকে মুক্তি দিয়েছিল ইয়েমেন। তার বিনিময়ে শনিবার ওই ১৩ হুতি বিদ্রোহীকে মুক্তি দিল সৌদি আরব। তিনি বলেন, আমরা আশা করি দুই দেশের মধ্যে এ বন্দিবিনিময় প্রক্রিয়া অব্যাহত থাকবে। তবে এ ব্যাপারে সৌদি সরকারের কোনো বক্তব্য পাওয়া যায়নি। শনিবার ইয়েমেনের সরকার জানিয়েছে, ৮৮৭ জন হুতি বিদ্রোহীকে মুক্তি দেওয়ার কথা থাকলে সৌদি কর্তৃপক্ষ আগামী ১৪ এপ্রিল পর্যন্ত এ প্রক্রিয়া বন্ধ রেখেছে। জাতিসংঘের মধ্যস্থতায় গত বছর সৌদি আরব ও ইয়েমেনের মধ্যে বন্দিবিনিময় চুক্তি হয়েছে। এতে বলা হয়, দুই দেশের মধ্যে দুই হাজার বন্দিবিনিময় হবে।





মোহাম্মদ হারুন মিয়ার মৃত্যু উপলক্ষে কুলাউড়া এসোসিয়েশনের কর্মকর্তা বদরুল ইসলাম মিন্টু ও ফরহাদারুল ইসলাম লিটুর বাসায় পারিবারিক ইফতার মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়। কুলাউড়া এসোসিয়েশনের সিনিয়র সহ সভাপতি মোঃ এফ মালিক মুরাদ, সৈয়দ দুদু মিয়া, সৈয়দ রুহেল ইসলাম, এনামুল ইসলাম খানসহ অনেক আত্মীয় স্বজন উপস্থিত ছিলেন।





Khalil Biryani House

পবিত্র মাহে রমজানের

ইফতার ও সেহেরি পার্টি

বুকিং চলছে

জ্যামাইকা

১৬৭-২০ হিলসাইড এভিনিউ,
জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

(৯২৯) ৬০৮-০২২৯

ব্রঙ্কস

২০৬২ ম্যাকগ্র এভিনিউ,
ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২

(৬৪৬) ৭৬৩-৫০৭৩



সুস্বাদু খাবার
স্বাস্থ্যসম্মত খাবার
সার্টিফাইড শেফ

khalilsfood.com

+1 646-763-5073

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

সংসদে রাষ্ট্রপতির শেষ ভাষণ

গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার তাগিদ

জাতীয় সংসদের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে শুক্রবার আয়োজিত বিশেষ অধিবেশনে ভাষণদানকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গণতন্ত্রকে বিপন্ন করে তোলে-এমন যে কোনো অশুভ শক্তির বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেছেন, গণতন্ত্রহীন অবস্থায় যে উন্নয়ন হয়, তা কখনো সর্বজনীন হতে পারে না। সে উন্নয়ন হয় ব্যক্তি ও গোষ্ঠীকেন্দ্রিক। উল্লেখ্য, রাষ্ট্রপতি হিসাবে জাতীয় সংসদে এটিই ছিল তার শেষ ভাষণ।

ভাষণে জাতীয় সংসদকে গণতান্ত্রিক রাষ্ট্রের অন্যতম প্রধান স্তম্ভ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, উন্নয়ন ও গণতন্ত্র একসঙ্গে চলে। দেশে গণতন্ত্র অব্যাহত থাকলে উন্নয়ন ও অগ্রগতি এগিয়ে যায়। আবার গণতন্ত্রের স্বাভাবিক গতিপথ রুদ্ধ হলে উন্নয়নও বাধাগ্রস্ত হয়। উন্নয়নকে স্থায়ী ও টেকসই করতে হলে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিকভাবে মজবুত করতে হবে।

রাষ্ট্রপতি তার ভাষণে আরও বলেছেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আসন্ন। ক্ষমতায় যাওয়া বা পরিবর্তন আনার একমাত্র উপায় নির্বাচন। আন্দোলনের নামে সন্ত্রাস ও হিংসার রাজনীতি কখনো দেশ, সমাজ ও অর্থনীতির জন্য কল্যাণকর হতে পারে না; বরং তা রাজনৈতিক পরিবেশকে তমসাচ্ছন্ন করে তোলে। সংঘাত ভুলে আলাপ-আলোচনার মাধ্যমে ঐকমত্যে এসে গণতন্ত্রকে বিকশিত করতে আমাদের সবার সহায়তা করা উচিত।

বর্তমান বাস্তবতায় রাষ্ট্রপতির এ ভাষণ প্রাসঙ্গিক, সময়োপযোগী ও গভীর তাৎপর্যপূর্ণ। বস্তুত নির্বাচনকে কেন্দ্র করে দেশে সংঘাত, সহিংসতা, এমনকি সাংবিধানিক সংকট তৈরি হলে অসাংবিধানিক পন্থায় ক্ষমতার পালাবদলের আশঙ্কা থাকে। তেমনটি ঘটলে গণতন্ত্র বিপন্ন হবে, যা কারও কাম্য নয়। তাছাড়া নির্বাচনকে কেন্দ্র করে দেশে সহিংস পরিস্থিতির সৃষ্টি হলে কেবল সাধারণ মানুষের নিরাপত্তা বিঘ্নিত হবে না; অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতির কারণে আমদানি-রপ্তানি কার্যক্রম এবং দেশের ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগসহ সরকারের রাজস্ব আয়ের ওপর পড়বে এর নেতিবাচক প্রভাব।

সহিংস রাজনৈতিক পরিস্থিতিতে বিভিন্ন উৎপাদনশীল খাত ও রপ্তানিমুখী শিল্প ক্ষতির সম্মুখীন হলে এসব শিল্পের ওপর নির্ভরশীল হাজার হাজার শ্রমিকের ভাগ্য হয়ে পড়বে অনিশ্চিত। সবচেয়ে বড় কথা, রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে সক্ষম না হলে বিনিয়োগ ও উন্নয়নে আসবে না কাঙ্ক্ষিত সাফল্য।

দেশে সামাজিক ও রাজনৈতিক সম্প্রীতি প্রতিষ্ঠা করা গেলে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম একটি সঠিক দিকনির্দেশনা পাবে, যা সুন্দর আগামী বিনির্মাণে সহায়ক হবে। কাজটি যে খুব কঠিন, এতে কোনো সন্দেহ নেই। তবে কঠিন হলেও এক্ষেত্রে সততা ও আন্তরিকতার সঙ্গে রাজনীতিকসহ দেশের সব শ্রেণি-পেশার মানুষকে একযোগে কাজ করতে হবে। পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি ও জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণও জরুরি।

দুঃখজনক হলো, রাজনৈতিক দলগুলো, বিশেষ করে দেশের প্রধান দুটি রাজনৈতিক দলের সম্পর্ক শত্রুতায় পর্যবসিত হওয়ায় গণতন্ত্র ও উন্নয়ন হুমকির মুখে পড়েছে। এ পরিস্থিতি থেকে উত্তরণের উপায় হলো, পারস্পরিক সহনশীলতা, সমঝোতা ও গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করা। দেশে সমঝোতার রাজনীতি, সহনশীল আচরণ ও গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে পরিচ্ছন্ন ও রুচিশীল মন-মানসিকতা নিয়ে রাজনীতিকরা এগিয়ে আসবেন, এটাই প্রত্যাশা।

চীন-মার্কিন বিরোধের তাইওয়ান পারদ

॥ মঞ্জুরে খোদ ॥



চীনের হুঁশিয়ারি সত্ত্বেও গত সপ্তাহে মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার কেভিন ম্যাকার্থির সঙ্গে বৈঠক করেছেন তাইওয়ানের প্রেসিডেন্ট সাই ইং-ওয়েন। ১৯৭৯ সালের পর প্রথম কোনো শীর্ষস্থানীয় মার্কিন কর্মকর্তার তাইওয়ানের প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক হলো।

চীনের হুঁশিয়ারি সত্ত্বেও গত সপ্তাহে মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার কেভিন ম্যাকার্থির সঙ্গে বৈঠক করেছেন তাইওয়ানের প্রেসিডেন্ট সাই ইং-ওয়েন। ১৯৭৯ সালের পর প্রথম কোনো শীর্ষস্থানীয় মার্কিন কর্মকর্তার তাইওয়ানের প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক হলো। তাইওয়ানের প্রেসিডেন্টকে 'আমেরিকার অন্যতম বন্ধু' বলে আখ্যা দিয়ে ম্যাকার্থি বলেন, গণতন্ত্র, অর্থনৈতিক উন্নয়ন, শান্তি ও স্থিতিশীলতার জন্য তাইওয়ান ও যুক্তরাষ্ট্র একসঙ্গে কাজ করবে। তাইওয়ানকে সম্ভাব্য সব ধরনের সহায়তাও দেওয়া হবে।

তাইওয়ান বিশ্ব রাজনীতির দীর্ঘদিনের আলোচনার বিষয়। সে আলোচনার গুরুত্ব নতুন করে বাড়ার কারণ বিশ্ব রাজনীতির নানা নতুন সমীকরণ। বিশ্ব অর্থনীতি, রাজনীতি ও সামরিক শক্তিতে চীন যত শক্তিশালী হচ্ছে তাইওয়ানকে উদ্দেশ্যমূলকভাবে তত সামনে আনা হচ্ছে। ইউক্রেন যুদ্ধ ও অর্থনৈতিক সংকটের সন্ধিক্ষণে চীন-রাশিয়ার বন্ধুত্ব ইস্যুটি আরও উস্কে দিয়েছে।

চীনের দাবি, গণতান্ত্রিক শাসনব্যবস্থায় পরিচালিত তাইওয়ান তাদের ভূখণ্ডের অংশ। 'এক চীন' নীতির অধীনে একদিন এই অঞ্চল একীভূত হবে। এই নীতির অধীনে কোনো দেশ একসঙ্গে বেইজিং ও তাইপের সঙ্গে আনুষ্ঠানিক সম্পর্ক বজায় রাখতে পারবে না।

গত বছরও মার্কিন প্রতিনিধি পরিষদের তৎকালীন স্পিকার ন্যান্সি পেলোসি চীনের হুঁশিয়ারি সত্ত্বেও তাইওয়ান সফর করেছিলেন। শুধু তাই নয়, মার্কিন সামরিক বাহিনী তাইওয়ান দ্বীপে সেনা মোতায়েন করেছে এবং তাদের কাছে বিলিয়ন ডলারের অস্ত্র বিক্রি করেছে। আমেরিকা কেন চীনের আপত্তি সত্ত্বেও তাইওয়ানের সঙ্গে সম্পর্ক বজায় রাখছে?

তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক রক্ষাকারী দেশের সংখ্যা কমতে কমতে ১৩টিতে এসে পৌঁছেছিল। এদের মধ্যে প্রধান দেশ হন্ডুরাস অতি সম্প্রতি তাদের সিদ্ধান্ত পরিবর্তন করে তাইওয়ানকে চীনের অংশ হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়েছে। তার মানে এখন ক্ষুদ্র ১২টি দেশ ও অঞ্চল তাদের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রেখেছে। সিআইএ ওয়ার্ল্ড ফ্যাক্টবুক ডাটা অনুসারে, যে দেশগুলো এখনও চীনের বদলে তাইওয়ানের সঙ্গে সম্পর্ক রেখেছে, সেগুলো হচ্ছে- গুয়েতেমালা, হাইতি, প্যারাগুয়ে, এস্বাতিনি, বেলিজ, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনাডাইনস, মার্শেল দ্বীপপুঞ্জ, সাভাল দ্বীপপুঞ্জ, পালাউ এবং মারভাল নাউরু (জাতিসংঘের সদস্য নয়) ভ্যাটিকান সিটি। তারা বিশ্ব জনসংখ্যার মাত্র ০.৪৯ শতাংশ। অর্থাৎ বিশ্বে ৯৯.৫১ শতাংশ মানুষ এখনও আনুষ্ঠানিকভাবে স্বীকার করে যে তাইওয়ান হচ্ছে গণপ্রজাতন্ত্রী চীনের একটি প্রদেশ।

যে যুক্তরাষ্ট্র তাইওয়ান নিয়ে এত সোচ্চার ও সক্রিয়, তারাও কাগজে-কলমে তাইওয়ানকে চীনের অংশ হিসেবে স্বীকার করে। ১৯৭৯ সালে চীনের সঙ্গে আমেরিকার যে চুক্তি স্বাক্ষর হয় সেখানে স্পষ্টভাবে বলা হয় যে, তাইওয়ান প্রণালির উভয় দিক চীনের অংশ তারা স্বীকার করে। এই আইনি প্রতিশ্রুতি সত্ত্বেও আমেরিকা ক্রমশ তাইওয়ানকে বিচ্ছিন্নতাবাদে সমর্থন ও উস্কানি দিয়ে যাচ্ছে।

যুক্তরাষ্ট্রের ক্ষুব্ধ হওয়ার আরও একটি বড় কারণ তাদের প্রভাব বলয়ে থাকা মধ্য আমেরিকার দেশগুলোও হাতছাড়া হয়ে যাচ্ছে। এই দেশগুলো মার্কিন বলয় থেকে বের হয়ে এসে তাইওয়ানকে চীনের অংশ হিসেবে স্বীকৃতি দিয়ে বেইজিংয়ের সঙ্গে কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক গভীর করছে।

যেমন ২০২১ সালে নিকারাগুয়া চীনকে স্বীকৃতি দিয়ে তাইওয়ানের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে। এরপর থেকে মানাগুয়া ও বেইজিং ঘনিষ্ঠ মিত্র হিসেবে মুক্তবাণিজ্য সম্পর্ক গড়ে তোলে। চীন নিকারাগুয়ার পাবলিক হাউজিং প্রোগ্রাম প্রসারিত করতে সাহায্য করছে, দরিদ্র ও কর্মজীবী পরিবারের জন্য হাজার হাজার বাড়ি তৈরি করছে, অবকাঠামো, হাসপাতাল এবং নবায়নযোগ্য শক্তির উন্নয়নে কাজ করেছে।

এমনকি নিকারাগুয়ায় একটি আন্তঃমহাসাগরীয় খাল খননের পরিকল্পনা করেছে চীন, যা পানামা খালের একচেটিয়া অধিকার চ্যালেঞ্জ করবে এবং মধ্য আমেরিকার দেশটির জন্য বিশাল অর্থনৈতিক সুযোগ তৈরি করবে।

সম্প্রতি চীন ও হন্ডুরাস সরকারের মধ্যেও ব্যাপক উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্প নিয়ে আলোচনা ও কাজ চলছে। হন্ডুরাসের পররাষ্ট্রমন্ত্রী বলছেন, আইএমএফসহ মার্কিন নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের কাছে বিলিয়ন বিলিয়ন ডলারের ঋণের জালে আটকা পড়েছে তাঁর দেশ এবং চীনই কেবল সম্ভাব্য এই বোঝা কমাতে পারে। হন্ডুরাস বিশ্বের অন্যতম দরিদ্র দেশ। এক কোটি জনসংখ্যার প্রায় তিন-চতুর্থাংশ ৭৪ ভাগ দারিদ্র্যের মধ্যে বাস করে।

২০০৯ সালে মার্কিন সরকারের ইন্ধনে হন্ডুরাসে এক সামরিক অভ্যুত্থানে গণতান্ত্রিকভাবে নির্বাচিত বামপন্থি প্রেসিডেন্ট ম্যানুয়েল জেলায়া উৎখাত এবং নিষ্ঠুর ডানপন্থি শাসন প্রতিষ্ঠা হয়। দমন-পীড়ন ও নির্যাতনের মাধ্যমে সেখানে মাদক ব্যবস্যা, লুটপাট ও সন্ত্রাসের রাজত্ব তৈরি করা হয়। সীমাহীন দারিদ্র্য এবং বিশ্বে সর্বাধিক অপরাধপ্রবণ দেশে পরিণত হয়।

২০২১ সালেও হন্ডুরাস ও নিকারাগুয়ার নির্বাচনেও মার্কিন প্রশাসন হস্তক্ষেপ করেছিল কিন্তু সে দেশের জনগণ সেগুলোকে রুখে দিয়েছে। সে সময় সামাজিক মাধ্যমে তাদের সেই তৎপরতার ছবি-ভিডিও ছড়িয়ে দেওয়া হয়েছিল। তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক রাখা ১২টি দেশের মধ্যে গুয়েতেমালার দৃশ্যপটও যে কোনো সময় পরিবর্তন হতে পারে। রাজনৈতিক চাপে তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক রাখতে বাধ্য হচ্ছে। চীন শুধু অর্থনৈতিকভাবেই এগিয়েছে তাই নয়, সামরিক এবং তথ্যপ্রযুক্তির দিক থেকেও অভাবনীয় উন্নতি করেছে। বিশ্ব রাজনীতিতেও তাদের প্রভাব প্রবল হয়ে উঠছে। চীনও তার অখন্ডতার নীতি থেকে সরে আসবে না। যুক্তরাষ্ট্র ও পশ্চিমা শক্তিও চায় না বিশ্বে অন্য কোনো শক্তি তাদের অতিক্রম করুক, তাদের অবস্থানকে চ্যালেঞ্জ করুক। চীন-মার্কিনের দ্বন্দ্ব-বিরোধ কোথায় গিয়ে দাঁড়াবে তাইওয়ান হবে সেই সম্পর্কের পারদ।

লেখক: লেখক-গবেষক ও রাজনৈতিক বিশ্লেষক

নামাজের সময়-সূচী

এপ্রিল	১০	১১	১২	১৩	১৪	১৬	১৭
ফজর	৫.০৭	৫.০৫	৫.০৪	৫.০২	৫.০০	৪.৫৮	৪.৫৬
সূর্যোদয়	৬.২৬	৬.২৪	৬.২৩	৬.২১	৬.২০	৬.১৮	৬.১৭
জোহর	১২.৫৮	১২.৫৮	১২.৫৭	১২.৫৭	১২.৫৭	১২.৫৭	১২.৫৬
আসর	৫.৩৫	৫.৩৬	৫.৩৭	৫.৩৭	৫.৩৮	৫.৩৯	৫.৪০
মাগরিব	৭.২৯	৭.৩০	৭.৩১	৭.৩২	৭.৩৪	৭.৩৬	৭.৩৭
এশা	৮.৪৮	৮.৫০	৮.৫১	৮.৫২	৮.৫৪	৮.৫৬	৮.৫৮

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

ডিজিটাল নিরাপত্তা আইন আরও ব্যাপক ব্যবহারের ইঙ্গিত

॥ আলী রীয়াজ ॥

জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের দপ্তর (ওএইচসিএইচআর) বাংলাদেশের ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে সরকারের কাছে পাঠানো সুপারিশে আইনের যে দুটি ধারা বাতিল এবং আটটি ধারা সংশোধনের কথা বলেছে, সেগুলো বিষয়ে দেশের নাগরিক সমাজ ও মানবাধিকারকর্মীরা আগেই আপত্তি জানিয়েছিলেন। জাতিসংঘের পক্ষ থেকে বাতিলের জন্য বলা ধারা হচ্ছে ২১ ও ২৮। যেগুলো সংশোধনের কথা বলা হয়েছে, সেগুলো হচ্ছে ৮, ২৫, ২৭, ২৯, ৩১, ৩২, ৪৩ ও ৫৩ ধারা (প্রথম আলো ৬ এপ্রিল ২০২৩)।

স্মরণ করা যেতে পারে, ২০১৮ সালে নির্বাচনের মুখে সরকার যখন এ আইনে পাসের উদ্যোগ নেয়, তখন এসব ধারা নিয়ে বিভিন্ন মহলে আলোচনা ও প্রতিবাদ হয়েছিল। সম্পাদক পরিষদ ২০১৮ সালের ২৯ সেপ্টেম্বর ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে তাদের উদ্বেগের বিশদভাবে ব্যাখ্যা করে বিবৃতিও দিয়েছিল, তাতে আইনটির ৯টি ধারার (৮, ২১, ২৫, ২৮, ২৯, ৩১, ৩২, ৪৩ ও ৫৩) মৌলিক কিছু ত্রুটি চিহ্নিত করেছিল। এরপর গত সাড়ে চার বছরে বাংলাদেশের মানবাধিকার, নাগরিকের মতপ্রকাশের অধিকার এবং সংবাদক্ষেত্রের স্বাধীনতা যাঁরাই পর্যবেক্ষণ করেছেন, তাঁরাই এ নিয়ে বারবার বলেছেন যে সামগ্রিকভাবে এ আইন ও বিশেষভাবে কতিপয় ধারা অগ্রহণযোগ্য এবং তা আন্তর্জাতিক যেসব সনদে বাংলাদেশ স্বাক্ষর করেছে, তার সঙ্গে অসংগতিপূর্ণ।

এসব আইনের মধ্যে যে দুটি বাতিলের কথা বলা হয়েছে, সেগুলো নিয়ে সবচেয়ে বেশি আলোচনা হয়েছে এ কারণে যে এগুলো অস্বচ্ছ এবং এগুলোর রাজনৈতিক ব্যবহারের সুযোগ সবচেয়ে বেশি। আইনের ২১ ধারায় বলা হয়েছে, 'কোনো ব্যক্তি ডিজিটাল মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, জাতির পিতা, জাতীয় সংগীত বা জাতীয় পতাকার বিরুদ্ধে কোনো প্রকার প্রোপাগান্ডা ও প্রচারণা চালান বা উহাতে মদদ প্রদান করেন', তাহলে তিনি অনধিক ১০ বছর কারাদন্ড বা অনধিক ১ কোটি টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবেন। দ্বিতীয়বার একই অপরাধ করলে সাজা হবে যাবজ্জীবন কারাদন্ড বা ৩ কোটি টাকা অর্থদন্ড বা উভয় দন্ড।

ডিজিটাল নিরাপত্তা আইনের ২৮ নম্বর ধারায় বলা হয়েছে, যদি কোনো ব্যক্তি বা গোষ্ঠী ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে ধর্মীয় মূল্যবোধ বা অনুভূতিতে আঘাত করার বা উসকানি প্রদানের অভিপ্রায়ে ওয়েবসাইট বা অন্য কোনো ইলেকট্রনিক বিন্যাসে এমন কিছু প্রকাশ বা প্রচার করেন বা করান, যা ধর্মীয় অনুভূতি বা ধর্মীয় মূল্যবোধের ওপর আঘাত করে, তাহলে সংশ্লিষ্ট ব্যক্তি অনধিক ৫ বছর কারাদন্ড বা ১০ লাখ টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত হবেন। দ্বিতীয়বার একই অপরাধ করলে সাজা হবে অনধিক ১০ বছর কারাদন্ড বা ২০ লাখ টাকা জরিমানা অথবা উভয় দন্ড।

এ ধরনের আইনের পরিধি এতটাই ব্যাপক যে যেকোনো ব্যক্তি যে কারও বিরুদ্ধে এ আইন বরখেলাপের অভিযোগ করতে পারেন এবং সে কারণে কারাভোগ, এমনকি দোষী বলে সাব্যস্ত হতে পারেন। আইনের এ ধারাগুলো কীভাবে ব্যবহৃত হয়েছে, সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজের (সিজিএস) পক্ষ থেকে করা গবেষণায় আমরা সেটা দেখতে পেয়েছি। ২০২০ সালের জানুয়ারি মাস থেকে ডিজিটাল নিরাপত্তা আইনের ব্যবহার বিষয়ে আমি যে গবেষণাকাজ করছি, তাতে যে চার আইনের সর্বাধিক ব্যবহার দেখতে পেয়েছি, সেগুলো হচ্ছে ২৫, ২৯, ৩১ ও ৩৫। আমাদের প্রকাশিত তিনটি প্রতিবেদনে (এপ্রিল ২০২১, এপ্রিল ২০২২ ও জানুয়ারি ২০২৩) আমরা তার বিভিন্ন দিকে তুলে ধরেছি।

২০১৮ সালের অক্টোবর থেকে ২০২৩ সালের মার্চ মাস পর্যন্ত আমরা ১ হাজার ২৯৫টি মামলার সম্পূর্ণ তথ্য সংগ্রহ করতে সক্ষম হয়েছি। এসব মামলায় অভিযুক্ত হয়েছেন ৩ হাজার ৬৪৪ জন এবং তাঁর মধ্যে ১ হাজার ৩৭৮ জন আটক হয়েছিলেন। আটক ব্যক্তিদের অনেকে জামিনে মুক্ত হলেও অনেকেই বিচারাধীন অবস্থায় আটক আছেন। আটক অবস্থায় লেখক মুশতাক আহমদ কারাগারে মৃত্যুবরণ করেন।



সরকার ও ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা প্রতিপক্ষের বিরুদ্ধে প্রায় প্রতিদিনই দেশের কোথাও না কোথাও মামলা করছেন, অভিযুক্ত ব্যক্তিদের আটক করা হচ্ছে। নির্বাচনের আগে এই প্রবণতা যে আরও বৃদ্ধি পাবে, এগুলো তারই লক্ষণ। আমাদের কাছে যেসব তথ্য আছে, তাতে দেখা যাচ্ছে যে ২১ ধারায় মামলা হয়েছে ১৮টি, অভিযুক্ত হয়েছেন ২৪২ জন এবং আটক হয়েছেন ১৯ জন। তাঁদের পেশাগত বিভাজন করলে দেখা যায়, সবচেয়ে বেশি অভিযুক্ত হয়েছেন রাজনীতিবিদেরা। এরপর যেসব পেশার লোক এতে অভিযুক্ত হচ্ছেন, তার মধ্যে আছেন আইনজীবীরা (১১ জন)। ২৮ ধারায় মামলা হয়েছে ৪৪টি, অভিযুক্ত হয়েছেন ১১৮ জন এবং আটক হয়েছেন ২৫ জন। তাঁদের পেশাগত বিভাজন করলে দেখা যায়, যে ৩৪ জনের পেশাগত পরিচয় পাওয়া গেছে, তাঁদের মধ্যে সবচেয়ে বেশি অভিযুক্ত হয়েছেন সাংবাদিক ও শিক্ষক, ৬টি করে মামলা হয়েছে; আটক হয়েছেন যথাক্রমে ২ ও ৩ জন। এরপর যেসব পেশার লোক এতে অভিযুক্ত এবং আটক হয়েছেন, তার মধ্যে রাজনীতিবিদ বেশি। পরিসংখ্যান বিশ্লেষণ করলে দেখা যায়, অভিযুক্ত ব্যক্তিদের ২১ দশমিক ১৯ শতাংশ আটক হন।

> **সরকার ও ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা প্রতিপক্ষের বিরুদ্ধে প্রায় প্রতিদিনই দেশের কোথাও না কোথাও মামলা করছেন, অভিযুক্ত ব্যক্তিদের আটক করা হচ্ছে। নির্বাচনের আগে এই প্রবণতা যে আরও বৃদ্ধি পাবে, এগুলো তারই লক্ষণ। জাতিসংঘের এই সুপারিশ এবং গত ৩১ মার্চ জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক আইনটি অবিলম্বে স্থগিত করার আহ্বান জানালেও গত রোববার আইনমন্ত্রী আনিসুল হক সাংবাদিকদের বলেছেন, আইনটি কোনোমতেই বাতিল করা যায় না।**

ওএইচসিএইচআর সে সব ধারা সংশোধনের কথা বলেছে (৮, ২৫, ২৭, ২৯,৩১, ৩২), সেগুলোর ব্যবহারের মাত্রাও আশঙ্কাজনক। যেমন ২৫ ধারা। আমাদের গবেষণায় সংগৃহীত তথ্যে দেখা যাচ্ছে, এতে মামলা হয়েছে ২১২টি, অভিযুক্ত হয়েছেন ৬৮৮ জন এবং আটক হয়েছেন ১৪১ জন।

একই ধরনের প্রবণতা আছে ২৯ ধারা প্রয়োগের ক্ষেত্রেও। ২৯ ধারায় মামলা হয়েছে ২১১টি এবং তাতে অভিযুক্ত হয়েছেন ৬৭৭ জন। এই ধারায় বলা হয়েছে, 'যদি কোনো ব্যক্তি ওয়েবসাইট বা অন্য কোনো ইলেকট্রনিক বিন্যাসে দন্ডবিধির ৪৯৯ ধারায় বর্ণিত মানহানিকর তথ্য প্রকাশ ও প্রচার করেন, তজ্জন্য তিনি অনধিক ৩ বছর পর্যন্ত কারাদন্ড বা অনধিক ৫ লাখ টাকা পর্যন্ত কারাদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবেন।' যদিও মানহানির জন্য দন্ডবিধির ৫০০ থেকে ৫০১ ধারায় বিচারের ব্যবস্থা আছে। প্রত্যেক ধারায় সর্বোচ্চ শাস্তি দুই বছরের কারাদন্ড এবং সঙ্গে অর্থদন্ডের বিধানও রয়েছে।

কিন্তু দেখা গেছে, ২০১৮ সালে ডিজিটাল নিরাপত্তা আইন চালু হওয়ার পর এ আইনেই মামলা করা হচ্ছে। ডিজিটাল নিরাপত্তা আইনে করা মামলার ক্ষেত্রে পুলিশের পক্ষ থেকে যে ধরনের তৎপরতা লক্ষ করা যায়, তা-ই এ ধারায় মামলা করায় উৎসাহী করে। তারপরও এটাও স্মরণ করা দরকার, ডিজিটাল নিরাপত্তা আইনের অধিকাংশ ধারা জামিন-অযোগ্য বলে এ আইনের মামলায় আটক ব্যক্তিরা বিচারের আগেই দীর্ঘদিন কারাগারে থাকতে বাধ্য হন।

আমাদের গবেষণায় আমরা এটাও দেখেছি, আইনের যে সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন দেওয়ার কথা, সেই সময়ে প্রতিবেদন না দেওয়ার কারণে এ কারাভোগের সময় হয়ে ওঠে দীর্ঘ ও অনিশ্চিত। এগুলো প্রতিপক্ষকে, বিশেষত রাজনৈতিক প্রতিপক্ষকে, হেনস্তা করার এক বড় হাতিয়ার হয়ে উঠেছে।

জাতিসংঘের পক্ষ থেকে এই সুপারিশমালা পাঠানো হয়েছে গত বছরের জুন মাসে, কিন্তু সরকার সেগুলো ধর্তব্যে নিচ্ছে–এমন কোনো লক্ষণ নেই। উপরন্তু ইদানীং এ আইনে মামলার সংখ্যা বাড়ছেই। সাম্প্রতিক কালে প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান এবং সাংবাদিক শামসুজ্জামান সামসের বিরুদ্ধে এই আইনে মামলার পর এ নিয়ে দেশে-বিদেশে নিন্দার ঝড় ওঠে। এ দুই মামলার তাৎপর্য ও গুরুত্ব বিশাল হলেও একার্থে এগুলো ব্যতিক্রম নয়।

সরকার ও ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা প্রতিপক্ষের বিরুদ্ধে প্রায় প্রতিদিনই দেশের কোথাও না কোথাও মামলা করছেন, অভিযুক্ত ব্যক্তিদের আটক করা হচ্ছে। নির্বাচনের আগে এই প্রবণতা যে আরও বৃদ্ধি পাবে, এগুলো তারই লক্ষণ। জাতিসংঘের এই সুপারিশ এবং গত ৩১ মার্চ জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক আইনটি অবিলম্বে স্থগিত করার আহ্বান জানালেও গত রোববার আইনমন্ত্রী আনিসুল হক সাংবাদিকদের বলেছেন, আইনটি কোনোমতেই বাতিল করা যায় না।

গবেষণায় পাওয়া তথ্য, নাগরিক সমাজের প্রতিবাদ এবং জাতিসংঘের সুপারিশের পরও এ আইন বহাল রাখার ব্যাপারে সরকারের অনমনীয় অবস্থান আগামী দিনগুলোয় এ আইনের আরও ব্যাপক ব্যবহারেরই ইঙ্গিত দিচ্ছে।

লেখক: যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির রাজনীতি ও সরকার বিভাগের ডিস্টিংগুইশড প্রফেসর, আটলান্টিক কাউন্সিলের অনাবাসিক সিনিয়র ফেলো এবং সুইডেনের গথেনবার্গ বিশ্ববিদ্যালয়ের ভ্যারাইটিজ অব ডেমোক্রেসি ইনস্টিটিউটের ভিজিটিং রিসার্চার



সরি মানে তোমাকে ধন্যবাদ

॥ মোহাম্মদ সোহরাব আলী ॥

কেন আমরা নিজেদের মায়ের ভাষা বাংলার প্রতি এত উদাসীন, বিশেষ করে প্রবাসে আমাদের অনেকেরই ছেলেমেয়েরা বাংলাতে ভাল করে কথাবাতা বলতে পারে না, আবার দু একটা যা বলে সেটা যদি হয় উল্টো তাহলে এই দু:খ আমরা কোথায় রাখি ? সেদিন দেখি একটা বাঙালি বাসার সামনে অনেক বাঙালি বাচ্চারা খেলাধুলা করছে ।ওরা কি সুন্দর করে আমেরিকানদের মত ইংরেজিতে চটচট করে কথা বলতেছে ।আমাদের দেখে একটা ছোট মেয়ে বলছে সে একটা ইংরেজির বাংলা মানে জানে সরি মানে তোমাকে ধন্যবাদ ।শুনে একটু হাসি পেল তারপরে দু:খ ও লাগল ।ওদের হয়ত বাংলাভাষা চচা করানো হয় না ।একবার আমরা পিকনিকে গিয়েছিলাম, বাচ্চারা মাঠে খেলাধুলা করছে । ওরা মাঠ থেকে হাত দিয়ে কিছু ঘাস ফড়িং ধরেছে । আমরা জিজ্ঞাসা করলাম তোমরা এগুলো কি ধরেছ? ওরা সবাই বলতে লাগল ওরা ফিল্ড থেকে মাছ ধরেছে, মাছগুলো অনেক সুন্দর এবং মাছ গুলো তারা বাসায় নিয়ে যাবে ।ওদের কথা শুনে আমাদের অনেক হাসি পেল ।আবার একবার আমরা একটা লেকে গেছি, সেখানে কিছু হাঁস সাঁতার কাটছে ।কিছু বাংলাদেশি বাচ্চারা ঐ হাঁসগুলো দেখে বলছে কত মাছ সাঁতার কাটছে । একদিন দেখি জ্যাকসন হাইডসে কয়েক টি বাচ্চা একটা খেলনার দোকানে খেলনা দেখছে । তারা খেলনা কিনবে এ জন্য কাঁন্নাকাটি করছে । কিন্তু খেলনা গুলি ছিল অনেক দামি । এক একটার দাম ষাট ডলার, বাচ্চার মায়েরা বলছে ষাট ডলার দামের খেলনা কেনা যাবে না । বাচ্চারা ষাট মানে কত বুঝতে পারছে না, তারা জিজ্ঞাসা করছে ষাট কে ইংরেজিতে বলতে ।বাচ্চারা ইংরেজি সহজে শিক্ষতে পারে কারন তারা কাটুন দেখে ইংরেজিতে , আবার স্কুলে ইংরেজিতেই পড়ালেখা করে । তারা তাদের বন্ধুদের সাথে ইংরেজিতে কথা বলে । কিন্তু অনেক বাবা মা তাদের সাথে বাংলায় কথা না বলে ইংরেজিতে কথা বলে । আমাদের প্রশ্ন হলো কেন বাবা মায়েরা বাচ্চাদের বাংলাভাষা শিক্ষাতে এত অনীহা ।

আবার কত কবিতা শুনি আমার ছেলের বাংলাটা ঠিক আসে না । এখানে তো কবি লেখতে পারতেন আমার ছেলের ইংরেজি ঠিক আসে না কারন সেটা আমাদের মাতৃ ভাষা নয় ।তাই বলে আমাদের বাচ্চারা ইংরেজি শিখবে না এ কথা কিন্তু বলা হচ্ছে না, বলা হচ্ছে আমরা যখন তাদের সাথে কথা বলি কেন বাংলাতে বলি না? কেন আমাদের সংস্কৃতির প্রতি তাদের জানার কৌতুহল বৃদ্ধি করি না? আমরা অন্যান্য জাতিদের মধ্যে দেখি তারা তাদের মাতৃভাষায় কথা বলে এবং অনেকে আছে মাতৃ ভাষা ছাড়া অন্যান্য ভাষায় তেমন কথা বলতে পারে না । যেমন আমরা নিউইয়কে দেখি অনেকে কেবল স্প্যানিস ভাষায় কথা বলতে পারে কিন্তু ইংরেজিতে কথা বলতে পারে না ।যদি বলা হয় ডু ইউ স্পিক ইংলিশ ? বলে আবলা ইসপানিলি ও । মানে স্প্যানিশে কথা বলতে পারে । আবার কেউ কেউ আছে বাচ্চাদের অনর্গল বাংলা বলতে শিক্ষায় । তারা বাসায় বাংলা বলে । তারা নান-াভাবে বাংলা শিক্ষাতে উদ্বুদ্ধ করে । তারা বিভিন্ন বাঙালি অনুষ্ঠানে বাচ্চাদের নিয়ে যায় । বাচ্চারা বাংলাভাষার পাশাপাশি বাঙালি সংস্কৃতির সাথে বিভিন্ন ভাবে পরিচিত হয় । কিভাবে বড়দের সম্মান করতে হয় ও ছোটদের স্নেহ করতে হয় তা শিক্ষা লাভ করে ।বিদেশে ও এখন অমর একুশে ফেব্রুয়ারী পালন করা হয় । কেন একুশে ফেব্রুয়ারি এত গুরুত্ব পুন ? এদিনে কি ঘটেছিল , কেন ঘটেছিল তা তাদের কে জানানো হয় ।

আবার বিদেশের বিভিন্ন বাঙালি পত্রিকা যেমন ঠিকানা, বাঙালি , আমার দেশ , বাংলাদেশ প্রতিদিন , প্রথম আলো আরো অনেক বাঙালি পত্রিকা আমাদের বাংলাভাষার চচার

ক্ষেত্রে এক বলিষ্ঠ ভূমিকা পালন করেছে । প্রত্যেক সপ্তাহে কত বাঙালি পত্রিকা যে বের হয় এই প্রবাসে ।এই বাঙালি পত্রিকা ও আমাদের বাচ্চাদের বাংলা শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি করে । আর এই বাঙালি পত্রিকা গুলোর জন্য বিদেশে অনেকে কবি সাহিত্যিক ও হতে পেরেছে ।বাঙালি অধুষ্যিত এলাকা গুলো যেমন জ্যামাইকা, জ্যাকসন হাইডস , ওজনপার্ক, পাকচেষটার এসব এলাকা মাঝে মাঝে বিভিন্ন অনুষ্ঠান হয় যেখানে বাংলাভাষাতে কথা বলা হয় । এই অনুষ্ঠান গুলোতে আমাদের বাচ্চারা গেলে তারা যেমন বাংলাভাষা শিক্ষতে পারে তেমনি বাংলা সংস্কৃতির বিভিন্ন বিষয় সমপকে জ্ঞান অজন করতে পারে ।নিউইয়কে বাংলাদেশ কমিউনিটিতে আছে । এ বাংলাদেশ কমিনিটির নির্বাচনে সময় অনেক সময় নেতারা বিভিন্ন প্রচার ও প্রচারনা করে । তাদের গঠনমূলক বক্তব্য শুনে বাচ্চারা অনেক বিষয় সমপকে অবগত হতে পারে । অনেক মসজিদ আছে যেখানে বাঙালি বাচ্চারা এসে নামাজ কালাম, ইসলামী জ্ঞান, নীতি নৈতিকতা, পবিএ কোরআন পাঠ বিভিন্ন বিষয় শিক্ষা লাভ করতে পারে । বিদেশের মাটিতে আমাদের কৃষ্টি কালসার ধরে রাখতে হলে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে । সেই প্রতিষ্ঠান গুলোতে আমাদের সংস্কৃতির বিভিন্ন দিক তুলে ধরতে হবে এবং আমাদের ভাষায় লিখিত বিভিন্ন বইগুলো তাদের পড়তে উদ্বুদ্ধ করতে হবে । অবশ্য বিদেশে বিভিন্ন শিল্প কলা একাডেমী প্রতিষঠান আছে । এরা বাংলায় সংস্কৃতির বিভিন্ন দিক নিউ জেনারেশনের মধ্যে তুলে ধরে । আমাদের একবার সৌভাগ্য হয়েছিল জ্যাকসন হাইডসে জুইস সেন্টারে শিল্প কলা একাডেমির ইউ, এস ইনক এর একটা অনুষ্ঠানে অংশগ্রহন করার ।সেখানে আমরা নিউ জেনারেসনদের মুখে বাংলা ভাষা কথা বলা, বাংলায় ভাষায় গান, অভিনয়, নাচ বাংলা সংস্কৃতির বিভিন্ন দিক দেখে মন আনান্দে ভরে গিয়েছিল ।একটা জাতি যদি তার ইতিহাস না জানে তারা বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে পারে না ।আমাদের নিউ জেনারেসনদের মধ্যে আমাদের দেশের ইতিহাস তুলে ধরতে হবে । আমাদের কালসারের বিভিন্ন দিক তুলে ধরতে হবে ।

আমরা আমাদের পরিবার কে ভালবাসি, আমাদের বাবা মাকে ভালবাসি, একে অপরের প্রতি ভালবাসা, সুখে দু:খে এগিয়ে আসা, বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহন করা এগুলো তুলে ধরতে হবে । আমাদের বাচ্চারা কোথায় যায়, কার সাথে মিশে ,কি করে

এদিকে অবশ্যই নজর রাখতে হবে । কোন এক প্রবাসী বাবার একটা অনুরোধের কথা মনে পড়ে । সেই বাবার একটাই ছেলে খারাপ ছেলেদের সাথে মিশেছিল । তিনি ব্যাপারটা তেমনি আমলে নেননি । ফাইনালি ছেলেটি যেদিন মারা গেল সেদিন সে সবার উদ্দেশ্য বলল সে যে ভুলটা করেছে তার ছেলের খোঁজ খবর না নিয়ে এমন ভুল যেন দ্বিতীয় আর কেউ করে না ।আমাদের যার যার ধম তার তার ছেলে মেয়েদের শিক্ষা দিতে হবে । একটা বাবা মরে যাওয়ার পর তার ছেলেকে বলা হল বাবার জন্য দোয়া দরুদ পড়তে ,ঐ ছেলেটি বলল কিভাবে এটা করতে হয় আমি জানি না । আমার বাবা বেঁচে থাকতে আমাকে শিক্ষা দেয়নি । সেদিন একটা বাপের একটা আকুতি শুনলাম তার ছেলে আর তার কথা শুনে না অথচ কত কষ্ট করে ছেলেটাকে বড় করেছেন । অনেক কষ্ট হয় বিদেশি বাবা মায়ের জন্য । তারা কত কষ্ট করেন । অনেক পরিবারে বাবা মা দুজনই চাকরি করেন তাদের ছেলে মেয়েদের ভাল ভবিষ্যতের জন্য ।আর সেই ছেলে মেয়ে যদি বাবা মায়ের কথা না শুনে তারা কত কষ্ট পায় । আমরা উন্নত ভবিষ্যতের জন্য সাত নদী তের বিল পারি দিয়ে প্রবাস নামক জেলখানায় পড়ে আছি । আর আমাদের বংশধরেরা যদি সুশিক্ষায় শিক্ষিত না হয়, ভাল পথে যদি না চলে, ভাল কিছু যদি না করে, আমাদের সংস্কৃতি যদি না জানে তাহলে এই দু:খ আমরা কোথায় রাখি । আমরা দার্শনিক জনলকের কথা জানি তিনি বাচ্চাদের ব্রেন কে টেবুলিয়া রাসা বা অলিখিত কাগজ বলেছেন । তিনি বলেছেন তারা কাঁদা মাটির মত । যে রুপ দেওয়া যায় সেই রুপ ধারন করবে । এই জন্য ছোটবেলা থেকে বাচ্চাদের প্রতি বেশি বেশি লক্ষ্য রাখতে হবে ।তাদের সঠিক পথ দেখিয়ে মানুষের মত মানুষ করে গড়ে তুলতে হবে । আমরা যদি সামগ্রিক ভাবে চেষ্টা করি আবশ্যই আমাদের বাচ্চারা ভাল মানুষ হবে ।

ক্ষেত্রে এক বলিষ্ঠ ভূমিকা পালন করেছে। প্রত্যেক সপ্তাহে কত বাঙালি পত্রিকা যে বের হয় এই প্রবাসে ।এই বাঙালি পত্রিকা ও আমাদের বাচ্চাদের বাংলা শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি করে। আর এই বাঙালি পত্রিকা গুলোর জন্য বিদেশে অনেকে কবি সাহিত্যিক ও হতে পেরেছে ।বাঙালি অধুষ্যিত এলাকা গুলো যেমন জ্যামাইকা, জ্যাকসন হাইডস , ওজনপার্ক, পাকচেষটার এসব এলাকা মাঝে মাঝে বিভিন্ন অনুষ্ঠান হয় যেখানে বাংলাভাষাতে কথা বলা হয়।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
মাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের ভিসা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

শিক্ষা নিয়ে আরও ভাবতে হবে

॥ ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী ॥

শিক্ষার মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষার মাধ্যমে প্রকৃত মেধাবীদের বের করে আনা। সেটা ঠিক কতটা আমরা পারছি, তার কোনো গবেষণা বা সার্ভে নেই। শিক্ষাদানের মাধ্যমে না পারছি জ্ঞানের পরিধি বাড়াতে, না পারছি নতুন জ্ঞান সৃষ্টির সক্ষমতা শিক্ষার্থীদের মধ্যে গড়ে তুলতে। শিক্ষায় আনন্দ তখনই সম্পৃক্ত হয়, যখন শিক্ষার মাধ্যমে অর্জিত জ্ঞানকে বাস্তবক্ষেত্রে প্রয়োগ করা যায়। সেক্ষেত্রে সফলতার চেয়ে বিফলতা বেশি। আমাদের শিক্ষাব্যবস্থায় সৃষ্টিশীলতার চেয়ে মুখস্থবিদ্যাকে প্রাধান্য দেওয়াতেই এমনটা ঘটেছে-যেটি স্বয়ং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর মেনে নিতে পারেননি। তিনি তার শিক্ষা দর্শন থেকে বলেছেন, 'ইস্কুল বলিতে আমরা যাহা বুঝি সে একটা শিক্ষা দিবার কল। মাস্টার এ কারখানার একটা অংশ। সাড়ে দশটার সময় ঘণ্টা বাজাইয়া কারখানা খোলে। কল চলিতে আরম্ভ হয়, মাস্টারেরও মুখ চলিতে থাকে। চারটের সময় কারখানা বন্ধ হয়, মাস্টার-কলও তখন মুখ বন্ধ করেন, ছাত্ররা দুই-চার পাত কলে ছাঁটা বিদ্যা লইয়া বাড়ি ফেরে। তার পর পরীক্ষার সময় এ বিদ্যার যাচাই হইয়া তাহার ওপরে মার্কা পড়িয়া যায়।' তিনি আরও বলেছেন, 'দশটা হইতে চারটে পর্যন্ত যাহা মুখস্থ করি, জীবনের সঙ্গে, চারিদিকের মানুষের সঙ্গে, ঘরের সঙ্গে তাহার মিল দেখিতে পাই না। এমন অবস্থায় বিদ্যালয় একটা এঞ্জিন মাত্র হইয়া থাকে; তাহা বস্তু জোগায়, প্রাণ জোগায় না।'

এ কথাগুলো এখনো পর্যন্ত প্রাসঙ্গিক, যদিও শিক্ষাকে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে পরিবর্তিত করে এখনো সেটাকে পরীক্ষা-নিরীক্ষার পর্যায়েই রেখে দেওয়া হয়েছে। মেধাবী আর ভালো ছাত্র যে এক নয়, এ বিষয়টি এখনো আমাদের কাছে কনফিউশন হিসাবে থেকে গেছে। আমাদের গতানুগতিক পরীক্ষায় বেশি নম্বর পেলে সেটাকে আমরা মেধা হিসাবে বিবেচনা করছি; অথচ সেখানে মুখস্থবিদ্যার চেয়ে জ্ঞান থেকে অর্জিত চিন্তার প্রতিফলন বেশি ঘটছে কি না, তা ভেবে দেখছি না। এ একটি কারণেই প্রকৃত মেধাবী শিক্ষার্থীরা খারাপ ছাত্র ও মুখস্থবিদ্যায় পারদর্শী ছাত্ররা ভালো ছাত্র হিসাবে বিবেচিত হচ্ছে। যদিও এর ব্যতিক্রম আছে, তবে ব্যতিক্রম কখনো উদাহরণ হতে পারে না। একজন শিক্ষার্থী পরীক্ষায় খারাপ ফলাফল করলে বা ফেল করলে সামাজিকভাবে তার ওপর একধরনের মনস্তাত্ত্বিক চাপ বাড়ছে। অথচ তার এ ফলাফলের কারণ বিশ্লেষণ ও সেখান থেকে উত্তরণের মোটিভেশন ও দর্শন আমাদের শিক্ষায় অনুপস্থিত। এ নিয়ে শিক্ষা গবেষণারও অভাব রয়েছে। ঠিক কোন কারণটি এমন বিপর্যয় ডেকে এনেছে-সেটা কি মেধার ঘাটতি, সেটা কি মুখস্থবিদ্যায় পারদর্শী না হওয়া, সেটা কি শিক্ষাব্যবস্থার গলদ, সেটা কি পরিবেশ, পরিস্থিতি, না অন্য কোনো উপাদান; তার কোনো বিচার-বিশ্লেষণ নেই। আচার্য প্রফুল্ল চন্দ্র রায় শিক্ষক ছিলেন, বিশ্বখ্যাত বিজ্ঞানী ছিলেন, বিপ্লবীও ছিলেন। প্রথাগত শিক্ষার বাইরে জীবন থেকে তিনি যে বাস্তব শিক্ষা নিয়েছিলেন, সেগুলো তার মধ্যে যেমন সৃজনশীলতা তৈরি করেছিল, ঠিক তেমনি দেশপ্রেম ও ত্যাগের মানসিকতা গড়েছিল। কেশব চন্দ্র সেন প্রতিষ্ঠিত আলবার্ট স্কুল থেকে ১৮৭৮ সালে তিনি প্রথম বিভাগে প্রবেশিকা পরীক্ষায় পাশ করলেও বৃত্তি না পাওয়ার তার শিক্ষকরা হতাশ হলেও তিনি মনে করতেন, পরীক্ষার নম্বরই মানুষের জীবনের শেষ কথা নয়। যারা পরীক্ষায় ভালো করেছে, তারা অনেকেই পরবর্তী জীবনে লোকচক্ষুর আড়ালে চলে গেছে। জীবনের ক্ষেত্রে সাফল্যের জন্য স্থির লক্ষ্য ও সুষ্ঠুভাবে অধ্যাবসায়ের সঙ্গে শিক্ষালাভ অনেক বেশি ফলপ্রদ।

শিক্ষাকে গবেষণানির্ভর ও বহুমাত্রিক করা দরকার। শিক্ষাকে গবেষণামুখী করতে হলে বর্তমান সময়ে বিশ্বে প্রযুক্তির যে বিষয়গুলোতে এখনো পর্যন্ত চ্যালেঞ্জ বা সীমাবদ্ধতা রয়ে গেছে, সেগুলোকে কেস স্টাডি হিসাবে শিক্ষার্থীদের সামনে তুলে ধরতে হবে। শিক্ষার্থীদের জানাতে হবে এগুলোর চ্যালেঞ্জ মোকাবিলা করলে ভবিষ্যৎ বিজ্ঞানকে এগিয়ে নিতে কোন কোন ধরনের সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। এ ধরনের গবেষণামুখী শিক্ষা শিক্ষার্থীদের নিজেদের চিন্তাকে কাজে লাগাতে আগ্রহী করে তুলবে। আবার এ চ্যালেঞ্জগুলো সমাধানের জন্য সবাই যে একইভাবে চিন্তা করবে তা নয়, চিন্তাধারায় ভিন্নতা থাকবে এবং শিক্ষা সেক্ষেত্রে চিন্তার বৈচিত্র্য সৃষ্টিতে সক্ষম হয়ে উঠবে। আগের দিনের মানুষের মধ্যে বহুমাত্রিক চিন্তাধারা গড়ে উঠেছিল। সময় যত গড়িয়েছে বহুমাত্রিকতার চর্চা ততই কমেছে। লিওনার্দো দ্য ভিঞ্চি, পাবলো পিকাসো, সক্রেটিস, অ্যারিস্টটল, প্লেটোর মতো মানুষ সব ধরনের জ্ঞানের চর্চা করেছেন, যদিও সেসময় প্রথাগত শিক্ষা বলতে কিছুই ছিল না। তারপরও কীভাবে তারা বহুমাত্রিকতার চর্চা করে গেছেন, সেই কৌশল ও পরিকল্পনাগুলো শিক্ষাক্ষেত্রে প্রয়োগ করতে হবে।

সারা পৃথিবীর সঙ্গে প্রতিযোগিতা করতে পারে, তেমন শিক্ষা ব্যবস্থাই গড়ে তোলা দরকার। তবে অন্ধ অনুকরণ করা নয়; নিজেদের ইতিহাস, ঐতিহ্য, সাহিত্য, সংস্কৃতি ও আবহমানধারাকে বজায় রেখে সর্বোত্তম ও আধুনিক শিক্ষা কাঠামো গড়ে তোলার মাধ্যমেই শিক্ষার লক্ষ্য অর্জনে এগিয়ে যেতে হবে। শিক্ষার সঙ্গে সাহিত্য-সংস্কৃতি চর্চার মেলবন্ধন ঘটাতে পারলে কল্পনাশক্তি তৈরি হয়, যা চিন্তাশক্তি তৈরি করে শিক্ষার্থীদের মেধা চর্চা ও বিকাশে ভূমিকা রাখতে পারে। শিক্ষাকে ক্ষমতাকেন্দ্রিক চিন্তা থেকে বের করে এনে জ্ঞানকেন্দ্রিক ধারণা দ্বারা প্রভাবিত করতে হবে। মনে রাখতে হবে, ক্ষমতার মৃত্যু ঘটলেও জ্ঞানের মৃত্যু নেই।

পরীক্ষায় পাশ করা আর শিক্ষিত হওয়া যে এক নয়, তা নিয়েও এখন আমাদের ভাবতে হচ্ছে। অনেকে বলছেন, মানুষ যত শিক্ষিত হচ্ছে, তত মানবিক গুণাবলি হারাচ্ছে। অথচ বিষয়টি বিপরীতভাবে ঘটার কথা ছিল। প্রযুক্তির অগ্রগতির সঙ্গে সঙ্গে মানবিক প্রগতির বিষয়টিকে শিক্ষার মাধ্যমে নিশ্চিত করা দরকার। আমাদের দেশের কৃষক, শ্রমিক, মজুর, খেটে খাওয়া মানুষের তেমন উল্লেখ করার মতো কোনো প্রথাগত শিক্ষা না থাকলেও মানবিক গুণাবলি ও মানবিক প্রগতিতে বেশির ভাগ ক্ষেত্রে তারা অতি শিক্ষিত মানুষের চেয়ে এগিয়ে আছেন। রাষ্ট্রের উন্নয়নে তাদের অবদান, আত্মত্যাগ ও দেশপ্রেম অতি শিক্ষিত মানুষদেরও হার মানিয়েছে। চতুর্থ শিল্পবিপ্লব এ জায়গাটিতেই আমাদের চ্যালেঞ্জের মুখোমুখি করছে। চতুর্থ শিল্পবিপ্লবের কারণে প্রযুক্তির পরিবর্তন এত দ্রুত ঘটছে যে, প্রযুক্তির ক্রমাগত উন্নয়নের সঙ্গে খাপ খাইয়ে নিতে গিয়ে মানবিক গুণাবলি ও মানবিক প্রগতির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো অগোচরে থেকে যাচ্ছে। চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে মানবিক ধারণাকে সম্পৃক্ত করতে হবে। তা না হলে চতুর্থ শিল্পবিপ্লবের উদ্দেশ্য সফল হবে না। মানুষের জন্য যদি চতুর্থ শিল্পবিপ্লব হয়, তবে মানুষকে বাদ দিয়ে শিল্পবিপ্লবের উৎকর্ষ ঘটানো সম্ভব নয়। অনেকে অনুমান করছেন, চতুর্থ শিল্পবিপ্লবের কারণে অটোমেশন মানুষের জায়গাগুলো দখল করে নেবে, তখন বেকারত্বের মতো সমস্যাগুলো তৈরি হবে। আবার এর বিপরীতে অনেকেই বলছেন, চতুর্থ শিল্পবিপ্লবের প্রভাবে যে নতুন নতুন সম্ভাবনা গড়ে উঠবে, তা আরও বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে। এ ধরনের বিষয়গুলো শিক্ষার ওপর কেমন প্রভাব ফেলবে, তা আগে থেকেই ভেবে রাখতে হবে।

শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্কের বিষয়টিও গুরুত্বপূর্ণ। সবাই শিক্ষক হতে পারেন না, কেউ কেউ মহান শিক্ষক হন। আমাদের শিক্ষায় শিক্ষার্থীদের কথা মন দিয়ে শোনার মতো কেউ নেই। শিক্ষার্থীদের ভেতরে জন্ম নেওয়া অনেক প্রশ্নের উত্তর অজানা থেকে যায়। শিক্ষাব্যবস্থার সঙ্গে শিক্ষার্থীরা নিজেদের কতটা খাপ খাইয়ে নিতে পারছে, শিক্ষা তাদের জন্য কতটা উপযোগী হচ্ছে, শিক্ষা তাদের মধ্যে চিন্তাশক্তি গড়ে তুলতে পারছে কি না, শিক্ষাকে তারা আনন্দের উৎস হিসাবে গ্রহণ করতে পারছে কি না, শিক্ষার মাধ্যমে তাদের মানবিক উন্নয়ন ঘটছে কিনা-এসব নিয়ে কোনো গবেষণা নেই, বিচার-বিশ্লেষণ ও পর্যালোচনা নেই। শিক্ষায় ফিডব্যাক সিস্টেম যে অতিগুরুত্বপূর্ণ উপাদান হতে পারে, সে সংক্রান্ত কোনো বাস্তব উপাদান নেই।

আগের উদ্দেশ্যভিত্তিক শিক্ষা থেকে বেরিয়ে এসে আমরা যোগ্যতাভিত্তিক শিক্ষায় প্রবেশ করার চেষ্টা করছি। এ ধরনের শিক্ষায় পরীক্ষার চেয়ে ধারাবাহিক মূল্যায়নের ওপর গুরুত্ব প্রদান করা হয়েছে। বইয়ের চাপ কমিয়ে শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা, সততা ও নৈতিকতার সমন্বিত প্রভাবের কথা বলা হচ্ছে। তবে ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে স্বচ্ছতা কতটুকু বজায় রাখা যাবে, সেটা একটা চ্যালেঞ্জ। দক্ষতা অর্জনের ক্ষেত্রে কোন ধরনের উপাদানগুলো কার্যকর ভূমিকা রাখবে ও সেগুলোকে সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে সমানভাবে প্রদান করা যাবে কিনা, সেটিও একধরনের চ্যালেঞ্জ। শিক্ষকদের নতুন শিক্ষাব্যবস্থায় অভ্যস্ত করতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে; কিন্তু সেটি তারা কতটা কার্যকরভাবে ব্যবহার করতে পারবেন, তাও এখনো পর্যন্ত নিশ্চিত নয়। স্মরণ রাখতে হবে, এর আগে সৃজনশীল শিক্ষাব্যবস্থা শিক্ষার্থীদের বিকাশে তেমন ভূমিকা রাখতে পারেনি; বরং অনেক ক্ষেত্রে প্রশ্নবিদ্ধ হয়েছে। এর কারণ হলো, সৃজনশীলতার প্রকৃত অর্থ না বুঝে এটি শিক্ষাক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। পাঠ্যবই পূর্ণাঙ্গ হওয়া দরকার-পাঠ্যবই পড়েই যাতে শিক্ষার্থীরা তাদের জ্ঞান অর্জন করতে পারে। পাঠ্যবইয়ের সঙ্গে সহায়ক বই যুক্ত করে দেওয়ায় শিক্ষা বাণিজ্যিক রূপ ধারণ করলেও শিক্ষার মূল উদ্দেশ্য সফল হচ্ছে না। বরং সহায়ক বইগুলো শিক্ষার্থীদের মনের ওপর বাড়তি চাপ সৃষ্টি করে শিক্ষার প্রতি অনাগ্রহ তৈরি করছে। এসব প্রতিকূলতা থেকে বেরিয়ে এসে শিক্ষার নতুন ধারণা শিক্ষার্থীদের প্রকৃত মানুষ গঠনে সহায়ক ভূমিকা পালন করবে বলে সবার বিশ্বাস। বারবার শিক্ষার পরিবর্তন ঘটিয়ে শিক্ষার্থীদের গিনিপিগ বানানোর ভয়ংকর খেলা থেকে সবাইকে বেরিয়ে আসতে হবে; তবেই শিক্ষার লক্ষ্য অর্জিত হবে।

লেখক: অধ্যাপক, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
Complete Physical & Follow up
DMV/TLC, School Physical
Flu Shots, Hajj & Umrah Vaccine
Blood, Urine Test, EKG
Immigration Physical
Podiatric Surgery
COVID Test & COVID Vaccine
All Types of Vaccine
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নাগরিকত্ব লাভের জন্য পরীক্ষায় প্রশ্ন ও তার উত্তরঃ

গত সংখ্যায় নাগরিকত্ব লাভের পরীক্ষায় প্রশ্ন ও তার কিছু উত্তর প্রকাশিত হয়েছিলো। এ সংখ্যায় আরো কিছু প্রশ্ন ও তার উত্তর প্রকাশ করা হোল। এ ব্যাপারে আরো জানতে ইউএসসিআইএস'র ওয়েব সাইট অনুসন্ধান করতে পারেন।

এপ্রিল ২০২৩ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) এপ্রিল ২০২৩ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। ২০২৩ এর এপ্রিল মাসের ফ্যামিলি ভিত্তিক ভিসা প্রাপ্যতা নিম্নে দেয়া হলো। ফাইনাল এ্যাকশনের অর্থ হচ্ছে ইউএসসিসআইএস/ ডিওএস আবেদনকারীদের আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দিতে পারে।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকারঃ

প্রথমঃ (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র ও কন্যাগণঃ ডিসেম্বর ১, ২০১৪।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, অবিবাহিত পুত্র ও কন্যাগণ;

এ. (এফ-২এ) স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তানরাঃ সেপ্টেম্বর ৮, ২০২০।

বি. (এফ-২বি) পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র ও কন্যাগণ (২১ বছর বা ততোর্ধ)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ এফ-৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র ও কর্নাগণঃ নভেম্বর ২২, ২০০৮।

চতুর্থঃ (এফ-৪) ইউএস সিটিজেনদের পুর্নবয়স্ক ভাই ও বোনেরাঃ মার্চ ২২, ২০০৭।

আরো বিস্তারিত এবং কর্মভিত্তিক অগ্রাধিকার বিষয়ে জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট ভিজিট করতে হবে।

ইউএসসিআইএস কন্ডিশনাল গ্রিনকার্ডের মেয়াদ ৪৮ মার্চ বৃদ্ধি করেছে।

ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিস (ইউএসসিআইএস) সম্প্রতি পার্মানেন্ট রেসিডেন্টদের কন্ডিশনাল গ্রিনকার্ডের মেয়াদ ৪৮ মাস বৃদ্ধি করার কথা ঘোষণা করেছে। বিবাহের ক্ষেত্রে যদি বিবাহ ২ বছরের কম হয় সেক্ষেত্রে কন্ডিশনাল গ্রিনকার্ড ইস্যু করা হয়। চাহিদা অনুযায়ী কন্ডিশনাল রেসিডেন্টকে গ্রিনকার্ডের মেয়ারদ শেষ হওয়ার আগে কন্ডিশনাল প্রত্যাহারের জন্য আই-৭৫১ ফরম পূরণ করতে হবে। আই-৭৫১ ফরম পূলণ করে আবেদন করার পর ইউএসসিসআইএস গ্রিনকার্ডের নির্ধারিত তারিখ থেকে ৪৮ মাস বৃদ্ধি করবে। ইউএসসিআইএস আই-৮২৯ ফরম পেন্ডিং থাকলে সেক্ষেত্রেও ৪৮ মাস মেয়ারদ বৃদ্ধি করবে।

এই সিদ্ধান্ত আই-৮২৯ আবেদনের ক্ষেত্রে ২০২৩ সালের ১১ জানুয়ারউ থেকে কার্যকর হগয়েছে। আই-৭৫১ ফরমের ক্ষেত্রে ২০২৩ এর ২৫ জানুয়ারি থেকে কার্যকর হয়েছে। ইউএসসিসআইএস আই-৮২৯ অথবা আই-৭৫১ আবেদনকারীদের পেন্ডিং আছে, তাদের হালনাগার প্রাপ্ত রশিদ ইস্যু করতে শুরু করেছে।

সিটিজেনশীপ লাভের পরীক্ষার প্রশ্ন ও উত্তরঃ

পূর্ববর্তী সংখ্যায় প্রকাশিত প্রশ্ন ও উত্তর পর্বের পর-

প্রশ্নঃ-৬৮ঃ কোন একটা বিষয়ের জন্য বিষয়ের জন্য বেঞ্জামিন ফ্রাঙ্কলিন বিখ্যাত ছিলেন?

উত্তরঃ ইউএস কূটনীতিক, সাংবিধানিক কনভেনশনে প্রবীনতম সদস্য, ইউএস এর প্রথম পোস্টমাস্টার জেনারেল, গুওর রিচার্ডডস এনানাক এ লেখক, প্রথম বিনামূল্যে লাইব্রেরী শুরু করেছিলেন।

প্রশ্ন-৬৯ঃ আমাদের রাষ্ট্রের জনক কে?

সঠিক উত্তরঃ জর্জ ওয়াশিংটন।

প্রশ্ন-৭০ঃ প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?

সঠিক উত্তরঃ জর্জ ওয়াশিংটন।

প্রশ্ন-৭১ঃ ১৮০৩ সালে ইউএসএ ফ্রান্স থেকে কোন অঞ্চলটি ক্রয় করে?

সঠিক উত্তরঃ লুইজিয়ানা অঞ্চল, লুইজিয়ানা।

প্রশ্ন-৭২ঃ ১৮০০ সালে ইউএসএ-তে হওয়া একটি নাম কি?

সঠিক উত্তরঃ ১৮১২'র যুদ্ধ, ম্যাক্সিকান আমেরিকান সিভিল ওয়ার, স্প্যানিশ আমেরিকান যুদ্ধ।

প্রশ্ন-৭৩ঃ উত্তর এবং দক্ষিণের মধ্যে ইউএসএর সংগঠিক যুদ্ধের নাম কি?

সঠিক উত্তরঃ সিভিল ওয়ার, স্টেটগুলির মধ্যে যুদ্ধ।

প্রশ্ন-৭৪ঃ একটি সমস্যার নাম কি- যার ফলে গৃহযুদধ শুরু হয়েছিল।

সঠিক উত্তরঃ ক্রতদাস প্রথা, অর্থনৈতিক কারণ, স্টেটগুলির অধিকার।

প্রশ্ন-৭৫ঃ আব্রাহাম লিংকনের একটি গুরুত্বপূর্ণ কাজ কি ছিলো?

সঠিক উত্তরঃ ক্রীতদাসদের মুক্ত করেছিলেন, ইউনিয়নটিকে সংরক্ষণ করেছিলেন গৃহযুদ্ধের সময়।



ইউএসএর নেতৃত্ব দিয়েছিলেন।

প্রশ্ন-৭৬ঃ এমানসিপেশন প্রোক্লেমেশন কী করেছিলো?

সঠিক উত্তরঃ ক্রীতদাসদের মুক্ত করেছিলো, কনফিডারেসিতে ক্রীতদাসদের মুক্ত করেছিলো, কনফেডারেসি রাজ্যগুলিতে ক্রীতদাসদের মুক্ত করেছিলো, বেশিরভাগ দক্ষিণের স্টেটগুলিতে ক্রীতদাসদের মুক্ত করেছিলো।

প্রশ্ন-৭৭ঃ সুসান বি. অ্যান্থনি কী করেছিলেন?

সঠিক উত্তরঃ মহিলাদের অধিকারের জন্য সংগ্রাম করেছিলেন, নাগরিক অধিকারের জন্য সংগ্রাম করেছিলেন।

প্রশ্ন-৭৮ঃ ১৯৮০ সালে হওয়া ইউএসএতে একটি যুদ্ধের নাম কি?

সঠিক উত্তরঃ প্রথম বিশ্বযুদ্ধ, দ্বিতীয় বিশ্ব যুদ্ধ, কোরিয়ান যুদ্ধ, ভিয়েতনাম যুদ্ধ, উপসাগরীয় যুদ্ধ।

প্রশ্ন-৭৯ঃ প্রথম বিশ্বযুদ্ধের সময় প্রেসিডেন্ট কে ছিলেন?

সঠিক উত্তরঃ উডরো উইলসমন।

প্রশ্ন-৮০ঃ গ্রেট ডিপ্রেশন এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রেসিডেন্ট কে ছিলেন?

সঠিক উত্তরঃ (ফ্রাঙ্কলিন) রুজভেল্ট।

প্রশ্ন-৮১ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইউএসএ কাদের সাথে যুদ্ধ করেছিলো।

সঠিক উত্তরঃ জাপান, জার্মানি এবং ইটালি।

প্রশ্ন-৮২ঃ আইজেনহওয়ার প্রেসিডেন্ট হওয়া আগে একজন জেনারেল ছিলেন। কোন যুদ্ধে তিনি অংশগ্রহণ করেন?

সটিক উত্তরঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধে।

প্রশ্ন-৮৩ঃ কোল্ড ওয়ারের সময় ইউএসএর সবচেয়ে বড় বিপদ কী ছলো?

সঠিক উত্তরঃ কমিউনিজম।

প্রশ্ন-৮৪ঃ কোন আন্দোলন জাতিগত বৈষম্য দূর করার চেষ্টা করেছিলো?

সঠিক উত্তরঃ সিভিল রাইটস।

প্রশ্ন-৮৫ঃ মার্টিন লুথার কিং জুনিয়র কী করেছিলেন?

সঠিক উত্তরঃ নাগরিক অধিকারের জন্য লড়েছিলেন, সব আমেরিকানদের সমতার জন্য কাজ করেছিলেন।

প্রশ্ন-৮৬ঃ ইউএসএতে সেপ্টেম্বর ১১, ২০০১ সালে কোন গুরুতর ঘটনা ঘটেছিলো?

সঠিক উত্তরঃ সন্ত্রাসবাদীরা ইউসে আক্রমণ করেছিলো।

প্রশ্ন-৮৭ঃ ইউএসএর একটি আমেরিকান ইন্ডিয়ান উপজাতির নাম কি?

সঠিক উত্তরঃ শেরোকি, নাভাহো, সিউ, টিটেওয়া, চোরুকাটও, পুয়েবলো, অ্যাপাচি, ইরোকি, ব্লাকফিট, সেমিনেলে, চিয়েন, আরাওয়াক, শাওনি, মোহগোং,হুরণ, ওনিডা, লাকোটা, ক্রোম, টেটন, হুপি, ইনুহট।

প্রশ্ন-৮৮ঃ ইউএসএ'র দুটি দীঘতম নদীর একটির নাম কী?

সটিক উত্তরঃ মিসোরি নদী, মিসিসিপি নদী।

প্রশ্ন-৮৯ঃ ইউসের পশ্চিম উপকূলে কোন মহাসাগর আছে?

সঠিক উত্তরঃ প্রশান্ত মহাসাগর।

প্রশ্ন-৯০ঃ ইউএসএর'র পূর্ব উপকূলে কোন মহাসাগর আছে?

সঠিক উত্তরঃ আটলান্টিক মহাসাগর।

প্রশ্ন-৯১ঃ ইউএসএর অধিনস্থ একটি অঞ্চলের নাম কি?

সঠিক উত্তরঃ পুয়োর্তো রিকো, ইউএস আইল্যান্ড, আমেরিকান সামোয়, নর্দার্ন ম্যারিয়ানা আইল্যান্ডস, গুয়াম।

প্রশ্ন-৯২ঃ কানাডার সীমান্তবর্তী একটি স্টেটের নাম কি?

সঠিক উত্তরঃ মেইন, নিউ হ্যাশপশায়ার, ভারমন্ট, নিউইয়র্ক, পেনসিলভেনিয়া, ওহায়ো, মিশিগান, নর্থ ডাকোটা, মন্টানা, আইডাহো, ওয়াশিংটন, আলাস্কা।

প্রশ্ন-৯৩ঃ মেক্সিকোর সীমান্তে অবস্থিত একটি স্টেটের নাম কি?

সঠিক উত্তরঃ ক্যালিফোর্নিয়া, আরিজোনা, নিউ মেক্সিকো, টেক্সাস।

প্রশ্ন-৯৪ঃ যুক্তরাষ্ট্রের রাজধানীর নাম কি?

সঠিক উত্তরঃ ওয়াশিংটন ডিসি।

প্রশ্ন-৯৫ঃ স্ট্যাচু অব লিবার্টি কোথায়?

সঠিক উত্তরঃ নিউইয়র্ক (হাবরার) লার্টি আইল্যান্ড হাডসন নদীর উপর।

প্রশ্ন-৯৬ঃ পতাকায় কেন ১৩টা স্টাইল আছে।

উত্তরঃ কারণ প্রাথমিকভাবে ১৩টি স্টেট ছিলো, স্ট্রাইপগুলি প্রাথমিক কলোনিগুলির প্রতিনিধিত্ব করে।

বিস্তারিত জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

দ্রব্যমূল্যের রাজনৈতিক অর্থনীতি

॥ এম এম আকাশ ॥

সাধারণভাবে সব দ্রব্যের দামই ক্রমাগত বেড়ে চলেছে। একেই আমরা নাম দিয়েছি মূল্যস্ফীতি। রাজনৈতিক অর্থনীতির দৃষ্টিতে এর আরেকটি অর্থ হচ্ছে 'জনগণের আয়' দ্রব্যের দামের তুলনায় অপর্যাপ্ত। তখন সেটা আর দ্রব্যমূল্যের সমস্যা বলে বিবেচিত হবে না; পরিণত হবে আয় বণ্টনের সমস্যায়। যেমন এ কথা অনায়াসে তখন বলা যাবে যে, 'বড়লোকদের' কিছু টাকা দরিদ্রদের হাতে চলে গেলে বড়লোকরা তখন পোলাও খেয়ে পেট খারাপ না করে ভাত খেয়ে আগের চেয়ে ভালোই থাকবেন। অন্যদিকে ওই টাকা পেয়ে দরিদ্ররা এখন যেমন একদম না খেয়ে আছেন, তখন আর না খেয়ে থাকবেন না। অন্তত ভাতটুকু খেয়ে বেঁচে থাকবেন।

সর্বজনীন এই সহজ সমাধান মোটেও সহজসাধ্য নয়। কারণ আয় বণ্টন ব্যবস্থা না বদলে দ্রব্যমূল্য সমস্যার এমন অভিনব সমাধান সম্ভব না। আয়বণ্টন আবার নির্ভর করে উৎপাদন পদ্ধতিতে কোন শ্রেণির কী ধরনের এবং কতটুকু আধিপত্য তার ওপর। এ জন্যই সমাজে সম্পদের মালিক বা দক্ষ লোকদের আয় বেশি হয়ে থাকে এবং তাঁরা নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি নিয়ে অত বেশি চিন্তিত থাকেন না। তাদের মোট আয়ের বেশি-রভাগ অংশ ব্যয়িত হয় নানা উচ্চতর সেবার জন্য অথবা পুঁজিদ্রব্য বা টেকসই ভোগ্যদ্রব্য ক্রয়ের জন্য। ফলে চালের দাম বাড়লে বড়লোকদের চিন্তা নেই, কিন্তু মার্সিডিজ গাড়ি বা টিভির দাম বাড়লে চিন্তা বেশি। তাই খাদ্যপণ্যের মূল্যবৃদ্ধির সাম্প্রতিক সমস্যাটি নিয়ে দেশের দরিদ্র জনগণই বেশি চিন্তিত এবং তাদের জন্য সমাধানই খুঁজে বের করতে হবে।

সরকার এ কথা জানে যে, খাদ্যমূল্য যদি বৃদ্ধি পায় তাহলে নিম্নআয়ের লোকেরা তৎক্ষণাৎ প্রকৃত আয় হ্রাসের সম্মুখীন হন। তখন বাধ্য হয়ে তাদের ভোগ কমাতে হয়। এই সহজ সত্যটি সানেম নামক গবেষণা সংস্থার সাম্প্রতিক জরিপ থেকে বেরিয়ে এসেছে। সানেমের মতে, সাম্প্রতিক দ্রব্যমূল্য বৃদ্ধি আসলে দরিদ্রদের আয়ের ওপর এক ধরনের 'নিষ্ঠুর কর' আরোপন। অর্থনীতিবিদ, বিশেষ করে প্রগতিশীল অর্থনীতিবিদরা সাধারণত বলে থাকেন, মুদ্রাস্ফীতি হচ্ছে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য নিষ্ঠুরতম 'কর'।

সানেমের তথ্য থেকে শুধু নয়, পরিসংখ্যান ব্যুরোর তথ্য থেকেই দেখা যায়, ফেব্রুয়ারী ২০২২ সালে পয়েন্ট টু পয়েন্ট (অর্থাৎ ২০২১ সালের ফেব্রুয়ারি থেকে ২০২২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত) মুদ্রাস্ফীতির হার ছিল মাত্র ৬ দশমিক ১৭ শতাংশ। অথচ ২০২৩ সালের ফেব্রুয়ারীতে এসে দেখা যাচ্ছে, এ হারটা হয়েছে ৮ দশমিক ৭৪ শতাংশ। সর্বশেষ হিসাবে দেখা যায়, তা দাঁড়িয়েছে ৯ শতাংশেরও ওপরে। সানেমের মতে, দরিদ্ররা যেহেতু মূলত নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্য বেশি ক্রয় করেন এবং সেই পণ্যগুলোর দাম যেহেতু তুলনামূলকভাবে বেশি বৃদ্ধি পেয়েছে, সে জন্য দরিদ্রদের জন্য কার্যকর মূল্যস্ফীতি হয়তো দুই অঙ্কের মাত্রায় উপনীত হয়ে গেছে।

এই সত্যের ভিত্তিতে সানেম ১ হাজার ৪৪৩টি দরিদ্র পরিবারের ওপর জরিপ চালিয়ে যে তথ্য পেয়েছে, তা এমন- ক) ছয় মাস আগের তুলনায় চালের ভোগ কমিয়েছে গড়ে ৩৭ শতাংশ দরিদ্র পরিবার। খ) ডালের ভোগ কমিয়েছে ৪৬ শতাংশ পরিবার। গ) মাংসের ভোগ কমিয়েছে ৯৬ শতাংশ পরিবার। ঘ) মাছের ভোগ কমিয়েছে ৮৮ শতাংশ পরিবার। ঙ) ডিমের ভোগ কমিয়েছে ৭৭ শতাংশ পরিবার। চ) তেলের ভোগ কমিয়েছে ৮১ শতাংশ পরিবার। চ) অন্যান্য পণ্যের ভোগ কমিয়েছে ৫৯ শতাংশ পরিবার।

মজার ব্যাপার, এই সহজ অবশ্যম্ভাবী তথ্যচিত্রটি সরকারের পছন্দ হয়নি। তারা 'ধান ভানতে শিবের গীত' গেয়েছে। সংবাদ সম্মেলন করে বলেছে যে সানেম বিদেশি অর্থে এসব 'ভ্রান্ত' গবেষণা ও জরিপ চালিয়ে যাচ্ছে। আমি যতদূর জানি, সানেম পরিচালক ড. সেলিম রায়হানের কাছেও শুনেছি, সংস্থাটি সরকারের হয়েও অতীতে অনেক গবেষণা ও নীতি-পরামর্শ প্রণয়ন করেছে। অনেক সময় সরকার তা সাদরে গ্রহণও করেছে। নির্বাচনের বছরে এসে অপ্রিয় সত্য সরকারের চক্ষুশূলে পরিণত হয়েছে?

আসলে সরকারের উচিত লুটেরা ব্যবসায়ী-সিন্ডিকেটের পূজা না করে অবাধ ভর্তুকিহীন নয়া উদারনৈতিক বাজার দর্শনের অনুসারী না হয়ে দরিদ্রদের সুরক্ষার জন্য তাদের দ্রুত ক্ষুধা থেকে মুক্তি দিয়ে তাদের জন্য খাদ্যপণ্যের দাম কমিয়ে আনা। দরিদ্রদের পাবলিক ফুড ডিস্ট্রিবিউশন সিস্টেম (পিএফডিএস)-এর আওতাভুক্ত করে তাদের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করা। সেটিই হবে প্রকৃত মুক্তিযুদ্ধের চেতনা। তা না হলে রাজনৈতিক স্বাধীনতা অর্জিত হলেও এটি ক্ষুধা-মুক্তিতে পরিণত হতে পারবে না। রাজনৈতিক গণতন্ত্রও অর্থনৈতিক গণতন্ত্রে পরিণত হবে না।

সানেম প্রকাশিত জরিপ প্রতিবেদনটির ইংরেজি শিরোনামের বাংলা অর্থ হতে পারে এমন 'বাংলাদেশের দরিদ্রতর পরিবারের জীবিকার ওপর মূল্যস্ফীতির প্রভাব: সানেম পরিচালিত দেশব্যাপী জরিপের ফল'। চলতি বছরের ৯-১৮ মার্চ পরিচালিত এই সময়োচিত জরিপের জন্য সানেমকে ধন্যবাদ জানাচ্ছি।

প্রতিবেদনের শেষ পর্যায়ে সানেম কিছু আশু করণীয়ের প্রস্তাব করেছে। যেমন বাজারে খাদ্যপণ্যের সরবরাহ বাড়াতে হবে। সে জন্য অভ্যন্তরীণ উৎপাদন বাড়াতে হবে এবং বিকল্প আমদানির উৎস খুঁজে বের করতে হবে। খাদ্যপণ্যের দাম কমিয়ে দরিদ্র মানুষের আয়ের নাগালের মধ্যে আনতে হবে। সরকারের পক্ষ থেকে অসুবিধাগ্রস্ত পরিবারগুলোর জন্য বিশেষ সামাজিক সুরক্ষা কর্মসূচির পরিধি বাড়াতে হবে। যেমন টিসিবি কার্ডের বর্ধিত ব্যবস্থা, বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যকর সমন্বয় করে সঠিক লোকের জন্য সঠিক সাহায্যের ব্যবস্থা করা, দুর্নীতি ও অপাত্রে দান বন্ধ করা ইত্যাদি। পাশাপাশি বাজার মনিটরিং জোরদার করা।

আশু করণীয়ের পাশাপাশি দীর্ঘমেয়াদি কাঠামোগত পরিবর্তনের কথাও বিবেচনা করা যেতে পারে। যেমন ক. উৎপাদনশীল শ্রমের মালিকদের জন্য ফসলি জমির অভিগম্যতা নিশ্চিত করার জন্য অনুপস্থিত ভূস্বামীদের জমি সরকারের ভূমি-ব্যাংকে নির্দিষ্ট বন্ডের বিনিময়ে অধিগ্রহণ করে পুনর্বণ্টনের ব্যবস্থা করা। অনুপস্থিত ভূস্বামীরা এখন যে হারে নগদ খাজনার বিনিময়ে জমি ভাড়া দিচ্ছেন, সেটাই তাঁরা কেন্দ্রীয় সরকারি ল্যান্ড ব্যাংকের সঙ্গে চুক্তির মাধ্যমে করবেন। পরবর্তী সময়ে সরকার তা উৎপাদনশীল শ্রমের মালিকদের কাছে কৃষি উপকরণ বা ঋণ পুঁজিসহ অর্পণ করবে। এভাবে সামাজিক অসমতা দূর হবে। ফসল উৎপাদন বৃদ্ধি পাবে। জমির পরিকল্পিত ব্যবহার নিশ্চিত হবে। এটি হবে এক নতুন ধরনের রক্তপাতহীন ভূমি সংস্কার।

খ. বাজার বা সরবরাহ ব্যবস্থায় উল্লম্বিক সংশ্লেষণের মাধ্যমে উৎপাদক থেকে ক্রেতা পর্যন্ত নানা ধরনের বিপণন সমবায় তৈরির মাধ্যমে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য থেকে ভোক্তা ও উৎপাদক উভয়কে রক্ষা করার ব্যবস্থা করতে হবে।

গ. বৃহৎ সিন্ডিকেট, একচেটিয়া আমদানি ব্যবসায়ী, একচেটিয়া বাজার নিয়ন্ত্রক ইত্যাদির বিরুদ্ধে দলমত নির্বিশেষে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।

ঘ. বাজার দাম সম্পর্কে প্রতিনিয়ত সব তথ্য সবার জন্য নিয়মিত প্রাপ্তির ব্যবস্থা করতে হবে।

ঙ. গ্রামের ছোট-বড় অসংখ্য এসএমইর জন্য একটি আলাদা ব্যাংক ও আলাদা মন্ত্রণালয় গঠন করে বৃহতের একচেটিয়া আধিপত্য খর্ব করে ক্ষুদ্র ও মাঝারিদের নিয়ে গণতান্ত্রিক প্রতিযোগিতামূলক বাজার প্রতিষ্ঠিত করতে হবে।

এভাবেই সম্ভব হবে দ্রব্যমূল্য সমস্যার একটি গ্রহণযোগ্য আর্থসামাজিক-রাজনৈতিক সমাধান।

লেখক: অর্থনীতিবিদ

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

আর কত স্বপ্ন পুড়ে ছাই হবে?

॥ মুঈদ রহমান ॥

গত ৪ এপ্রিল ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের অধীন বঙ্গবাজারে স্মরণকালের ভয়াবহ অগ্নিকান্ড ঘটেছে। ওইদিন ভোর ৫টা থেকে ৬টার মধ্যে আগুনের শুরু। দমকল বাহিনী আগুন লাগার ১৫ মিনিটের মধ্যেই অবগত হয়ে নির্বাপণ কাজ শুরু করে দেয়। কিন্তু আগুনের ভয়াবহতা এতটাই তীব্র হয়ে ওঠে যে পরবর্তী সময়ে সেনা, নৌ, বিমানবাহিনী, র‍্যাব, বিজিবি, পুলিশসহ ৪৮টি দমকল ইউনিটের পক্ষেও আগুন শিগগিরই নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। সেনাবাহিনীর হেলিকপ্টারও ব্যবহৃত হয়েছিল আগুন নেভানোর কাজে। তারপরও কাঙ্ক্ষিত ফল পাওয়া যায়নি। আগুন নেভাতে গিয়ে ফায়ার সার্ভিসের আটজনসহ আহত হন কমপক্ষে ৪০ জন। টানা ১০ ঘণ্টার প্রচেষ্টায় অবশেষে যখন আগুন নিয়ন্ত্রণে আনা হয়, ততক্ষণে হাজার হাজার মানুষের স্বপ্ন পুড়ে ছাই হয়ে গেছে।

'গায়েবি মার্কেট' নামের বঙ্গবাজারের এ শপিং কমপ্লেক্সে সর্বমোট দোকান, গোডাউন ও কারখানার সংখ্যা ছিল প্রায় ৫ হাজার, যার মধ্যে একটিকেও অক্ষত অবস্থায় খুঁজে পাওয়া যাবে না। কাঠ ও টিনের তৈরি এ তিনতলা শপিং কমপ্লেক্সটি অগ্নিকান্ডের জন্য সর্বদাই ঝুঁকিপূর্ণ ছিল; কিন্তু অগ্নিনির্বাপণের কোনো পূর্বপ্রস্তুতিই রাখা হয়নি। নেভানোর কাজে সবচেয়ে বড় সমস্যা ছিল পর্যাপ্ত পানি সংগ্রহ করা। আমরা তো ঢাকাকে জলাশয়শূন্য করে ফেলেছি। যে কোনো স্থাপনা নির্মাণেও আগুন লাগার আশঙ্কাকে আমলে আনতে অভ্যস্ত নই। যারা নির্মাণের অনুমতি দেন, তারাও অগ্নিনির্বাপণ ব্যবস্থার মতো অতিজরুরি বিষয়টিকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেন বলে মনে হয় না। তারই ফল হিসাব বঙ্গবাজারে ঘটে গেল ভয়াবহ অগ্নিকান্ড।

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, শপিং কমপ্লেক্সে থাকা মালামাল ও দোকানের হিসাব করলে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় এক হাজার কোটি টাকা। তবে এ ক্ষয়ক্ষতি শুধু আর্থিক হিসাবেই সীমাবদ্ধ রয়েছে। কারও নিহত হওয়ার সংবাদ এখনো পাওয়া যায়নি। একটি প্রথমিক হিসাবে মনে করা হচ্ছে যে, ভয়াবহ এ অগ্নিকান্ডের কারণে প্রায় ৫০ হাজার মানুষের জীবন-জীবিকা অনিশ্চিত হয়ে পড়েছে। আর দোকান মালিকরা মাত্র ১০ ঘণ্টার ব্যবধানে কোটিপতি থেকে কেবল প্রাণের মালিক হয়ে বেঁচে আছেন। তাদের সম্বল বলতে এখন শুধু নিশ্বাস। তা-ও বিশুদ্ধ নয়। কারণ, তাদের রয়েছে কোটি কোটি টাকার দেনার দায়। আমরা অবকাঠামোগত উন্নয়নের বাণী প্রায়ই শুনতে পাই। কিন্তু মানসিক ও মানবিক অবক্ষয়ের কথা ভুল করেও উচ্চারণ করি না। এ ভয়াবহ দুর্ঘটনার ভেতরও চলেছে চুরি ও অর্থ লোপাটের ঘটনা। এ আগুনের মধ্যেই এক ব্যবসায়ীর ক্যাশবাক্সে রক্ষিত ১৮ লাখ টাকা চুরি হয়ে গেছে। আমরা বিভাজনের রাজনীতি করতে করতে সংস্কৃতিকে পথে বসিয়ে দিয়েছি।

এমনিতেই ঢাকা নগরী বিশ্বের অপরিকল্পিত শহরগুলোর মধ্যে অন্যতম। এ শহরের আবাসিক কিংবা বাণিজ্যিক এলাকার অবকাঠামো কোনো প্রকার আদর্শ ও মানরক্ষা করে তৈরি করা হয়নি। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, এ অপরিকল্পনার যেন কোনো শেষ নেই। বরং যতই দিন গড়াচ্ছে, এ পরিকল্পনাহীনতার মাত্রা ততই বৃদ্ধি পাচ্ছে। এ কারণে কোনো অঘটন ঘটে যাওয়ার পর এর দায়ভার কেউই নিতে চায় না। বঙ্গবাজারের দুর্ঘটনার পরও তা-ই হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের মহাপরিচালক বলেছেন, '২০১৯ সালের ২ এপ্রিল ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ বলেছিলাম। আমরা ঘোষণা করেছিলাম এবং ব্যানারও দিয়েছিলাম। এরপর তাদের ১০ বার নোটিশ দিয়ে বলেছি যে, এ ভবন ঝুঁকিপূর্ণ।' হতে পারে। কেননা, কোনো প্রতিষ্ঠানকে ঝুঁকিপূর্ণ ঘোষণার বাইরে প্রকৃতপক্ষে কার্যকর ব্যবস্থা নেওয়ার কোনো সুযোগ ফায়ার সার্ভিসের নেই। এক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারে দক্ষিণ সিটি করপোরেশন।



দুর্ঘটনার পর এক সংবাদ সম্মেলনে দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেছেন, 'বঙ্গবাজার মার্কেট ২০১৯ সালেই ঝুঁকিপূর্ণ ঘোষণা করে সিটি করপোরেশন। তখন নতুন ভবন নির্মাণের উদ্যোগ নেওয়া হয়। কিন্তু সেসময় মার্কেট সমিতি নতুন ভবন নির্মাণে স্থগিতাদেশ চেয়ে হাইকোর্টে রিট করে এবং হাইকোর্ট স্থগিতাদেশ দেন। এতে সিটি করপোরেশনের কিছু করার ছিল না।'

আমরা সিটি মেয়র ও ফায়ার সার্ভিসের মহাপরিচালকের বক্তব্যকে উপেক্ষা করছি না। তবে অবাক লাগে এই ভেবে যে, তাহলে রাষ্ট্র কি যে কোনো সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধে বা প্রতিকারে অপারগ-অক্ষম? শুনেছি, মাননীয় প্রধানমন্ত্রী আগুন নিয়ন্ত্রণের পুরো সময়টা মনিটর করেছেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়েছেন। তাহলে আমাদের দুর্বলতা কোথায়, তা খতিয়ে দেখার দাবি রাখে। কারণ, যে যতই দায় এড়িয়ে যাওয়ার চেষ্টা করুক না কেন, প্রায় এক হাজার কোটি টাকার আর্থিক ক্ষতির দায় রাষ্ট্রের ঘাড়েই পড়বে।

বঙ্গবাজারে এবারের অগ্নিকান্ড তৃতীয়বারের মতো। প্রথমে ১৯৯৫ সালের নভেম্বরে এ মার্কেটে আগুন লাগে এবং ক্ষতিগ্রস্ত হয়। সেসময় মার্কেটটি ছিল দোতলা। ২০১৮ সালে বাজারটিতে দ্বিতীয়বারের মতো আগুন লাগে। অবশ্য ভয়াবহ কোনো ক্ষতির আগেই আগুন নিয়ন্ত্রণে আনা হয়। তৃতীয়বারের এ ভয়াবহ অগ্নিকান্ডকে নিছক দুর্ঘটনা বলতে পারলে কিছুটা হলেও স্বস্তি পেতাম। কিন্তু দুর্ঘটনার পর নানা তথ্য পত্রিকার পাতায় উঠে এসেছে। যুগান্তর বলছে, বাণিজ্যিক কেন্দ্র হিসাবে পরিচিত ব্যস্ততম বঙ্গবাজারের ওপর দৃষ্টি পড়েছে একাধিক গোষ্ঠীর। ওই জমিতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) বহুতল মার্কেট তৈরি করতে চায়। নিজস্ব সংস্থার নামে পুরো জায়গা বরাদ্দ পেতে অনেকদিন ধরেই তৎপর দুটি পৃথক সংস্থা। আর ব্যবসায়ী নেতারা চান নিজেদের কবজায় যেমন আছে, তেমনই থাকবে বঙ্গবাজার। চতুর্মুখী এ স্বার্থের দ্বন্দ্বে বলি হচ্ছেন এখানকার হাজারও ব্যবসায়ী।

গুলিস্তানের একাধিক পুরোনো ব্যবসায়ী বলছেন, ঢাকায় বিরোধপূর্ণ মার্কেট খালি করার প্রধান হাতিয়ার এখন পরিকল্পিত অগ্নিকান্ড। পোড়া মার্কেটে পরবর্তী স্থাপনা তৈরির পরিকল্পনাতেই সব স্পষ্ট হয়ে ওঠে। বঙ্গবাজার মার্কেটের পরবর্তী নির্মাণকাজেই সব পরিষ্কার হয়ে যাবে। উদাহরণ হিসাবে বলা যায়, বিএনপির আমলে আগুনে পুড়ে যায় গুলিস্তান ট্রেড সেন্টার। এরপর সেখানে নির্মিত হয় বহুতলবিশিষ্ট পাকা দালান। ওই আগুনের ঘটনায় একজন কাউন্সিলরকে দায়ী করা হয়েছিল। এবারের ঘটনায়ও পুরান ঢাকার একজন কাউন্সিলর জড়িত থাকার অভিযোগ উঠেছে।

আমাদের গ্রামে একটি কথার প্রচলন আছে-'বাপ মারা যাওয়ার জন্যে কান্দি না, কান্দি যমে যে বাড়ি চিনছে।' গত মঙ্গলবারের ঘটনায় সর্বস্বান্ত হওয়া মানুষের ভাগ্যে কী আছে জানি না, তবে এটাই যে শেষ নয়, তার বার্তা পাওয়া গেছে। রাজধানীর শপিংমলগুলোর দুরবস্থার কথা জানা যায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের দেওয়া তথ্য থেকে। তাদের প্রতিবেদন অনুযায়ী, ঢাকার মার্কেট, শপিংমল ও বাণিজ্যিক ভবনের মধ্যে কমপক্ষে ১ হাজার ৩০০টি ঝুঁকিপূর্ণ স্থাপনা রয়েছে। এ স্থাপনাগুলোয় নেই অগ্নিনিরাপত্তা। এর মধ্যে ৪৫০টি ভবন 'অতিঝুঁকিপূর্ণ' হিসাব চিহ্নিত। এ অতিঝুঁকিপূর্ণ মার্কেটের তালিকায় রয়েছে অনেক নামকরা বাণিজ্যিক প্রতিষ্ঠান। অথচ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হচ্ছে না কিংবা নেওয়া যাচ্ছে না। এটা কি কোনো সুশাসনের মধ্যে পড়ে? এক অরাজক পরিস্থিতির মধ্যে আমরা বসবাস করছি। এর অবসান চাই আমরা।

আগুন আমাদের সর্বদাই হানা দেয়, কিন্তু আমরা থাকি নির্বিকার; প্রতিকারের কোনো ব্যবস্থা নেই না। বঙ্গবাজারের দুর্ঘটনাটি আর্থিকভাবে একটি বড় ক্ষতির উদাহরণ সন্দেহ নেই। তবে স্মরণকালের মর্মান্তিক ভয়াবহ দুর্ঘটনা ঘটেছিল প্রায় এক দশক আগে। ঢাকার আশুলিয়ার তাজরীন গার্মেন্টে আগুন লাগে ২০১২ সালের ২৪ নভেম্বর। সেই হৃদয়বিদারক ঘটনায় ১১৭টি তাজা প্রাণ পুড়ে ছাই হয়ে যায় এবং আহত হন দুই শতাধিক শ্রমিক। আমরা সেই মর্মান্তিক ঘটনা থেকেও কোনো প্রকার শিক্ষা নেওয়ার চেষ্টা করিনি। শুধু ক্ষতিপূরণের মধ্য দিয়েই আত্মতৃপ্তিতে ভুগছি। এ ক্ষতিপূরণ বলাটা আমার কাছে তাচ্ছিল্য মনে হয়। আমরা জানি, জীবনের কোনো ক্ষতিপূরণ হয় না। তারপরও সাধারণভাবে যে ক্ষতিপূরণ বলা হয়ে থাকে তা হলো, একজনের মৃত্যুতে পরিবার যে পরিমাণ আর্থিক ক্ষতির সম্মুখীন হয় তা পুষিয়ে দেওয়া। কিন্তু আমরা আর্থিক ক্ষতির পরিমাণটা হিসাব করেছি কখনো? খুব সুনিপুণ হিসাবের বাইরে একটি সরল চিত্র দেখা যাক। আমরা মানুষের কর্মক্ষম বয়স হিসাবে ৬০ বছর ধরে নিই। যদি নিহত গার্মেন্ট কর্মীর বয়স হয় ২০ বছর, তাহলে তিনি আরও ৪০ বছর কাজ করতে পারতেন। তার বেতন যদি হয় ১৫ হাজার টাকা, তাহলে তার মোট আর্থিক ক্ষতির পরিমাণ হবে ১৫ হাজার গুণন বারো গুণন চল্লিশ। তার মানে হলো এ যুবকটি মারা যাওয়ার কারণে পরিবারটি ৭২ লাখ টাকার ক্ষতির সম্মুখীন হয়েছে। তাহলে আপনি যদি ১ লাখ টাকা দিয়ে আত্মতৃপ্তির হাসি হাসেন, তাহলে একে আমি নিরেট উপহাস বলতে পারি না কি? সুতরাং ক্ষতিগ্রস্ত কেউ কোনোদিন ক্ষতিপূরণ পায়নি, পাবেও না।

পুরোনো হিসাব নতুনভাবে করতে চাই না, কিন্তু পুরোনো ঘটনার পুনরাবৃত্তিও চাই না। আমরা চাইব বঙ্গবাজার দুর্ঘটনার সুষ্ঠু তদন্ত হোক এবং দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলো ঢাকার যে যে স্থাপনাকে ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত করেছে, তার প্রতিরোধ ও প্রতিকারের ব্যবস্থা নেওয়া হোক। নতুবা আর্থিক ক্ষতির পাশাপাশি বাড়তে পারে প্রাণহানি।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্বদ্যিালয়

নো, জেদ্দা টাইম

॥ জয়নুল আবেদীন ॥

১৪ সেপ্টেম্বর ২০০৯ সাল। সৌদি এয়ার লাইন্সের ৮০৩ নং বিমান। বিমানটি ঢাকা থেকে বিকেল ৫টায় ছাড়ে জেদ্দা পৌঁছবে বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৯টায়। উভয় দেশে সময়ের ব্যবধান তিন ঘণ্টা। রমজান মাস। আমি ও সালমা পবিত্র ওমরাহ করতে বের হয়েছি। এ কাজের জন্য অনেকেই ইহরামের পরিচ্ছদসহ ভাবগম্ভীর অবস্থায় বিমানে উঠেছেন। বিমানের স্বল্প পরিসর আসনে ইহরামের পরিচ্ছদসহ ভাবগম্ভীর অবস্থা বজায় রাখা সম্ভব হবে না মনে করেই আমি উঠেছিলাম সাধারণ পরিচ্ছদে। আমি ধর্মকর্মের দিক দিয়ে অপরিপক্ব ও দুর্বল চিত্তের মানুষ। তবুও গত রাতে জার্নির হাই টেনশনে অনিদ্রায় ভুগেছি। অনিদ্রার কারণে ঠিকমতো সাহরিও খেতে পারিনি। তারপর বিমানবন্দরে লাগেজ টানাটানিসহ এম্বারকেশন কার্ড পূরণে নাকানিচুবানি খাওয়ার ফলে একেবারে লেজেগোবরে অবস্থা। এসব কারণে ক্ষুৎপিপাসায় কাতর হয়ে পড়েছিলাম। ক্ষুৎপিপাসায় কাতর হয়ে পড়লেও রোজা ভঙ্গ করা চলবে না। পবিত্র হজব্রত (ওমরাহ) পালন করতে রওনা হয়ে রোজা-নামাজে ত্রুটি করা আর দারোগার নায়ে ডাকাতি করা সমান কথা। দারোগার মাইরের চেয়ে আল্লাহর মাইর হাজারগুণ কঠিন। মুখে মুখে যে যাই বলুক না কেন, আল্লাহর মাইরকে ভয় করে না এমন লোক সারা দুনিয়ায় একটিও পাওয়া যাবে না। বিমানে বসার কিছুক্ষণ পরই পরিপাটি পরিচ্ছদ পরিহিত প্রাচ্যের পটিয়সী পদ্মিনীরা পরাগযুক্ত পানাহারের পসরা সাজিয়ে তিন চাকার ট্রলি ঠেলতে ঠেলতে পাশে এসে পরিতোষিত ভাষায় প্রত্যেককে প্রশ্ন করে-

রোজা?

ইয়েস রোজা।

রোজা?

নো, রোজা।

তাদের একজন একটি নোটবুকে 'রোজা' উত্তর প্রদানকারীদের বিষয়ে কী যেন টোকাটুকি করে 'নো রোজা' উত্তর প্রদানকারীদের মধ্যে খাবার বিতরণ করতে থাকেন।



'নো রোজা' উত্তর প্রদানকারীরা পরাগযুক্ত পানাহার পাওয়ার সাথে সাথে এমনভাবে গ্রাস করতে শুরু করে যেন তারা এতক্ষণ যাবৎ এ পানাহারের অপেক্ষায়ই বসেছিল। তা দেখে আমার নিজের প্রতি রোজার অহংবোধসহ 'নো রোজাদারের' প্রতি ঘৃণাবোধ শুরু হয়। অহংবোধের কারণ, আমি এত ক্ষুৎপিপাসার মধ্যেও কঠোর সিয়াম সাধনা অবলম্বন করে চলছি। আর ঘৃণাবোধের কারণ, পবিত্র রমজান মাসের শেষ বিকেলে মুসলিম দেশের একটি বিমানের ভেতর- হজগামী শতশত ধর্মভীরু মুসলমানের মাঝখানে বসে প্রকাশ্যে পানাহার শুধু নির্বুদ্ধিতাই নয়, নিকৃষ্ট রকমের নাস্তিকতাও বটে। শুধু মুসলমানদের বেলায় নয়, অমুসলমানদের বেলায়ও এ সময় এ পরিবেশে সংযমী হওয়া আবশ্যক। এ কান্ডের দ্বারা 'নো রোজাগণ' যে ভুল করেছে 'রোজা' তালিকাভুক্ত হওয়ায় মনের মধ্যে 'অহংবোধ' জাগ্রত হওয়ার কারণে আমার ভেতরেও ভুলের সৃষ্টি হয়েছে। জীবনে বহুবার রোজা ভঙ্গ করেছি। কষ্টকর একটি রোজা রাখতে না রাখতেই মনের ভেতর 'অহংবোধ'সহ বেরোজদারের প্রতি 'ঘৃণাবোধ' জাগ্রত হওয়া থেকেই সমাজে শ্রেণিবিভাগ সৃষ্টি হয়ে থাকে। সিয়াম সাধনা মানুষকে শুধু পেটের দিক থেকে সংযমী হতে শিক্ষা দেয় না, মনের দিক থেকেও সংযমী হতে শিক্ষা দেয়। পেটের ওপর জোরাজুরি চললেও মনের ওপর জোরাজুরি চলে না। তা পারিবারিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ থেকে ধীরে ধীরে অর্জিত হয়ে থাকে।

ঢাকায় আজ সন্ধ্যা ৭টা ১০ মিনিটে ইফতার। 'নো রোজাগণ' এতক্ষণে তাদের পানাহার পর্ব শেষ করে কেউ ঘুমানোর চেষ্টা করছে, কেউবা টেলিভিশনে ছবি দেখছে। সন্ধ্যা পৌনে ৭টা সমাগত। বিমান কর্তৃপক্ষ জানিয়েছিল, রোজাদারদের জন্য ইফতারের প্যাকেট রয়েছে। ইফতারের ১৫-২০ মিনিট আগে প্রত্যেকের কাছে ইফতার ভর্তি প্যাকেট পৌঁছে যাবে। ৭টা ১০ মিনিটের আর মাত্র ১৫-২০ মিনিট বাকি। বিমানের জানালা দিয়ে বিমানের ডানার উপর পড়ন্ত বিকেলের ঝলমল রোদের খলখল খেলা দেখছিলাম। বিমানের গতি ছিল প্রতি ঘণ্টায় ৬০০.৪৫০ মাইল। পৃথিবী নিজ অক্ষের ওপর ২৪ ঘণ্টায় এক পাক ঘুরে আসে। পৃথিবীর পরিধি কমবেশি ২৫ হাজার মাইল। বিশ্বের ওপর রয়েছে ৩৬০টি কাল্পনিক দ্রাঘিমা রেখা। ২৫ হাজার মাইলকে ৩৬০দিয়ে ভাগ করলে প্রতি ভাগের পরিমাণ দাঁড়ায় ৬৯.৪৪ মাইল। এক দ্রাঘিমা থেকে আরেক দ্রাঘিমার দূরত্ব ৬৯.৪৪ মাইল। সূর্যের আলো প্রতি চার মিনিটে ৬৯.৪৪ মাইল অতিক্রম করে। আমাদের বিমানের গতি যদি প্রতি চার মিনিটে ৬৯.৪৪ মাইল হয় তাহলে ঘড়ির কাঁটা অচল হয়ে পড়বে। অর্থাৎ বেলা ৪টায় পশ্চিম দিকে রওনা হলে সময়ের পরিবর্তন হবে না- বেলা যেখানে আছে সেখানেই অবস্থান করবে। সূর্যাস্তের পর ইফতারের টাইম ধরা হলে বিমানারোহীরা আর কোনোদিনও ইফতার করতে পারবেন না। বিমান এর চেয়েও বেশি বেগে চলতে থাকলে ঘড়ির কাঁটা উল্টোদিকে চলতে শুরু করবে। ছাত্রবেলা রোজা রেখে সময় অতিক্রম করার জন্য এরকম পিথাগোরাসের জ্যামিতি খুলে বসতাম।

'নো রোজাদারগণ' পানাহার শেষ করে কেউ কেউ নাক ডেকে ঘুমাচ্ছে। টেলিভিশনে অ্যারাবিয়ান ছবি চলছে। ছবি থেকে মাঝে মধ্যে ঘোড়ার খুরের শব্দ ছাড়া সব কিছু নিশ্চুপ থমথমে। ইফতারের আর মাত্র ১০ মিনিট বাকি। কিন্তু প্যাকেট কোথায়? বিমানবালারা হয়তো ইফতারের সময়টা ভুলেই গেছে! ঘণ্টার কাঁটা সাতের দাগে পৌঁছে গেছে। সেকেন্ডের কাঁটা টিকটিক করে যতই ১০ পাক ঘূর্ণন শেষ করতে চাচ্ছে- আমার মনের সন্দেহের কাঁটা টিকটিক করে ততই ধৈর্যের দশমী দশার দিকে এগোচ্ছে। সন্দেহের কারণ, আজকের ইফতার বাংলাদেশ টাইম, না সূর্যাস্তের টাইম?

'দশমী দশা' শব্দটি বৈষ্ণব সাহিত্যে পেয়েছি। ধৈর্যের বাঁধ ভাঙাসহ যেখানে গিয়ে দুর্দশার পিঠ ঠেকে যায় সে স্থানই দশমী দশা। বাংলা সাহিত্য পড়তে গিয়ে বৈষ্ণব সাহিত্য উপেক্ষা করার সুযোগ নেই। যে গ্রন্থ থেকে 'নো, জেদ্দা টাইম' প্রবন্ধটি নিয়েছি সে গ্রন্থের নাম, 'আমার দেখা আরব'। 'আমার দেখা আরব' একটি চিরায়ত কাহিনী। চিরায়ত কাহিনী লিখতে গিয়ে যেরকম ভাবগম্ভীর ভাষা ও পরিবেশ বজায় রাখা দরকার তা বজায় রাখতে পারিনি। তাই 'আমার দেখা আরব' গ্রন্থের (বাকি অংশ ১৪ পাতায়)

সাংবাদিকতা বাঁচাতে পারে কে?

॥ মশিউল আলম ॥

গত ৮ এপ্রিল দৈনিক প্রথম আলোয় 'সাংবাদিকেরাই কেবল সাংবাদিকতাকে বাঁচাতে পারেন' শিরোনামে মাহফুজ আনামের লেখা একটি নিবন্ধ ছাপা হয়েছে। কাক কাকের মাংস খায় না, এই আপ্তবাক্য মিথ্যা করে দিয়ে এ দেশে সম্প্রতি যারা স্বজাতিমাংসভক্ষণের কার্নিভাল জমিয়ে তুলেছে, তারাই যে ডেইলি স্টার সম্পাদকের নিবন্ধটির লক্ষ্যবস্তু তা বুঝতে কষ্ট হয় না। নিবন্ধের এক জায়গায় তিনি লিখেছেন: 'কেউ চায় না আমরা স্বাধীন থাকি, বস্তুনিষ্ঠ থাকি এবং সত্য বলি। এখানেই আমাদের মূল চ্যালেঞ্জ এবং এ কারণেই চিন্তা ও চেতনার পার্থক্য থাকলেও আমাদের সবাইকে একসঙ্গে থাকতে হবে।'

বিষয়টি যেন এমন যে সাংবাদিকদের মধ্যেকার ঐক্যহীনতা বা বিভেদই বাংলাদেশের সাংবাদিকতার জীবনমরণ সমস্যা। তারা ঐক্যবদ্ধ হলেই সে সমস্যা কেটে যাবে, তখন সাংবাদিকতাকে বাঁচানোর জন্য আর কাউকে প্রয়োজন হবে না। মাহফুজ আনাম শিরোনামে 'কেবল' শব্দটা ব্যবহার করেছেন এবং নিবন্ধজুড়েই কেবল বা শুধুর সুরই ধ্বনিত হয়েছে। এর ফলে তাঁর বক্তব্য খন্ডিত বা অসম্পূর্ণ বলে আমার মনে হয়েছে। অবশ্য বুঝতে কষ্ট হয়নি যে তিনি কথাগুলো লিখেছেন পেশাগত আপনজনদের আরও আপন করে পাওয়ার মনোবাঞ্ছা থেকে এবং সম্ভবত সে কারণে খেয়াল করেননি যে সাংবাদিকদের ঐক্যবদ্ধ হওয়াকে এই পেশাজীবীদের 'মূল চ্যালেঞ্জ' হিসেবে নির্ধারণ করার মধ্য দিয়ে একটা সংকীর্ণ দৃষ্টিকোণের প্রকাশ ঘটেছে। সেখানে আর কাউকেই গুরুত্বপূর্ণ ভাবা হচ্ছে না, এমনকি সংবাদমাধ্যমের পাঠক-দর্শক-শ্রোতাকেও নয়। যেহেতু অনেকেই চায় না আমরা সাংবাদিকেরা স্বাধীন থাকি, তাই কাউকেই আমাদের প্রয়োজন হবে না যদি আমরা নিজেরা ঐক্যবদ্ধ হই এবং ঐক্যবদ্ধ থাকি; আমরা ঐক্যবদ্ধ থাকলে কেউ আমাদের কিছু করতে পারবে না এ রকম দৃষ্টিভঙ্গি ঠিক নয় বলে আমি মনে করি।

তার মানে এটা নয় যে আমি বলতে চাচ্ছি সাংবাদিকদের মধ্যে ঐক্যের প্রয়োজন নেই। সে প্রয়োজন অবশ্যই আছে, কিন্তু বাংলাদেশের বাস্তবতা এমন যে সাংবাদিকতা রক্ষা করার জন্য পর্যাপ্ত ক্ষমতা বা শক্তি 'সাংবাদিক' নামক পেশাজীবী সম্প্রদায়ের হাতে এককভাবে নেই। প্রায়োগিক ও নৈতিক উভয় ক্ষেত্রে এই কথা প্রযোজ্য। এই সম্প্রদায় কী বিষময়রূপে বিভক্ত, তা তো খালি চোখেই দেখা যাচ্ছে, এবং সে কারণেই তো মাহফুজ আনামের এই সনির্বন্ধ আহ্বান। কিন্তু যদি কখনও এই দেশের সব মত ও পথের সব সাংবাদিক ঐক্যবদ্ধ হনও (এটা একটি শুভকামনা, বাস্তবে সম্ভবপর বলে প্রতীয়মান হয় না), তবু তাদের পক্ষে দমনপীড়নমুক্ত স্বাধীন সাংবাদিকতা চর্চার অধিকার সুরক্ষিত করার পর্যাপ্ত ক্ষমতা অর্জন করা কঠিন হবে। সাংবাদিক সম্প্রদায়ের একার পক্ষে সম্ভব নয়, স্বাধীন সাংবাদিকতা রক্ষা করতে সংবাদমাধ্যমের ভোক্তাদেরও প্রয়োজন। প্রয়োজন পাঠক-দর্শক-শ্রোতাকে, বিচারবুদ্ধিসম্পন্ন নাগরিকদের, যাদের এই জ্ঞান ও উপলব্ধি রয়েছে যে তাদের সব নাগরিক, সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকারের প্রহরী হলো স্বাধীন ও শক্তিশালী সংবাদমাধ্যম।

রাষ্ট্র ও সমাজের সব প্রতিষ্ঠান, যা জনগণের টাকায় পরিচালিত হয়, তা সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার প্রত্যেক নাগরিকের অন্যতম মৌলিক অধিকার (তথ্য অধিকার আইন-২০০৯), এই অর্থে যে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্যপ্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ।'

নাগরিকদের সেই মৌলিক অধিকার বাস্তবায়ন করা ও সুরক্ষিত রাখার জন্য প্রয়োজন স্বাধীন ও শক্তিশালী সংবাদমাধ্যম; সংবাদমাধ্যম শক্তিশালী হয় তার ভোক্তাসাধারণের আস্থার জোরে; সংবাদমাধ্যম সেই আস্থা অর্জন করতে পারে প্রধানত বস্তুনিষ্ঠ তথ্য পরিবেশনের মাধ্যমে রাষ্ট্র ও সমাজ পরিচালনায় নিয়োজিত কর্তৃপক্ষগুলোকে জবাবদিহির মুখোমুখি দাঁড় করানোর মধ্য দিয়ে; জনগণের অর্থ কীভাবে ব্যয়, অপব্যয়, তছরুপ/লুট/পাচার করা হয় তা সম্পর্কে তথ্য প্রকাশ করার মধ্য দিয়ে; ক্ষমতাপ্রাপ্ত ও ক্ষমতা কুক্ষিগতকারীদের ক্ষমতার অপব্যবহারের তথ্য প্রকাশ করার মধ্য দিয়ে; অন্যায়-অবিচার-অত্যাচারের শিকার ব্যক্তি ও জনগোষ্ঠীর বিরুদ্ধে সংঘটিত অপরাধের তথ্য প্রকাশ এবং তাদের বক্তব্য জাতির সামনে তুলে ধরার মধ্য দিয়ে; এককথায় বস্তুনিষ্ঠ, সৎ ও দক্ষতাপূর্ণ সাংবাদিকতার মধ্য দিয়ে।

কিন্তু সংবাদমাধ্যমের ভোক্তাসাধারণ দৃশ্যত একটি বিমূর্ত, অবয়বহীন সত্তা, যতক্ষণ পর্যন্ত না তাদের (নিদেনপক্ষে কোনো অংশের) স্বর সম্মিলিতভাবে উচ্চারিত হচ্ছে। যখন বড় আকারের, স্বাধীন, শক্তিশালী এবং মৌলিক কতকগুলো বিষয়ে ঐক্যবদ্ধ একটি নাগরিক সমাজ অনুপস্থিত থাকে, তখন সংবাদমাধ্যমের পাঠক, দর্শক, শ্রোতার মোট সংখ্যা যত বড়ই হোক না কেন, তার কার্যকরভাবে ক্ষমতায়িত হওয়া অসম্পূর্ণ থেকে যায়। এ রকম পরিবেশে যখন কোনো সংবাদপ্রতিষ্ঠান দৃশ্যত সর্বব্যাপী ক্ষমতার অধিকারী শাসকগোষ্ঠীর রোষানলে পড়ে, তখন সেই সংবাদপ্রতিষ্ঠানের জন্য নাজুক পরিস্থিতি সৃষ্টি হয়, তার পক্ষে সেই রোষানল থেকে সম্পূর্ণ অক্ষত অবস্থায় বেরিয়ে আসা অত্যন্ত কঠিন হয়ে ওঠে।

তবে পাবলিক অপিনিয়ন বা জনমত সংগঠিত করার সাংগঠনিক কাঠামোর অভাবজনিত নাজুকতার মধ্যেও কোনো সংবাদপ্রতিষ্ঠানের পক্ষে শাসকগোষ্ঠীর দমনেচ্ছার কবল থেকে বেরিয়ে আসা সম্ভব, যদি ব্যাপক সংগঠিত রূপে না হলেও বিদ্যমান জনমতের বৃহদংশ ওই সংবাদপ্রতিষ্ঠানের প্রতি সহানুভূতিশীল বলে সমাজে সাধারণভাবে প্রতীয়মান হয়। তা ছাড়া, শাসকগোষ্ঠী কোনো সংবাদপ্রতিষ্ঠানকে দমন করার তৎপরতায় নামলে এর পক্ষে যে কারণ বা যুক্তি দাঁড় করায়, দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের কাছে তা দুর্বল/উদ্দেশ্যমূলক/অজুহাত বলে মনে হলে এবং সেই মনে হওয়া নানাভাবে (ফিজিক্যাল ও ভার্চুয়াল সামাজিক মাধ্যমে) পাবলিক পারসেপশনে প্রতিফলিত হলে আক্রান্ত সংবাদপ্রতিষ্ঠানটির পক্ষে বিপদ থেকে বেরিয়ে আসার অনুকূল পরিবেশ সৃষ্টি হতে পারে।

কিন্তু এগুলো স্বাধীন ও সৎ সাংবাদিকতা বাঁচানোর পক্ষে যথেষ্ট শক্তিশালী রক্ষাকবচ নয়। সাংবাদিকদের মধ্যে অন্তত পেশাগত অধিকারগুলোর স্বার্থে ঐক্য প্রয়োজন তো বটেই, সেই সঙ্গে সংবাদমাধ্যমের ভোক্তাসাধারণের সম্মিলিত সমর্থন ব্যক্ত করার উপযোগী কাঠামো ও পরিসরও খুব প্রয়োজন।

লেখক: সাংবাদিক ও কথাসাহিত্যিক

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

সময়ের কৌতূহলোদ্দীপক শব্দাবলি

॥ সালাহউদ্দিন বাবর ॥

প্রচার ও অপপ্রচার শব্দ দু'টি পরস্পর বিপরীতমুখী। তবে হালে শব্দ দু'টি কৌতূহলোদ্দীপক হয়ে উঠেছে। নিষ্ঠ বিষয় বা তত্ত্ব-তথ্য সবার কাছে হাজির করার মধ্য দিয়েই প্রচার শব্দটি একটি ইতিবাচক রূপ লাভ করে থাকে। অন্যদিকে অপপ্রচার শব্দটির অর্থ হতে পারে অসত্য ভাষণ, কুৎসা রটনা, পরনিন্দার চর্চা। অপপ্রচার চালানোর লক্ষ্য যদি মানুষকে বিভ্রান্ত করা, পথভ্রষ্ট করা হয়, তবে শব্দটিকে নেতিবাচক বলতে কোনো দ্বিধা থাকার কথা নয়। অর্থাৎ, দেখতে নারী তার চলন বাঁকা।

যাই হোক, দেশের রাজনৈতিক অঙ্গনে প্রচার তথা ইতিবাচক কাজের কণ্ঠ এখন একেবারেই ক্ষীণ। পক্ষান্তরে অপপ্রচার তার ডালপালা মেলে এখন মহীরুহে পরিণত হতে চলেছে বা সেটি সমাজে বাঁধ ভাঙা বন্যার মতো বিস্তৃত হচ্ছে। শব্দ দু'টির মধ্যে প্রচারের কণ্ঠ ক্ষীণতর হওয়ার হেতু হয়তো এ কারণে যে, সব ধরনের মিডিয়া তার প্রতি বৈরী। পক্ষান্তরে অপপ্রচারকেই পৃষ্ঠপোষকতা দেয়া হচ্ছে, অর্থাৎ মিডিয়ার একটি বড় অংশই একপেশে ভূমিকা পালন করে চলেছে। তবে এটি ঠিক, ক্ষমতাসীনদের প্রতিপক্ষ শক্তিকে জনসমক্ষে হেয় প্রতিপন্ন করা, হীনবল, নাজেহাল ও মানুষকে বিভ্রান্ত করার লক্ষ্যে এসব করা সত্ত্বেও জনগণ অত্যন্ত পরিপক্বতার পরিচয় দিয়ে এসব অপপ্রচারে কান দেয়নি এবং বিভ্রান্তও হচ্ছে না। এমন সব দ্বিমুখী শব্দের পাশাপাশি আরো একটি শব্দ এখন রাজনৈতিক অঙ্গনে প্রবল ঢেউ তুলছে। শব্দটি ইংরেজি শব্দভান্ডার থেকে এলেও তা এখন বাংলা শব্দভান্ডারকে সমৃদ্ধ করছে। শব্দটি হলো- প্রোপাগান্ডা। এই শব্দটির অন্তর্নিহিত অর্থ এমন হতে পারে, 'তিলকে তাল' করে তোলা এবং খেয়ে না খেয়ে 'ঢোল ডঙ্কা' বাজিয়ে মানুষের কানের ওপর চাপ তৈরি অর্থাৎ শুনতে বাধ্য করা। তবে প্রোপাগান্ডাকে কেউ যদি মনে করেন আরো একটু পরিশীলিত ও কোমল করে উচ্চারণ করবেন- হয়তো তাকে বাগাড়ম্বর বলা যেতে পারে। কিন্তু বাগাড়ম্বর শব্দটি প্রকৃত প্রস্তাবে দেশের বিদ্যমান রাজনৈতিক অঙ্গনে যে বাক্যবাণ ছোড়া হচ্ছে, অসত্যকে পাল্টে দেয়ার যত বক্তব্য দেয়ার চেষ্টা চলছে, সেখানে বাগাড়ম্বর শব্দটি তেমন জুতসই নয়; বরং প্রোপাগান্ডাই যথার্থ বলে অনেকে মনে করেন।

এদিকে প্রধান প্রতিপক্ষ দলের অতীত বর্তমান ভবিষ্যত যে সব কথাবার্তা ও আচার-আচরণ এবং অসত্যের ফেরি করা হচ্ছে, সেটি আসলে ইতিহাসের বিকৃতি, চরিত্রহননের যত প্রয়াস বলে মনে করাই সঙ্গত। এসব পরিবেশকে প্রতিকূলেই নিয়ে যাবে। একটি প্রবাদ আছে, ঢিলটি ছুঁড়লে পাটকেলটি খেতে হয়। কিন্তু তার পরও এখনো প্রধান বিরোধীদল ও তাদের প্রায় অর্ধশত সহযোগী সংগঠন একেবারেই মূক ও বধির হয়ে আছে শত গঞ্জনার মুখেও। এ থেকে মনে হয় সেই প্রধান প্রতিপক্ষও তাদের সহযোগীদের ধৈর্য্য ও সহ্যের বাঁধ মজবুত এবং সেটি এখনো ভেঙে পড়েনি। তারা শান্ত রয়েছেন। এটি অবশ্যই প্রশংসার দাবি রাখে। শাসক দলের অনেকে সভ্যতা সৌজন্যের সব সীমা অতিক্রম করার পরও তারা তেমন কোনো বাকযুদ্ধে অবতীর্ণ হয়নি। যদি একটু স্থিরভাবে ভাবা হয় তবে এটিকে কিছু পরেই বুমেরাং হয়ে ফিরে আসতে হবে।



দেশের হাল অবস্থা গত প্রায় দেড় দশক থেকে ধীরে ধীরে সব ক্ষেত্রেই নিম্নগামী হতে থাকায় আজকে মানুষের জীবন প্রায় ওষ্ঠাগত। প্রশাসনের উপর্যুপরি অক্ষমতা অদক্ষতা ও দূরদৃষ্টির অভাবজনিত কারণেই ঘরে-বাইরে এখন দুর্যোগের যত ঘনঘটা। সুশাসন এখন জরাগ্রস্ত, সঠিক বিবেক বিবেচনা ফিরে গেছে আতুরঘরে। দেশ থেকে গণতন্ত্র, জবাবদিহির সংস্কৃতি উঠে যাওয়ার পথে। সর্বত্র এখন চলছে লুটপাটের মহোৎসব, উচ্চ আদালত সামগ্রিক বিষয় পর্যবেক্ষণ করে এখন ত্যক্ত বিরক্ত হয়ে আছেন। অর্থ সঞ্চয় এবং বিনিয়োগের যে ধারণা ছিল সেটি এখন অতীতের কাহিনী। বর্তমানে সে চেষ্টার বিপরীতে সংযোজিত হয়েছে অর্থপাচার। ব্যাংকের ঋণকে মনে করা হচ্ছে উত্তরাধিকার সূত্রে পাওয়া পৈতৃক সম্পদের হিস্যা। উচ্চবিত্তের পরিবারের বখে যাওয়া কোনো 'পুত্ররত্ন' যেমন আপন খেয়ালখুশিমতো দুই হাতে অর্থে ব্যয় করে, ব্যাংকের ঋণ সেভাবেই এখন যত্রতত্র ব্যবহার করা হচ্ছে, পাচার করা হচ্ছে। এই পুত্ররত্নদের মন ও মস্তিষ্কে নেই দশ ও দেশের কথা। তারা আত্মসুখের উল্লাসে মেতে আছে। তাদের এই অপার স্বাধীনতার মদদ শক্তি সাহস যারা জোগাচ্ছেন সেই প্রশাসন। কাদের অর্থ কোন সে অদৃশ্য শক্তি এভাবে উড়াচ্ছে এ প্রশ্নের উত্তর কারো জানা নেই। জিজ্ঞাসা করাও মুশকিল।

প্রশাসনের যে হালহকিকত, তারা মানুষের মন ও দেহভঙ্গিমা থেকে উপলব্ধিই করতে পারছে না যে, তারা জনগণের হৃদয়ের মণিকোঠায় এখন আর নেই। সে জন্য জনগণকে বিভ্রান্ত করার পথ অনুসরণ করা হচ্ছে। এ কাজে তাদের একমাত্র হাতিয়ার প্রতিপক্ষের ব্যাপারে অপপ্রচার বিষোদগার ধারাবাহিকভাবে প্রোপাগান্ডার কার্যক্রম জারি রাখা। এসব নেতিবাচক প্রচারে, যার সাথে বাস্তবতার কোনো সম্পর্ক নেই, প্রকৃতপক্ষে উন্নয়নের একটি পিঠ দেখানো হচ্ছে। আর সব 'কাহিনী' মাত্র। উন্নয়নের যে সার্বিক ধারণা তাকে পাশ কাটিয়ে যাওয়া হচ্ছে।

প্রশাসনের উন্নয়ন-ভাবনার সাথে, উন্নয়নের সর্বজনীন যে ধারণা তার কোনো সামঞ্জস্য নেই। উন্নয়নের সর্বজনীন যে কথা সেটি বহু বিস্তৃত, তথা বহু বিষয় তার সাথে সম্পর্কযুক্ত। কিন্তু প্রশাসনের ধারণায় আশ্রয় পেয়েছে 'কিছু বড় প্রকল্প' আর সামান্য কিছু অন্য প্রকল্প। কোনো কোনো মহল মনে করছে, এসব প্রকল্পের কতকটা বৃহত্তর জনস্বার্থের সাথে সম্পৃক্ত আর কতকটা ঠিকাদারদের অসাধু স্বার্থের সাথে। শুধু তাই নয়, আরো ফাঁকফোকরের কথা শোনা যায়। কেউই এসব বৃহৎ অবকাঠামোকে উপেক্ষা করবে না ঠিকই, তবে এগুলো হলো উন্নয়নের দ্বিতীয় স্তরের বিষয়। প্রথমেই যে সব নিয়ে মাথা ঘামানোর বিষয় এখন সেগুলো মাথায় নেই। সে জন্য এসব পদক্ষেপ আসলে গাড়ির আগে ঘোড়া জুড়ে দেয়ার শামিল। আরো কিছু কথা বলা যায় এসব প্রকল্প নিয়ে। যেমন- আমাদের সবার বিবেচনায় এটি আছে যে, ক'টার ট্রেন ক'টায় যাত্রা শুরু করবে। সঠিক সময়সূচি অনুসরণ করা হয় না। আমাদের উন্নয়ন প্রকল্পগুলোকে উপরোক্ত বক্তব্যের আলোকে বিবেচনায় নিলে দেখা যাবে, কোনো প্রকল্প কখনোই যথানিয়মে নির্ধারিত সময়ে শুরু ও শেষ হয় না। এর অনিবার্য ফল হলো প্রকল্পের ব্যয় বরাদ্দ বাড়তে থাকে, প্রকল্প থেকে জনগণ যে উপকার পেতে পারত সেটি পেতে বহু সময় অপেক্ষা করতে হয়, তেমনি প্রকল্প বাস্তবায়নের জন্য যেসব পদক্ষেপ নেয়া হয় তা কখনো কখনো মানুষকে ভোগান্তিতে ফেলে। তার বহু উদাহরণ ঢাকা মহানগরীতেই রয়েছে।

এখন দেখা যেতে পারে উন্নয়নের প্রকৃত ধারাকে কীভাবে কতটা 'বাইপাস' করা হচ্ছে। সাধারণ ধারণা হচ্ছে, উন্নয়নকে আমরা সামগ্রিকভাবে জনমানুষের জীবনমানের উন্নয়ন বলতে পারি। আরো সহজ করে বলা যায়, সবার জন্য নিরাপদ খাদ্য ব্যবস্থা, সুপেয় পানির জোগান দেয়া, শিক্ষার সমান নিশ্চিত করা, মানুষের চলাচলের বা ভ্রমণ করার যথেষ্ট সুযোগসহ নিরাপত্তা বিধান, দূষণহীন নির্মল পরিবেশ তৈরি করা। অর্থাৎ সবার জন্য অন্ন-বস্ত্র বাসস্থান শিক্ষা চিকিৎসা নিশ্চিত করা। কর্মসংস্থানের যথেষ্ট সুযোগ সৃষ্টি করা, সেটি সরকারি-বেসরকারি উভয় ক্ষেত্রে প্রাধান্যের দাবি করে। সর্বোপরি মানুষের গণতান্ত্রিক অধিকার, বাকস্বাধীনতা ও মৌলিক মানবাধিকারের নিশ্চয়তা বিধান করা। এখন যদি ক্ষমতাসীনদের উন্নয়ন কার্যক্রমগুলোকে সামনে এনে দেখা হয়, তবে তাকে কী বলা যাবে? উপরোল্লিখিত বিষয়গুলোর ওপর মানুষের অধিকার পূরণ করা কতটুকু সম্ভব হয়েছে। যদি না-ই হয়ে থাকে তাহলে সবাইকে বাধ্য হয়ে বলতে হবে, প্রশাসন উন্নয়নের প্রথম স্তরের অনুশীলনেও ব্যর্থ হয়েছে। এসব পাশ কাটিয়ে দ্বিতীয়-তৃতীয় স্তরের বিষয় নিয়ে প্রোপাগান্ডা চালানো হচ্ছে তথা অতিরঞ্জন করার পথ ধরা হয়েছে। অনেকটা অন্ধকে হাতি দেখানোর মতো।

অনেকেই এমন সমালোচনা করেন, প্রশাসনের সাথে জড়িত ব্যক্তিদের নিজ নিজ এলাকায় তাদের চলাচল সুগম করা ও স্বাচ্ছন্দ্য বিধানের ব্যবস্থাই কেবল করা হচ্ছে বেছে বেছে প্রকল্প হাতে নিয়ে। এটিকে যদি সর্বজনীন বলা হয়, তবে সেটি নিছক বাগাড়ম্বর বলেই মনে করতে হবে। আর এসব করার জন্য যে অর্থ ব্যয় হয় তা কিন্তু এ দেশের বঞ্চিত জীর্ণশীর্ণ ও শোষণের শিকার সাধারণ মানুষের প্রদত্ত ট্যাক্সের অর্থই।

দেশের আর্থ-সামাজিক যে চিত্র তুলে ধরা হলো সেটি কিন্তু কর্তৃত্ববাদিতার এক সাধারণ কার্যক্রম বলে বোদ্ধা সমাজের অভিমত। এটিই আমাদের সমাজ কাঠামোর চিত্র। যার সাথে গণতান্ত্রিক সমাজের কোনো যোগসূত্রই আবিষ্কার করা যায় না। যে সমাজের বিন্যাসের সাথে সাধারণের অংশগ্রহণের কোনো সুযোগ থাকে না- এমন একটি ব্যবস্থায় দেশের সব শ্রেণীর মানুষের অধিকার নিশ্চিত না হলেও সাধারণ মানুষকেই কিন্তু ওপর তলার মানুষের স্বাচ্ছন্দ্য বিধানের ব্যবস্থা করে দিতে হচ্ছে। এখানে সাধারণ মানুষ শুধু যে বাঁধা পড়ে আছে তা নয়; যে সব বৈদেশিক ঋণ নিতে হচ্ছে প্রশাসনকে, ওপর তলার মানুষের সুখ ভোগের জন্য- উচ্চ সুদসহ আসল ও নিম্ন আয়ের মানুষকে জোগান দিতে হবে। যেসব প্রকল্পকে দ্বিতীয় বা তৃতীয় ধাপে রাখার কথা বলে উল্লেখ্য করা হয়েছে, এখন সেগুলো প্রথম স্তরে নিয়ে আসার জন্য ৫,৫৬৯ দশমিক ৫৫ বিলিয়ন অর্থ ঋণ করা হয়েছে। যা কিনা বৈদেশিক ঋণের ৬২ শতাংশ। ফলে এই ঋণ শোধের ভার সেই দুর্বল দুস্থদের মাথার ওপর পড়বে। কিন্তু এ জন্য কারো সহানুভূতি তাদের জন্য নেই।

আসলে এখন সবাই দেশের বিদ্যমান রাজনৈতিক-সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে গভীর উৎকণ্ঠার মধ্যে রয়েছে। অভ্যন্তরীণ বিষয় নিয়ে যে নানা টানাপড়েন তৈরি হয়েছে, ক্ষমতাসীনদের পরিস্থিতি সামাল দিতে না পারা তার অন্যতম কারণ। আন্তর্জাতিক বলয়েও সেই একই রকম সমস্যা সৃষ্টি হয়েছে। আন্তর্জাতিক বলয়ে এখন পরিস্থিতি বুঝতে না পারার কারণ এবং সঠিক বা প্রকৃত বন্ধু নির্বাচনে যথেষ্ট বিবেচনার অভাবহেতু দ্বিমুখী প্রবল স্রোতের টানে দেশ আজ অথৈ সাগরের মোহনায় পৌঁছে গেছে। এ থেকে বেঁচে আসার সম্ভাবনা কতটা তা এ মুহূর্তে বলা শক্ত।

পবিত্র রমজান মাসে এটা ধর্মীয় অনুভুতির বিষয়

॥ খান শওকত ॥

রমজানের মধ্যে খাওয়া দাওয়ার উৎসব বা নাচ গান করা উচিত নয়। রমজানের পবিত্রতা এবং সংযমী আচার-আচরন মেনে চলা উচিত। নিউইর্য়কের জ্যাকসন হাইটসে, টাইমস স্কয়ারে বা অন্য এলাকায় যারা এই পবিত্র রোজার মাসে বৈশাখী উৎসবের নামে নাচ গানের আয়োজন করছেন এবং যে সব প্রতিষ্ঠান স্পন্সর করছেন তাদেরকে অনুরোধ জানাচ্ছি এ উৎসবটা রমজানের পর করুন। এটা ধর্মীয় অনুভুতির বিষয়। এন.আর.বি ওয়ার্ড ওয়াইড বা মুক্তধারা-র বিশ্বজিত দা-কে বলুন, পবিত্র রমজান মাসে নাচ গানের বৈশাখী উৎসব না করে ২/১ সপ্তাহ পিছিয়ে দিন প্লিজ! বিনীত আবেদন জানাচ্ছি সম্মানিত আয়োজক সংগঠন এনআরবি ওয়ার্ল্ড ওয়াইড, কমিউনিটি নেতা বিশ্বজিত সাহা (মুক্তধারা), প্রধান অতিথী মাননীয় মেয়র এরিক অ্যাডামস, অতিথী- কংগ্রেসওমেন গ্রেস মেং, ড. নূরুন নবী, সিনেটর জন ল্যু, সিনেটর জেসিকা রামোস, ক্যাটলিনা ক্রুজ, শেখর কৃষ্ণান, কমিউনিটি নেতা গোলাম ফারুক ভূইয়া, নুরুল আমিন বাবু, শিল্পকলা একাডেমির মনিকা রায়, অনুপ দাস ড্যান্স একাডেমি, শ্রী চিন্ময় সেন্টার, ঢাকা ড্রামা, সঙ্গীত সাধনা, প্রকৃতি, সঙ্গীত পরিষদ, নৃত্যাঞ্জলী, শুদ্ধস্বর, ক্রিয়েটিভ মাইন্ড মিরর সহ সবার প্রতি, যদি বিষয়টি ধর্মীয় অনুভুতির দিক থেকে বিবেচনা করা যায়। দু-এক সপ্তাহ পিছিয়ে দিলে আপনারাই লাভবান হবেন এবং কমিউনিটির সকল সম্প্রদায়ের মানুষ সেটাকে ভালো বলবে। বিষয়টা চিন্তা করে দেখুন। এটা আমাদের অনুরোধ। বিশ্বজিত সাহা আয়োজিত শতকণ্ঠে এ বর্ষবরন উৎসবের অনুষ্ঠানসূচী দেখে আমরা হতবাক হয়েছি যে, জেনে শুনে তারা ইফতারির সময়েও বিরতীও দেন নি। অর্থাৎ যদি কেউ রোজা থাকেন, তাকেও তারা ইফতারির কোন সুযোগই দেবেন না। এটা স্পষ্টত অপমান। আমরা এ অনুষ্ঠান অবিলম্বে স্থগিত করার আহবান জানাচ্ছি। এরপরও যদি আয়োজকরা আমাদের ধর্মীয় অনুভুতির বিষয়টার প্রতি গুরুত্ব না দেন, তাহলে আসুন সবাই এ উৎসব বয়কট করি। আমাদের পরিচিত যেসব শিল্পী এখানে পারফর্ম করছেন তাদেরকে বিষয়টা বুঝিয়ে বলুন। কমিউনিটির সকল সংগঠনের কাছে এবং কমিউনিটির প্রতিটা মসজিদে বিষয়টা আলোচনা করুন। প্রয়োজনে উৎসবের দিন অনুষ্ঠান স্থলের কাছে যেয়ে দর্শকদেরকে বুঝিয়ে বলার জন্য আমাদেরও হাজির হওয়া উচিত। প্রয়োজনে একটি ব্যানার নিয়ে দাঁড়িয়ে প্রতিবাদ করা উচিত। ধর্মের প্রতি সম্মান দেখানো সবারই দায়িত্ব। শতকণ্ঠে বর্ষবরন উৎসবটি আগামী ১৪/৪/২০২৩ তারিখ শুক্রবার সকাল ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত ম্যানহাটানের টাইমস স্কয়ারে এবং পরদিন ১৫/৪/২০২৩ তারিখ শনিবার সকাল ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত ম্যানহাটানের টাইমস স্কয়ারে অনুষ্ঠিত হবে। আয়োজক- NRB worldwide. যোগাযোগ- মুক্তধারার বিশ্বজিত সাহা, ফোন- ৩৪৭-৬৫৬-৫১০৬, ৩৪৭-৬০৫-০৫৯৩. আয়োজকদেরকে বিনয়ের সাথে বিষয়টি বুঝিয়ে বলুন। তারা যেন এ উৎসবটি ২/১ সপ্তাহ পিছিয়ে দেন।

লেখক: কমিউনিটি অ্যাক্টিভিষ্ট, নাট্যকার।

নো, জেদ্দা টাইম

(১২ পাতার পর)

ভূমিকাতেই লিখেছিলাম, 'বায়তুল্লাহ প্রদক্ষিণ, সমাধি জিয়ারত, ইসলামের স্মৃতিবিজড়িত স্থান দর্শন, পানাহার ও পরিবহনে যেসব সমস্যার মখোমুখি হয়েছি সেসব সমস্যাসহ সমস্যা উত্তরণের কলাকৌশল খুঁজতে গিয়েই 'আমার দেখা আরব' নামক জিয়ারত কাহিনী। পাঠক পাঠ না করলে পন্ডিতের পুরো পান্ডিত্যই পন্ড হয়ে পড়ে। সাধারণ পাঠকের পাঠযোগ্য করতে হলে পন্ডিতের পান্ডিত্যের সাথে পঞ্চগুণ যুক্ত করতে হয়। পঞ্চগুণের অন্যতম উপাদান রূপ, রস ও শব্দ। রূপ, রস ও অনুপম শব্দ ছাড়া শুধু জ্ঞান আর পুণ্য লাভের জন্য সবাই বই পড়ে না। এ লক্ষ্যে আমি আমার জিয়ারত কাহিনীতে পরিমিত পরিমাণ রূপ, রস ও অনুপম শব্দ সংযোজিত করে ওমরাহ ও জিয়ারতকে উৎসবমুখর করেতে চেয়েছি।

কোনো ধর্মই কাউকে ফাঁসিকাষ্ঠের আসামির মতো সর্বক্ষণ ভয়াকুল ও মুখ গোমড়া করে থাকতে বাধ্য করে না। 'ব্রহ্মই আনন্দ, আনন্দ হতেই এ জীবসকল জন্মগ্রহণ করে, জন্মের পর আনন্দের জন্যই জীবন ধারণ করে, মৃত্যুর পর আনন্দেই প্রতিগমনের দ্বারা আনন্দে প্রবেশ করে' তৈত্তরীয় জ্ঞানকান্ডে অনেক মুনি-ঋষি এ কথা স্বীকার করে গেছেন। প্রাচীন ভারতের চার্বাক সম্প্রদায় 'ঋণ করে ঘি খাওয়ার' মন্ত্রটি অনেক আগেই সবার ঘরে পৌঁছে দিয়ে গেছেন। হাসপাতাল চেম্বার ও ওষুধ-পথ্য ফেলে হাসির পাঠশালা খুলেছেন অনেক চিকিৎসক। দুঃখ, কষ্ট ভারাক্রান্ত জীবনে আনন্দ ছড়িয়ে দিতে পারলে কোনো কোনো জটিল রোগ এমনি এমনি সেরে যায়। তাই মানুষকে ভালোভাবে বেঁচেবর্তে থাকার জন্য জ্ঞান ও ধর্মচর্চার পাশাপাশি হাস্যরসেরও দরকার আছে। পরিমিত পরিমাণ নৈতিক হাস্যরসের পক্ষে আমাদের নবী করিম সা:-এরও সমর্থন ছিল। নবী করিম সা: হিজরতের পর আনসারদের মধ্যে 'নওরোজ' ও 'মিহিরজান' নামক দু'টি আনন্দ উৎসবের পরিবর্তে 'আজহা', 'ফিতর' দু'টি আনন্দ উৎসবের প্রচলন করে গেছেন। কাউকে হেয় করার উদ্দেশে নয়, ভয়াকুল না হয়ে সহজ-সরলভাবে হৃদয়ের ভাষায় উৎসবমুখর পরিবেশে আমি আমার স্রষ্টাকে রাজি-খুশি করতে চেয়েছি মাত্র। আমার বিশ্বাস, সৃষ্টির উৎসবমুখর আহ্বানে স্রষ্টা নিরুৎসুক হয়ে থাকতে পারেন না। ধর্মচিন্তাবিষয়ক গ্রন্থে যেরকম ভাষা ও ভাবগম্ভীর পরিবেশ বজায় রাখা আবশ্যক, এ গ্রন্থে সেরকম ভাষা ও ভাবগম্ভীর পরিবেশ বজায় রাখতে পারলাম না বলে সবার কাছে ক্ষমাপ্রার্থী।'

বাংলাদেশ সময়ে ইফতারের সমর্থনে নানা রকম কূটকৌশলসহ ইফতারের সঠিক সময়টি জানার জন্য অস্থির হয়ে পড়ছিলাম। মনের সাথে যুদ্ধ শুরু হয়েছিল অনেকক্ষণ আগেই। যুদ্ধ, আজকের ইফতার বাংলাদেশ টাইম, না সূর্যাস্তের টাইম? আমরা সাহরি খেয়েছি বাংলাদেশে, বর্তমানে রয়েছি ভারতের উপর, অবতরণ করব জেদ্দায়- তিন দেশের তিন সময়ের ভেতর ইফতার করব কোথায়? ইফতার বাংলাদেশ টাইমেই করা আবশ্যক (আমার ব্যক্তিগত বিচারে)। আইনের ভাষায় যখন যেখানে যাবে, তখন সেখানকার আইন প্রযোজ্য। এ নিয়ম প্রযোজ্য হওয়া উচিৎ ধর্মের বেলায়ও। নয়তো আমরা এখন যে দেশের উপর আছে সে দেশে বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টা ১০ মিনিটে সূর্যাস্ত হয় না। এ সময় কোনো রোজাদারের সামনে বসে ইফতার শুরু করলে বিমানে 'নো রোজাদারের' খাওয়া দেখে আমার কাছে যেরকম খারাপ লেগেছিল সেরকম খারাপ লাগবে একজন রোজাদারের কাছেও। তারপরও মনের খুঁতখুঁতি দূর করার জন্য আমার নোটবুকের পাতায় ইংরেজিতে, 'এক্সকিউজ মি, আই টেক সাহরি অ্যাট বাংলাদেশ টাইম, আই হ্যাভ রাইট টু টেক ইফতার অ্যাট বাংলাদেশ টাইম।' লিখে উত্তরের জন্য একজন বিমানবালার সামনে তুলে ধরতেই আমার লেখার দিকে চোখ ফেলে খসখস করে লিখে দিলো-

'নো, জেদ্দা টাইম'। (আমার দেখা আরবের ২০ থেকে ২৩ পৃষ্ঠা অনুসরণে)

লেখক : আইনজীবী ও কথাসাহিত্যিক

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



আমাকে রাজনীতি থেকে নির্বাসনে

(প্রথম পাতার পর)

করে জো বাইডেন জয় পেয়েছেন দাবি করে কড়া সমালোচনা করেন তিনি। বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের ছেলে হান্টার বাইডেনের প্রসঙ্গ টেনে বাইডেন পরিবারকে 'ক্রিমিনাল পরিবার' হিসেবে অভিহিত করেন ট্রাম্প।

ভাষনে তিনি কড়া ভাষায় বিচার সংশ্লিষ্ট সবার সমালোচনা করেন। নিউইয়র্কের ম্যানহাটন আদালতের জেলা অ্যাটর্নি আলভিন ব্রাগের কড়া সমালোচনা করেন ট্রাম্প। ট্রাম্প বলেন, 'আলভিন ব্রাগ একজন ক্রিমিনাল। তার বিচার হওয়া উচিত অথবা তার পদত্যাগ করা উচিত। ট্রাম্পের দাবি, তার বিরুদ্ধে আনা অভিযোগের তথ্যগুলো মিডিয়ায় ফাঁস করেছেন ব্রাগ।

বক্তব্যের শুরুতেই ট্রাম্প বলেন, 'যুক্তরাষ্ট্রের বর্তমান অবস্থা খুব খারাপ। আমাদের অর্থনীতি ভেঙে পড়ছে, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের বাইরে। রাশিয়া চীনের সঙ্গে যোগ দিয়েছে। তিনি প্রেসিডেন্ট থাকলে এসব হতো না বলে দাবী করেন ট্রাম্প।

গত মঙ্গলবার সাবেক পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলসকে অবৈধ সম্পর্কের ব্যাপারে মুখ বন্ধ রাখার জন্য ঘুষ দেওয়ার মামলায় গ্রেপ্তার হন ট্রাম্প।

গ্রেপ্তারের কিছুক্ষণ পরেই জামিনে ছাড়া পান যুক্তরাষ্ট্রের সাবেক এই প্রেসিডেন্ট। মুক্তি পেয়ে নিউইয়র্কের ম্যানহাটান আদালত প্রাঙ্গনে সাংবাদিকদের সাথে কোন কথা বলেননি ট্রাম্প। নিজ স্টেট ফ্লোরিডায় ফিরে গিয়ে রাতেই ভাষন দেন সমর্থক ও দেশবাসীর উদ্দেশ্যে।

লেবাননে ইসরায়েলি হামলা

(প্রথম পাতার পর)

যোদ্ধারা। এ ছাড়াও পশ্চিম তীরে গুলিতে নিহত হয়েছেন দুই ইসরায়েলি নারী। জবাবে লেবানন ও গাজায় বিমান হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী।

গতকাল শুক্রবার ভোরের আগে লেবানন ও গাজায় বোমাবর্ষণ করে ইসরায়েলি বাহিনী। তারা বলছে, এ দুটি ভূখ- থেকে ইসরায়েলে কয়েক ডজন রকেট নিক্ষেপ করা হয়েছে। জবাবে ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাসকে লক্ষ্য করে এসব হামলা চালানো হয়েছে।

২০০৬ সালে হিজবুল্লাহর সঙ্গে ৩৪ দিনের ধ্বংসাত্মক লড়াইয়ের পর এই প্রথম লেবানন থেকে ইসরায়েলে এত বেশি রকেট নিক্ষেপ করা হয়। একই সঙ্গে ২০২২ সালের এপ্রিলের পর এই প্রথম লেবাননে কোনো ধরনের হামলা চালানোর বিষয়টি নিশ্চিত করেছে তেলআবিব।

মুসলিমদের পবিত্র রমজান মাস ও ইহুদিদের পাসওভার উদ্যাপন ঘিরে ফিলিস্তিনি ও ইসরায়েলিদের মধ্যে উত্তেজনা চরমে পৌঁছেছে। দুই পক্ষকেই সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক সম্প্রদায়।

গত মঙ্গলবার রাতে পবিত্র আল-আকসা মসজিদে অভিযান চালায় ইসরায়েলি পুলিশ। তারা মসজিদে নামাজরত মুসল্লিদের ওপর হামলা চালায়। এতে ১২ জন মুসল্লি আহত হন। মসজিদ থেকে প্রায় ৪০০ জনকে গ্রেপ্তার করা হয়। পরদিনও মসজিদ প্রাঙ্গণে অভিযান চালায় ইসরায়েলি পুলিশ। অভিযানের সময় তারা মুসল্লিদের লক্ষ্য করে সাউন্ড গ্রেনেড ও রাবার বুলেট ছোড়ে। অভিযানকে কেন্দ্র করে ইসরায়েলি পুলিশের সঙ্গে মুসল্লিদের সংঘর্ষ হয়।

ভিডিওতে দেখা যায়, নামাজ আদায়ের জন্য আসা ফিলিস্তিনিদের জোর করে মসজিদ থেকে বের করে দেওয়ার চেষ্টা করছে ইসরায়েলের সশস্ত্র পুলিশ। সর্বশেষ দফার এই অভিযানের ঘটনায় ছয়জন ফিলিস্তিনি আহত হয়েছেন বলে জানিয়েছে ফিলিস্তিনি রেড ক্রিসেন্ট।

বৃহস্পতিবার ভোরে ফজরের নামাজের জন্য মুসল্লিরা মসজিদে প্রবেশ করতে চাইলে ইসরায়েলি পুলিশ বাধা দেয়। বাধার মুখে শত শত মুসল্লি মসজিদের আশপাশে ফজরের নামাজ আদায় করেন। পরে সকালের দিকে ইসরায়েলি পুলিশের ছত্রচ্ছায়ায় বেশ কিছু ইসরায়েলি বসতি স্থাপনকারী আল-আকসা মসজিদ চত্বরে প্রবেশ করেন।

এরই ধারাবাহিকতায় ফিলিস্তিনের গাজা উপত্যকা থেকে বৃহস্পতিবার ভোরে বেশ কয়েকটি রকেট ছোড়া হয়। একই দিন লেবাননের ভূখ- থেকে ৩০টির বেশি রকেট ছোড়া হয়েছে বলে জানিয়েছে ইসরায়েলি সেনাবাহিনী। লেবাননের সেনাবাহিনী বলেছে, সীমান্তবর্তী জলপাই বাগান থেকে ছোড়া একাধিক রকেট নিষ্ক্রিয় করেছে তারা। গতকাল শুক্রবার জেরুজালেমে পবিত্র আল-আকসা মসজিদ প্রাঙ্গণে বিক্ষোভ করেন মুসল্লিরা।

এদিকে গতকাল দখলকৃত পশ্চিম তীরে একটি গাড়িতে গুলির ঘটনায় দুই ইসরায়েলি নারী নিহত হয়েছেন। আরও এক নারী গুরুতর আহত হয়েছেন। ইসরায়েলি সেনাবাহিনী ও চিকিৎসকেরা এসব কথা জানান। ইসরায়েলের সেনাবাহিনী বলেছে, জর্ডান ভ্যালির উত্তরাংশে হামরা জংশনে এক হামলাকারী এ গুলি চালান। নিহত নারীদের পরিচয় তাৎক্ষণিক প্রকাশ করা হয়নি।

জরুরি সেবা সংস্থা মেগান ডেভিড অ্যাডম ২০ বছর বয়সী দুই নারী নিহতের বিষয়টি নিশ্চিত করেছে। এ ছাড়া ৪০ বছর বয়সী এক নারীকে চিকিৎসা দেওয়া হচ্ছে। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানানো হয়েছে। গাজা ও লেবাননে ইসরায়েলি বাহিনীর বোমাবর্ষণের কয়েক ঘণ্টা পর এই গুলির ঘটনা ঘটে। ইসরায়েলের সেনাবাহিনী বলেছে, এ ঘটনায় হামলাকারীকে ধরতে ওই এলাকার সড়কগুলো বন্ধ করে দেওয়া হয়েছে।

রকেট হামলার ঘটনায় ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু হুঁশিয়ারি উচ্চারণ করেছেন। বৃহস্পতিবার মন্ত্রিসভার বৈঠকে তিনি বলেন, 'আমরা আমাদের শত্রুদের ওপর হামলা চালিয়ে যাব। যেকোনো ধরনের আগ্রাসনের জন্য তাঁদের মূল্য চোকাতে হবে।' পাল্টা হুমকি দিয়েছেন হামাসপ্রধান ইসমাইল হানিয়াও। তিনি বলেন, পবিত্র আল-আকসা মসজিদে ইসরায়েলি আগ্রাসনের মুখে তাঁরা হাত গুটিয়ে বসে থাকবেন না। বৃহস্পতিবার লেবাননের রাজধানী বৈরুতে বসে এসব কথা বলেন হানিয়া।

রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছে, মসজিদে পুলিশি অভিযানকে ঘিরে ছড়িয়ে পড়া সংঘাতের মধ্যে গতকাল লেবানন ও গাজা উপত্যকার সীমান্তে অতিরিক্ত সেনা মোতায়েন করেছে ইসরায়েল।

তবে এ মুহূর্তে কোনো পক্ষই চাইছে না এ সংঘাত আরও বিস্তৃত হোক। ইসরায়েলের সেনাবাহিনীর একজন মুখপাত্র সাংবাদিকদের বলেন, 'এই মুহূর্তে কোনো পক্ষই চাইছে উত্তেজনা বাড়ুক। শান্ত থাকার জবাব শান্ত থেকেই দেওয়া হবে; এই পর্যায়ে আমি এটাই মনে করছি, অন্তত সামনের কয়েক ঘণ্টার জন্য।'

বিক্ষোভে ইন্ধন জোগানোর অভিযোগে বহিষ্কার

(প্রথম পাতার পর)

কোভ্যানেন্ট স্কুলে চালানো এলোপাতাড়ি গুলিতে প্রাণ যায় শিশুসহ ৬ জনের। এরপরই জোরালো হয় অস্ত্র আইন সংস্কারের দাবি। গেলো সপ্তাহে টেনেসি স্টেট হাউজ ঘেরাও করেন বিক্ষোভকারীরা। তারা অস্ত্র কেনা ও বহনে আইনী কটোরতা আরোপের দাবী জানান। তাদের সাথে স্লোগান দিয়েছিলেন ওই এমপিরা। রাজ্য প্রশাসনের অভিযোগ, এর মাধ্যমে রাজ্য পার্লামেন্টের নীতিমালা ভঙ্গ করেছেন তারা। সেই অপরাধেই বহিষ্কারের সিদ্ধান্ত নেয় স্টেট হাউজ।

বিল গেটসের মেয়ের ৫ কোটি ডলারের ফ্ল্যাটে কী আছে!

(প্রথম পাতার পর)

অন্যতম শীর্ষ ধনী বিল গেটসের বড় মেয়ে জেনিফার গেটস ৫ কোটি ১০ লাখ ডলার মূল্যের একটি অ্যাপার্টমেন্ট কিনেছেন। নিউইয়র্ক সিটির ৪৪৩ গ্রিনিচ স্ট্রিটে একটি বিশাল কন্ডোমিনিয়ামের ছাদে এই বিশাল পেন্টহাউস অ্যাপার্টমেন্টটি তিনি কিনেছেন বলে সিএনবিসির এক প্রতিবেদনে বলা হয়েছে।

ভবনটি নির্মাণ করেছে আর্কিটেকচার ফার্ম স্ট্রোরুডি। প্রতিষ্ঠানটির একজন মুখপাত্র বলেছেন, এই ভবনে মার্কিন অভিনেত্রী মেগ রায়ান, ব্লেক লাইভলি ও অভিনেতা রায়ান রেনল্ডসের মতো জনপ্রিয় তারকাদের অ্যাপার্টমেন্টও আছে।

জেনিফার সিয়াটলভিত্তিক একটি ট্রাস্টের মাধ্যমে ফর্মুলা ওয়ান তারকা লুইস হ্যামিল্টনের কাছ থেকে এই পেন্টহাউস কিনেছেন। ৮ হাজার ৯০০ বর্গফুটের পেন্টহাউস অ্যাপার্টমেন্টের বাইরের অংশে ৩ হাজার ৪০০ বর্গফুটের ছাদ আছে, এই ছাদে একটি পুল রয়েছে। অ্যাপার্টমেন্টের লেআউট পরিকল্পনার অংশ হিসেবে ছয়টি শোবার ঘর, ছয়টি বাথরুম ও দুটি পাউডার রুম (হাফ বাথরুম) আছে।

আর্কিটেকচার ফার্ম স্ট্রোরুডির প্রিন্সিপাল থেরেসা জেনোভেস বলেন, 'আমরা এমনভাবে পরিকল্পনা করেছি যাতে অ্যাপার্টমেন্টের বাসিন্দারা গোপনীয়তা রক্ষা করতে পারেন আবার ভবনের বাহ্যিক ও অভ্যন্তরীণ সুবিধাও নিতে পারেন। ভবনটিতে আমরা যতটা সম্ভব প্রাকৃতিক আলো ঢোকার ব্যবস্থা করেছি। ভবনটি এত জনপ্রিয় হওয়ার পেছনে এটি একটি কারণ।'

জেনিফার গেটসের মালিকানাধীন পেন্টহাউসটি তিনতলা। ভবনের ৫৩টি আবাসনের মধ্যে এটি সবচেয়ে বড়। এর সঙ্গে ভবনের ১৫টি পার্কিং স্পেসের দুটি অন্তর্ভুক্ত আছে। এ ছাড়া নিজস্ব লিফটসহ ব্যক্তিগত লিফটের সুবিধাও রয়েছে।অ্যাপার্টমেন্টের লেআউট পরিকল্পনার অংশ হিসেবে ছয়টি শোবার ঘর, ছয়টি বাথরুম ও দুটি পাউডার রুম (হাফ বাথরুম) আছে।

অ্যাপার্টমেন্টের ভেতরের নকশার মধ্যে আছে পাইন বিম, সংস্কার করা জানালা, শেফ'স কিচেন, একটি বার ও একটি গ্যাস ফায়ারপ্লেস। এ ছাড়া একটি ৭০ ফুটের ইনডোর পুল, একটি জিম, ইয়োগা স্টুডিও, শিশুদের খেলার ঘর এবং বাইক ও ওয়াইন সংরক্ষণের জায়গাও আছে।

থেরেসা জেনোভেসের তথ্য অনুযায়ী, তারকাদের পছন্দ অনুযায়ী ভবনটিতে বাসার সংখ্যার চেয়েও বেশি লিফট সংযুক্ত করা আছে। এ কারণে বাসিন্দাদের বাইরে না গিয়েও সরাসরি বাসা থেকে গাড়িতে ওঠার সুযোগ সৃষ্টি হয়েছে।

জেনিফার গেটসের মালিকানাধীন পেন্টহাউসটি তিনতলা। ভবনের ৫৩টি আবাসনের মধ্যে এটি সবচেয়ে বড়। এর সঙ্গে ভবনের ১৫টি পার্কিং স্পেসের দুটি অন্তর্ভুক্ত আছে। এ ছাড়া নিজস্ব লিফটসহ ব্যক্তিগত লিফটের সুবিধাও রয়েছে।জেনিফার গেটস তাঁর অ্যাপার্টমেন্টে ব্যক্তিগত স্পেস ছাড়াও ভেতরের আঙিনা ও ছাদ ভাগ করে ব্যবহার করতে পারেন। এই সুবিধা নিউইয়র্ক সিটিতে প্রায় বিরল।

কম আয়ের মানুষদের বিদ্যুত বিলে

(প্রথম পাতার পর)

ও তালিকাভুক্ত হয়ে যাবেন। আর যারা শুধু মেডিকেইট, ফেডারেল পাবলিক হাউজিং এসিসটেন্স এবং পেনশন ভোগ করছেন তাদেরকে এ সুবিধা পেতে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পরই প্রতিমাসে বিদ্যুত বিলের ওপর ডিসকাউন্ট পাওয়া যাবে। উল্লেখ্য, ফেডারেল ও স্টেট কর্তৃপক্ষের পক্ষ থেকে কম আয়ের মানুষের জীবনধারণে সহায়তার জন্য আরো অন্তত দশটি প্রকল্প চালু আছে।

মাঝ আকাশে পাইলট

(প্রথম পাতার পর)

পাইলট। নিজের আসনের নিচে তিনি সাপের অস্তিত্ব টের পেলেন। যেনতেন সাপ নয়, এটা যে বিষাক্ত গোখরো! এরপর উড়োজাহাজ নিয়ে জরুরি অবতরণ করেন তিনি। দক্ষিণ আফ্রিকায় গত সোমবার এ ঘটনা ঘটে। চারজন যাত্রী নিয়ে উড়োজাহাজটি দেশটির ওরচেস্টার থেকে নেলসপ্রুট যাচ্ছিল। পরে উড়োজাহাজটি দেশটির ওয়েলকম শহরের বিমানবন্দরে জরুরি অবতরণ করে। পাইলট রুডলফ ইরাসমাস বলেন, মাঝ আকাশে তিনি পিঠের নিচের দিকে ঠান্ডা কিছু একটা অনুভব করছিলেন। পরে তাকিয়ে দেখেন, তাঁর আসনের নিচে মোটামুটি বড় একটা গোখরো সাপ মাথা লুকিয়ে আছে।

বিষয়টি বুঝতে পাইলট রুডলফের কিছুক্ষণ সময় লাগে। তারপরও তিনি ঘাবড়ে না গিয়ে উড়োজাহাজটিকে দ্রুত জরুরি অবতরণ করানোর সিদ্ধান্ত নেন।

পাইলট রুডলফ বলেন, 'আমি সাপটির দিকে তাকিয়ে ছিলাম। সাপ নিয়ে আমার তেমন ভীতি নেই। তবে এটা সত্য, আমি কখনো সাপের খুব কাছে যাইনি।'

পাইলট যখন সাপের অস্তিত্ব টের পান, তখন উড়োজাহাজটি দক্ষিণ আফ্রিকার মধ্যাঞ্চলীয় ওয়েলকম শহরের বিমানবন্দরের কাছে ছিল। জরুরি অবতরণের অনুমতির জন্য পাইলট তখন এয়ার ট্রাফিক কন্ট্রোলে ফোন করেন। ফোন করার পর তাঁকে উড়োজাহাজটি নিয়ে আরও ১০ থেকে ১৫ মিনিট আকাশেই থাকতে হয়। পরে তিনি নিরাপদে উড়োজাহাজটিকে অবতরণ করান।

অবতরণের পর উড়োজাহাজটিতে তন্ন তন্ন করে তল্লাশি চালানো হয়। কিন্তু সাপটিকে আর খুঁজে পাওয়া যায়নি। সাপটি সবার অলক্ষ্যে উড়োজাহাজ থেকে বেরিয়ে গেছে নাকি রয়ে গেছে, তা পরিষ্কার নয়।

পঞ্চম বিয়ে করছেন না ৯২ বছর বয়সী মারডক

বাংলা পত্রিকা ডেস্ক : মিডিয়া মুঘল ও ধনকুবের রুপার্ট মারডক এবং রেডিও উপস্থাপিকা অ্যান লেসলি স্মিথ বিয়ের সিদ্ধান্ত বাতিল করেছেন। তাঁরা তাঁদের বাগ্‌দান ভেঙে দিয়েছেন। মারডকের ঘনিষ্ঠ সূত্রের বরাতে যুক্তরাষ্ট্রের সাময়িকী ভ্যানিটি ফেয়ার গতকাল মঙ্গলবার এমন তথ্য প্রকাশ করেছে।

এক মাসের কম সময় আগে ৯২ বছর বয়সী রুপার্ট মারডক নিজের মালিকানাধীন সংবাদমাধ্যম নিউইয়র্ক পোস্টকে বলেছিলেন, তিনি ও অ্যান লেসলি স্মিথ বিয়ে করার সিদ্ধান্ত নিয়েছেন। তাঁদের বাগ্‌দানও হয়। আগামী গ্রীষ্মে বিয়ের পরিকল্পনা করেছিলেন মারডক।

তবে গতকাল মারডকের এক ঘনিষ্ঠ সূত্রের বরাতে ভ্যানিটি ফেয়ারের প্রতিবেদনে বলা হয়, হঠাৎ করে ওই বিয়ের পরিকল্পনা বাতিল করা হয়েছে। সূত্রের বরাতে ওই সাময়িকী জানায়, ৬৬ বছর বয়সী স্মিথের খ্রিষ্টীয় রক্ষণশীল চিন্তাধারা নিয়ে মারডক অস্বস্তিতে পড়েছেন।

তবে গত মাসে বিয়ের ঘোষণা দেওয়ার সময় মারডককে বেশ উৎসাহী দেখা গিয়েছিল। তিনি তখন নিউইয়র্ক পোস্টকে বলেছিলেন, 'প্রেমে পড়ার পর আমি ভয় পেয়ে গিয়েছিলাম। তবে আমি বুঝে গিয়েছিলাম, এটাই আমার শেষ প্রেম। এটা ভালো। আমি খুশি।'

অ্যানের সঙ্গে রুপার্টের প্রথম দেখা হয় গত বছর ক্যালিফোর্নিয়ার এক অনুষ্ঠানে। সেখানেই পরিচয়, পরে তা গড়ায় প্রণয়ে। দ্য ওয়াল স্ট্রিট জার্নাল, ফক্স নিউজসহ বিভিন্ন সংবাদমাধ্যমের মালিক মারডক। ফোর্বসের হিসাব অনুযায়ী, মারডকের মালিকানাধীন এসব প্রতিষ্ঠানের মূল্য দুই হাজার কোটি ডলারের বেশি।

লেসলি স্মিথকে বিয়ে করলে এটি হতো মারডকের পঞ্চম বিয়ে।রুপার্ট মারডক প্রথম বিয়ে করেছিলেন ১৯৫৬ সালে, অস্ট্রেলিয়ান বিমান সেবিকা প্যাট্রিসিয়া বুকারকে। ১৯৬৭ সালে তাঁদের বিচ্ছেদ হয়। ওই বছরই স্কটিশ বংশোদ্ভূত সাংবাদিক আন্না মানকে বিয়ে করেন তিনি। ১৯৯৯ সাল পর্যন্ত তাঁদের সংসার টিকেছিল।

এরপর চীনা বংশোদ্ভূত উদ্যোক্তা ওয়েন্ডি ডেংকে বিয়ে করেন রুপার্ট। ১৯৯৯ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত তাঁরা সংসার করেন। এরপর ওয়েন্ডির সঙ্গেও বিচ্ছেদ হয় মারডকের।২০১৬ সালে লন্ডনে রুপার্ট বিয়ে করেন সাবেক সুপার মডেল জেরি হলকে। গত বছর তাঁদের বিচ্ছেদ হয়ে।রুপার্ট মারডকের ছয় সন্তান।

সারাজীবন পাপের পথে চলে শেষ জীবনে কি সব ডিলিট হয়: আজহারী

বাংলা পত্রিকা ডেস্ক : সম্প্রতি নিজের শেষ ইচ্ছার কথা জানিয়েছেন প্রিয়দর্শিনী ঢাকাই সিনেমার জনপ্রিয় নায়িকা মৌসুমী। বলেছেন, তিনি মারা গেলে তার লাশ যেন কেউ না দেখে এবং তার ছবি যেন সবাই মোবাইল ফোন থেকে মুছে ফেলেন। মৌসুমী হজে যাওয়ার ইচ্ছার কথাও জানিয়েছেন। নায়িকার সেই বক্তব্য নিয়ে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। কেউ কেউ সমালোচনাও করছেন।

মৌসুমীর বক্তব্য নিয়ে কথা বলেছেন ইসলামিক গবেষক ও আলোচিত ধর্মীয় বক্তা মিজানুর রহমান আজহারী। শুক্রবার নিজের ইউটিউব চ্যানেলে মৌসুমী প্রসঙ্গে কথা বলেন তিনি। মৌসুমীর নাম উল্লেখ না করে মিজানুর রহমান আজহারী বলেন, সম্প্রতি বাংলাদেশে এক চিত্রনায়িকার আকুতির কথা শুনেছি। তিনি বলেছেন আমার মৃত্যুর পর আমার সিনেমা, ভিডিওগুলো ডিলিট করে দেবেন। সারাজীবন পাপের পথে চলে, পাপের কর্মকা- জড়িত থেকে শেষ জীবনে এটা বললে কি আসলে ডিলিট হয়।

এ সোশ্যাল মিডিয়ার জগতে নিরঙ্কুশ স্বাধীনতা বলে কিছুই নেই। আমি চাইলেই কি সব কিছু ডিলিট করতে পারব। তাই আমরা শেষ সময়ে না বুঝে, শালীনতার পথে, সত্যের পথে, কল্যাণের পথে এখন থেকেই যেন থাকি। সময় চলে যাওয়ার পর যেন আমরা না বুঝি।

আমাদের চিত্রনায়িকা যে বোন এ আকুতি পেশ করেছেন, আসলে কি তার পক্ষে গোটাবিশ্বে দর্শক-শ্রোতাদের কাছে তার মুভি, ভিডিওগুলোর যে সিন আছে, সেগুলো কি আসলে ডিলিট করা সম্ভব। দেখা যাবে, মৃত্যুর পরও সেগুলো চলতে থাকবে। অন্য চিত্রনায়িকাদের উদ্দেশ্যেও কথা বলেন আজহারী। তিনি বলেন, এ বোনের কথা শুনে, রুপালি পর্দার অন্যান্য বোনেরা, আমরাও যেন একটু উপলব্ধি করি, আমরা কোন পথে হাঁটছি। আমার কাজ, ক্যারিয়ার কি আল্লাহর সন্তুষ্টির পথে আছে? এটা দিয়ে কি আসলে গণমানুষের কল্যাণ হচ্ছে। নাকি অশ্লীলতার দিকে ধাবিত হচ্ছি। একটু চিন্তা করি আমরা। একটু চিন্তা করি আমাদের লাইফস্টাইল সম্পর্কে।

মানুষের হৃদয়ে একটি নুর থাকে আর কুরআন একটি নুর। দুই নুর একত্রিত হলে আলোকিত হবে।প্রত্যেকের মধ্যে সেই সত্য আছে। একটু চিন্তা করলেই বেরিয়ে আসবে। সঠিক উত্তর পেয়ে যাবেন। চলচ্চিত্র জগতের পথটা কেমন। তবে শালীনভাবে কোনো কিছু উপস্থাপন করলে ভিন্নকথা। অশ্লীলতার দিকে ধাবিত করে এমন চলচ্চিত্র, এগুলোর জন্য আমরা কি জবাব রেডি করেছি।

বাংলা বর্ষবরণ উৎসব ১৪৩০

Bangla New year Festival 2023

ঈদ উৎসব EID FESTIVAL

২৩ এপ্রিল ২০২৩ রবিবার

বিকাল ৩টা-রাত ১২ টা

স্থান: কুইন্স প্যালেস

37-11, 57th Street
Woodside, NY 11377

শাড়ী কাপড় জুয়েলারী স্টল

রকমারি পিঠার স্টল

বৈশাখী ফ্যাশন শো

আকর্ষনীয় র‍্যাফেল ড্র

পান্তা ইলিশ

FREE
পান্তা ইলিশ, ভর্তা বিতরণ
বিকাল ৪ টায়



প্রবেশ উন্মুক্ত

SHOW TIME MUSIC

For More Information
646 546 6038

দ্রব্যমূল্যের রাজনৈতিক অর্থনীতি

॥ এম এম আকাশ ॥

সাধারণভাবে সব দ্রব্যের দামই ক্রমাগত বেড়ে চলেছে। একেই আমরা নাম দিয়েছি মূল্যস্ফীতি। রাজনৈতিক অর্থনীতির দৃষ্টিতে এর আরেকটি অর্থ হচ্ছে 'জনগণের আয়' দ্রব্যের দামের তুলনায় অপর্যাপ্ত। তখন সেটা আর দ্রব্যমূল্যের সমস্যা বলে বিবেচিত হবে না; পরিণত হবে আয় বণ্টনের সমস্যায়। যেমন এ কথা অনায়াসে তখন বলা যাবে যে, 'বড়লোকদের' কিছু টাকা দরিদ্রদের হাতে চলে গেলে বড়লোকরা তখন পোলাও খেয়ে পেট খারাপ না করে ভাত খেয়ে আগের চেয়ে ভালোই থাকবেন। অন্যদিকে ওই টাকা পেয়ে দরিদ্ররা এখন যেমন একদম না খেয়ে আছেন, তখন আর না খেয়ে থাকবেন না। অন্তত ভাতটুকু খেয়ে বেঁচে থাকবেন।

সর্বজনীন এই সহজ সমাধান মোটেও সহজসাধ্য নয়। কারণ আয় বণ্টন ব্যবস্থা না বদলে দ্রব্যমূল্য সমস্যার এমন অভিনব সমাধান সম্ভব না। আয়বণ্টন আবার নির্ভর করে উৎপাদন পদ্ধতিতে কোন শ্রেণির কী ধরনের এবং কতটুকু আধিপত্য তার ওপর। এ জন্যই সমাজে সম্পদের মালিক বা দক্ষ লোকদের আয় বেশি হয়ে থাকে এবং তাঁরা নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি নিয়ে অত বেশি চিন্তিত থাকেন না। তাদের মোট আয়ের বেশিরভাগ অংশ ব্যয়িত হয় নানা উচ্চতর সেবার জন্য অথবা পুঁজিদ্রব্য বা টেকসই ভোগ্যদ্রব্য ক্রয়ের জন্য। ফলে চালের দাম বাড়লে বড়লোকদের চিন্তা নেই, কিন্তু মার্সিডিজ গাড়ি বা টিভির দাম বাড়লে চিন্তা বেশি। তাই খাদ্যপণ্যের মূল্যবৃদ্ধির সাম্প্রতিক সমস্যাটি নিয়ে দেশের দরিদ্র জনগণই বেশি চিন্তিত এবং তাদের জন্য সমাধানই খুঁজে বের করতে হবে।

সরকার এ কথা জানে যে, খাদ্যমূল্য যদি বৃদ্ধি পায় তাহলে নিম্নআয়ের লোকেরা তৎক্ষণাৎ প্রকৃত আয় হ্রাসের সম্মুখীন হন। তখন বাধ্য হয়ে তাদের ভোগ কমাতে হয়। এই সহজ সত্যটি সানেম নামক গবেষণা সংস্থার সাম্প্রতিক জরিপ থেকে বেরিয়ে এসেছে। সানেমের মতে, সাম্প্রতিক দ্রব্যমূল্য বৃদ্ধি আসলে দরিদ্রদের আয়ের ওপর এক ধরনের 'নিষ্ঠুর কর' আরোপন। অর্থনীতিবিদ, বিশেষ করে প্রগতিশীল অর্থনীতিবিদরা সাধারণত বলে থাকেন, মুদ্রাস্ফীতি হচ্ছে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য নিষ্ঠুরতম 'কর'।

সানেমের তথ্য থেকে শুধু নয়, পরিসংখ্যান ব্যুরোর তথ্য থেকেই দেখা যায়, ফেব্রুয়ারী ২০২২ সালে পয়েন্ট টু পয়েন্ট (অর্থাৎ ২০২১ সালের ফেব্রুয়ারি থেকে ২০২২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত) মুদ্রাস্ফীতির হার ছিল মাত্র ৬ দশমিক ১৭ শতাংশ। অথচ ২০২৩ সালের ফেব্রুয়ারীতে এসে দেখা যাচ্ছে, এ হারটা হয়েছে ৮ দশমিক ৭৪ শতাংশ। সর্বশেষ হিসাবে দেখা যায়, তা দাঁড়িয়েছে ৯ শতাংশেরও ওপরে। সানেমের মতে, দরিদ্ররা যেহেতু মূলত নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্য বেশি ক্রয় করেন এবং সেই পণ্যগুলোর দাম যেহেতু তুলনামূলকভাবে বেশি বৃদ্ধি পেয়েছে, সে জন্য দরিদ্রদের জন্য কার্যকর মূল্যস্ফীতি হয়তো দুই অঙ্কের মাত্রায় উপনীত হয়ে গেছে।

এই সত্যের ভিত্তিতে সানেম ১ হাজার ৪৪৩টি দরিদ্র



পরিবারের ওপর জরিপ চালিয়ে যে তথ্য পেয়েছে, তা এমন- ক) ছয় মাস আগের তুলনায় চালের ভোগ কমিয়েছে গড়ে ৩৭ শতাংশ দরিদ্র পরিবার। খ) ডালের ভোগ কমিয়েছে ৪৬ শতাংশ পরিবার। গ) মাংসের ভোগ কমিয়েছে ৯৬ শতাংশ পরিবার। ঘ) মাছের ভোগ কমিয়েছে ৮৮ শতাংশ পরিবার। ঙ) ডিমের ভোগ কমিয়েছে ৭৭ শতাংশ পরিবার। চ) তেলের ভোগ কমিয়েছে ৮১ শতাংশ পরিবার। চ) অন্যান্য পণ্যের ভোগ কমিয়েছে ৫৯ শতাংশ পরিবার।

মজার ব্যাপার, এই সহজ অবশ্যম্ভাবী তথ্যচিত্রটি সরকারের পছন্দ হয়নি। তারা 'ধান ভানতে শিবের গীত' গেয়েছে। সংবাদ সম্মেলন করে বলেছে যে সানেম বিদেশি অর্থে এসব 'ভ্রান্ত' গবেষণা ও জরিপ চালিয়ে যাচ্ছে। আমি যতদূর জানি, সানেম পরিচালক ড. সেলিম রায়হানের কাছেও শুনেছি, সংস্থাটি সরকারের হয়েও অতীতে অনেক গবেষণা ও নীতি-পরামর্শ প্রণয়ন করেছে। অনেক সময় সরকার তা সাদরে গ্রহণও করেছে। নির্বাচনের বছরে এসে অপ্রিয় সত্য সরকারের চক্ষুশূলে পরিণত হয়েছে?

আসলে সরকারের উচিত লুটেরা ব্যবসায়ী-সিন্ডিকেটের পূজা না করে অবাধ ভর্তুকিহীন নয়া উদারনৈতিক বাজার দর্শনের অনুসারী না হয়ে দরিদ্রদের সুরক্ষার জন্য তাদের দ্রুত ক্ষুধা থেকে মুক্তি দিয়ে তাদের জন্য খাদ্যপণ্যের দাম কমিয়ে আনা। দরিদ্রদের পাবলিক ফুড ডিস্ট্রিবিউশন সিস্টেম (পিএফডিএস)-এর আওতাভুক্ত করে তাদের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করা। সেটিই হবে প্রকৃত মুক্তিযুদ্ধের চেতনা। তা না হলে রাজনৈতিক স্বাধীনতা অর্জিত হলেও এটি ক্ষুধামুক্তিতে পরিণত হতে পারবে না। রাজনৈতিক গণতন্ত্রও অর্থনৈতিক গণতন্ত্রে পরিণত হবে না।

সানেম প্রকাশিত জরিপ প্রতিবেদনটির ইংরেজি শিরোনামের বাংলা অর্থ হতে পারে এমন 'বাংলাদেশের দরিদ্রতর পরিবারের জীবিকার ওপর মূল্যস্ফীতির প্রভাব: সানেম পরিচালিত দেশব্যাপী জরিপের ফল'। চলতি বছরের ৯-১৮ মার্চ পরিচালিত এই সময়োচিত জরিপের জন্য সানেমকে ধন্যবাদ জানাচ্ছি।

প্রতিবেদনের শেষ পর্যায়ে সানেম কিছু আশু করণীয়ের প্রস্তাব করেছে। যেমন বাজারে খাদ্যপণ্যের সরবরাহ বাড়াতে হবে। সে জন্য অভ্যন্তরীণ উৎপাদন বাড়াতে হবে এবং বিকল্প আমদানির উৎস খুঁজে বের করতে হবে। খাদ্যপণ্যের দাম কমিয়ে দরিদ্র মানুষের আয়ের নাগালের মধ্যে আনতে হবে। সরকারের পক্ষ থেকে অসুবিধাগ্রস্ত পরিবারগুলোর জন্য বিশেষ সামাজিক সুরক্ষা কর্মসূচির পরিধি বাড়াতে হবে। যেমন টিসিবি কার্ডের বর্ধিত ব্যবস্থা, বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যকর সমন্বয় করে সঠিক লোকের জন্য সঠিক সাহায্যের ব্যবস্থা করা, দুর্নীতি ও অপাত্রে দান বন্ধ করা ইত্যাদি। পাশাপাশি বাজার মনিটরিং জোরদার করা।

আশু করণীয়ের পাশাপাশি দীর্ঘমেয়াদি কাঠামোগত পরিবর্তনের কথাও বিবেচনা করা যেতে পারে। যেমন

ক. উৎপাদনশীল শ্রমের মালিকদের জন্য ফসলি জমির অভিগম্যতা নিশ্চিত করার জন্য অনুপস্থিত ভূস্বামীদের জমি সরকারের ভূমি-ব্যাংকে নির্দিষ্ট বন্ডের বিনিময়ে অধিগ্রহণ করে পুনর্বণ্টনের ব্যবস্থা করা। অনুপস্থিত ভূস্বামীরা এখন যে হারে নগদ খাজনার বিনিময়ে জমি ভাড়া দিচ্ছেন, সেটাই তাঁরা কেন্দ্রীয় সরকারি ল্যান্ড ব্যাংকের সঙ্গে চুক্তির মাধ্যমে করবেন। পরবর্তী সময়ে সরকার তা উৎপাদনশীল শ্রমের মালিকদের কাছে কৃষি উপকরণ বা ঋণ পুঁজিসহ অর্পণ করবে। এভাবে সামাজিক অসমতা দূর হবে। ফসল উৎপাদন বৃদ্ধি পাবে। জমির পরিকল্পিত ব্যবহার নিশ্চিত হবে। এটি হবে এক নতুন ধরনের রক্তপাতহীন ভূমি সংস্কার।

খ. বাজার বা সরবরাহ ব্যবস্থায় উল্লম্বিক সংশ্লেষণের মাধ্যমে উৎপাদক থেকে ক্রেতা পর্যন্ত নানা ধরনের বিপণন সমবায় তৈরির মাধ্যমে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য থেকে ভোক্তা ও উৎপাদক উভয়কে রক্ষা করার ব্যবস্থা করতে হবে।

গ. বৃহৎ সিন্ডিকেট, একচেটিয়া আমদানি ব্যবসায়ী, একচেটিয়া বাজার নিয়ন্ত্রক ইত্যাদির বিরুদ্ধে দলমত নির্বিশেষে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।

ঘ. বাজার দাম সম্পর্কে প্রতিনিয়ত সব তথ্য সবার জন্য নিয়মিত প্রাপ্তির ব্যবস্থা করতে হবে।

ঙ. গ্রামের ছোট-বড় অসংখ্য এসএমইর জন্য একটি আলাদা ব্যাংক ও আলাদা মন্ত্রণালয় গঠন করে বৃহতের একচেটিয়া আধিপত্য খর্ব করে ক্ষুদ্র ও মাঝারিদের নিয়ে গণতান্ত্রিক প্রতিযোগিতামূলক বাজার প্রতিষ্ঠিত করতে হবে। এভাবেই সম্ভব হবে দ্রব্যমূল্য সমস্যার একটি গ্রহণযোগ্য আর্থসামাজিক-রাজনৈতিক সমাধান।

লেখক: অর্থনীতিবিদ



কামাল আহমদ স্মরণে দোয়া ও ইফতার মাহফিল















(শেষের পাতার পর)

চেয়ারম্যান মো. আজিজ, বর্তমান সভাপতি আব্দুর রব মিয়া, সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল হোসেন খান, আব্দুর রহিম হাওলাদার, রানা ফেরদৌস চৌধুরী, মোহাম্মদ আলী, ছদরুন নূর চৌধুরী, আব্দুল হাশিম হাসনু, আতাউর রহমান সেলিম, বদরুল ইসলাম বাবলা, মোস্তফা কামাল ও আব্দুল মান্নান। পরিবারের পক্ষ থেকে স্মৃতিচারণ করেন মরহুম কামাল আহমদের কণ্যা রুমানা আহমদ।







চিত্রেঃ মরহুম কামাল আহমেদ স্মরণে তাঁর পরিবার আয়োজিত ইফতার মাহফিল

ছবিঃ বাংলা পত্রিকা

















Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

VIVID MORTGAGES® INC.

Crystal Clear Loans®

আপনার স্বপ্নের বাড়ি



ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি **NMLS# 244341**

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

YOUR DREAM HOUSE



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

For Free consultation & Pre-Approval

Hope Sekezi : NMLS # 244341

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com www.vividmortgages.com

211-35 Jamaica Ave. Queens Village, NY 11428

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

EQUAL HOUSING OPPORTUNITY

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

নিউ আমেরিকান ভোটার এসোসিয়েশনের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা কাটজ এবং কাউন্সিল মেম্বার লিন্ডা লিকে সমর্থন



নিউ আমেরিকান ভোটার অ্যাসোসিয়েশন পলিটিক্যাল অ্যাকশন কমিটি (NAVA PAC) জেলা ২৩-এ পুনরায় নির্বাচনের জন্য কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা কাটজ এবং সিটি কাউন্সিল মেম্বার লিন্ডা লিকে সমর্থন ঘোষণা করেছে।

গত রবিবার কুইন্সের রিচি রিচ প্যালেসে দুপুর দুইটায় এক প্রেস কনফারেন্সের মধ্যে দিয়ে আনুষ্ঠানিক ঘোষনা দেয় নিউ আমেরিকান ভোটার অ্যাসোসিয়েশন পলিটিক্যাল অ্যাকশন কমিটি ।

NAVA PACএর সমর্থন পেয়ে ডিস্ট্রিক্ট অ্যাটর্নি কাটজ বলেছেন, "নিউ আমেরিকান ভোটার অ্যাসোসিয়েশনের অনুমোদন পেয়ে আমি খুবই সম্মানিত। তাদের কণ্ঠস্বর আমাদের বিভিন্ন বরোতে, সমস্ত সম্প্রদায়ের মধ্যে এবং আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থাকে ন্যায্য এবং ন্যায়সঙ্গত করতে সাহায্য করার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আমি আমার পরবর্তী চার বছরের মেয়াদে তাদের সাথে কাজ চালিয়ে যাওয়ার অপেক্ষায় রয়েছি কারণ আমরা আমাদের অভিবাসী জনসংখ্যাকে দুর্বলদের বিরুদ্ধে অপরাধ থেকে রক্ষা করতে এবং আমাদের কাউন্টি জুড়ে কুইন্স পরিবারগুলিকে সুরক্ষিত রাখতে অব্যাহত রেখেছি।

একইভাবে, কাউন্সিলের সদস্য লি বলেছেন, "আমি নিউ আমেরিকান ভোটার অ্যাসোসিয়েশনের কাছ থেকে সমর্থন পেয়ে তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এই অনুমোদনটি আমার কাছে অনেক অর্থবহ, বিশেষ করে নিউ ইয়র্ক সিটিতে অভিবাসী সম্প্রদায়ের জন্য এত বছর কাজ করার এবং লড়াই করার পরে। আমাদের সম্প্রদায়ের জন্য আপনার করা সমস্ত গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় কাজের জন্য সংগঠনটির প্রেসিডেন্ট দিলীপ নাথ এবং NAVA কে অনেক ধন্যবাদ।

এসময় NAVA-এর সভাপতি ডাঃ দিলীপ নাথ মন্তব্য করেছেন, "মেলিন্ডা কাটজ কুইন্স ডিএ হিসাবে ন্যায়বিচারের একটি নতুন যুগের সূচনা করেছেন। জনসেবায় তার পুরো বিশিষ্ট কর্মজীবনে তিনি নেতৃত্বের জন্য একটি সম্প্রদায়কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি দেখিয়েছেন। তিনি দেখিয়েছেন যে তিনি নতুন আমেরিকান এবং অভিবাসী সম্প্রদায়ের কথা শোনেন এবং তাদের অধিকার নিশ্চিত করার জন্য যা যা করা দরকার তাই করবেন।

এসময় অনুষ্ঠানে সেনেটর রোক্সান পারসাউড, সেনেটর জন লিউ, অ্যাসেম্বলি সদস্য ডেভিড ওয়েপ্রিন , সিটি কাউন্সিলের সদস্য লিন শুলম্যান, লোইস মারবাচ, এবং প্রাক্তন সিটি কাউন্সিল সদস্য এলিজাবেথ ক্রাউলি উপস্থিত থেকে ঘঅঠঅ'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

উলেখ্য নিউ আমেরিকান ভোটার অ্যাসোসিয়েশন পলিটিক্যাল অ্যাকশন কমিটি (NAVA PAC) ২০০৭ সালে প্রতিষ্ঠিত হয়। একটি শহর-ব্যাপী রাজনৈতিক অ্যাকশন কমিটি নতুন আমেরিকানদের ক্ষমতায়ন এবং অভিবাসীদের অধিকার সুরক্ষিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। NAVA নিউ ইয়র্ক স্টেট জুড়ে নতুন অভিবাসী সম্প্রদায়কে শিক্ষিত করে এবং তাদের ভোটদানে উৎসাহিত করে। ঘঅঠঅ স্থানীয়, রাজ্য এবং ফেডারেল নির্বাচনে ভোটারদের উপস্থিতি বাড়ানোর জন্য একান্ত ভাবে কাজ করে যাচ্ছে। জাতিগত এবং সম্প্রদায়-ভিত্তিক মিডিয়ার সাথে অংশীদারিত্বের মাধ্যমে প্রচার প্রচার করার সময়, এবং সংগঠনগুলি যেগুলি কম প্রতিনিধিত্ব করা সংখ্যালঘু গোষ্ঠী থেকে নতুন আমেরিকান ভোটারদের উপর ফোকাস করে।



মোহাম্মদ তৈয়েবুর রহমান হারুন তৃতীয় বারের মতো কমিউনিটি বোর্ড মেম্বার নির্বাচিত

তৃতীয় বারের জন্য নিউইয়র্ক সিটির কুইন্স কমিউনিটি বোর্ড-৮ এর একজন মেম্বার হিসেবে নিয়োগ পেলেন বিশিষ্ট কমিউনিটি এক্টিভিষ্ট, মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইনক এর বর্তমান প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা সভাপতি মোহাম্মদ তৈয়েবুর রহমান হারুন। জনাব মোহাম্মদ তৈয়েবুর রহমান হারুন কুইন্স বরো প্রেসিডেন্ট জনাব ডোনাভান রিচার্ড কর্তৃক আগামী দুই বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হন।

কমিউনিটি বোর্ড নিউইয়র্ক সিটির সকল কমিউনিটি বিনির্মানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কোথায় নতুন স্কুল নির্মিত হবে, কোন জোনে কত তলা ভবন হবে, কোথায় মদের দোকান হবে, সিটি বাজেটে অংশগ্রহণসহ অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে থাকে। তারা তাদের নিজেদের কমিউনিটির উন্নয়ন সাধনের জন্য সিটি চাটারকে নিজস্ব প্ল্যান দিতে পারে। তিনি বাংলাদেশী তথা দক্ষিণ এশিয়ান কমিউনিটির উন্নয়নের জন্য কাজ করবেন বলে অঙ্গীকার করেছেন। জনাব মোহাম্মদ তৈয়েবুর রহমান হারুন সকলের দোয়া ও সহযোগিতা কামনা করেছেন।




নিউইয়র্কের কুইন্স বরো প্রেসিডেন্টের অফিস কর্তৃক বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস উদযাপন ও কমিউনিটি সেবা ও নেতৃত্বে অবদানের জন্য বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদকে বিশেষভাবে সম্মাণিত করায়



কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস জুনিয়র এর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা।











BANGLA CDPAP SERVICES
বাঙালীর জন্য বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্য
www.banglacdpap.com
888-212-3237
info@banglacdpap.com

বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক্
অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্

ALEGRA® HOME CARE INC.
Care With Love Is Humanity
www.alegracare.com
888-212-3237
info@alegracare.com

সাহিত্য সাময়িকী

মানুষের প্রতিচ্ছবি
নাসির আহমেদ

নিজেকে অচেনা লাগে । আয়নায় তাকাই
দেখি প্রতিবিম্বহীন আমি, প্রতিচ্ছায়াহীন
কিছুই পাই না, শুধু কাচ ও পারদ,
দৃশ্যহীন-প্রতিচ্ছবিহীন,আমি যেন শাদা কাচ!

জ্ঞানীর ভঙ্গিমা নিয়ে তাকাই নিজের দিকে
প্রতিধ্বনি পেয়ে যাই ক্বলবে আমার!
যেন স্বচ্ছ নীলাকাশে একখন্ড কালো মেঘ একা!
নিজেরই দীণতা দেখে ফেলি অকস্মাৎ ।

আপন বিভ্রম নিয়ে মানুষ বিমুগ্ধ নার্সিসাস!
আয়নায় বিম্বিত ছবি হঠাৎ চৌচির ফেটে যায়!
মানুষ জানে না তার দেখা যে কতটা কম!
জানা যে কতটা ক্ষুদ্র! ভুল সবই ভুল ।

গবাদি পশুরও কিছু কৃতজ্ঞতা থাকে,
বন্যপশু তারও আছে ন্যায়-নীতি আঘাত না পেলে;
শুধু মানুষ বোঝে না তার চরম মূর্খতা!
ধ্যানীর ভঙ্গিমা তার সাধক না হয়ে!

অন্ধকারে ডুবে আছো, চাই আলো অন্বেষণ
শিশুর সারল্যে তুমি বৃক্ষজ্ঞান ধরো ।

কাম্য-অকাম্য
তোফায়েল তফাজ্জল

কাম্য আলো আসে কুকুর দৌড়ানি দিতে
পাকাপোক্ত হয়ে থাকা ঘোর অন্ধকার,
প্রয়োজনে পুড়িয়ে দিতেও । যেমন, অসহ্য অনুরাগে পোড়ে
শ্যামাপোকা, ভাবের সতীর্থ বা পদাঙ্ক অনুসারী ।
জানি না, এসব আত্মঘাতী নাকি আত্মোৎসর্গকারী!

নদীনালা, সাগরের পানি, ঝরনা-বৃষ্টি
সৃষ্টি সুখের সৌষ্ঠবে, পিপাসা বারণে ।
তা হঠাৎ হঠাৎ বদলায় রঙ, আবেগের বসে ফেঁপেফুলে ফণা তুলে
হিংসা-প্রতিহিংসা ঢেলে কোনো কোনো অংশ করে নীল ।
তাই বলে একে চাপিয়ে দেবে কি পাথর-দোসর?

মৃদুমন্দ বায়ু সবার শরীর ছোঁয় কাশফুলের নম্রতায়,
পাপড়ির ভাষায় কথা বলে ঘরে ঘরে ।
কখনোবা হয়ে ওঠে কোটি বাঘ, হাতি থেকেও অধিক ভয়ঙ্কর ।
সঙ্গে সঙ্গেই বলবে কি একে বন্যজাত ?

সেরা জীব এলো এখানে অতিথি বেশে ।
প্রত্যেকে তেমন কিছু করবে যা ঘটাবে রেখাপাত ।
রেখে যাওয়া অর্থকরী, বিদ্যাবুদ্ধি, দেখানো পথের প্রশস্ততা
ধরে রাখবে উত্তরসূরি, রক্তসূত্রে কখনো বা অসূত্রেও ।
এগুলোর বিচ্ছুরণে যদি লেজ গুটিয়ে পালায় এক কণা নেতিবোধ,
যা কাউকে জ্বালায়, ছোট করে
তবেই সার্থক আগমন ।

সরল তবুও দুর্বোধ্য
মাহমুদ কামাল

মনে আছে
কেন যে মনে আছে!
মনে নেই
কেন যে মনে নেই!
সারাদিন মনে থাকা না থাকা নিয়ে
নিজের সাথেই খুনসুটি হলো
যা কিছু মনে আছে
তা না থাকলেই ভালো হতো
যা কিছু মনে নেই
এই অকূল পাথারে
কিভাবে সেই সব
ফিরে পাবো?
এ ভাবেই
আছি
এ এভাবেই একদিন
নেই...
কী সহজ সরল অংক
তবুও দুর্বোধ্য ।

পাথর
মাসুম আহমদ

তারপর মানুষটি একদিন হুট করে
পাথর হয়ে গেলো, বনেদি পাথর ।
সন্ধ্যের ঠিক আগে আগে সে পাথরে
দল বেঁধে পোকারা ভায়োলিন বাজায়,
সে পাথর বেদুইন বাতাসে গলে গলে
মেঘের হাত ধরাধরি করে বাস্প হয় ।

যে জমিতে পাথরটি ঘুমায়
সে জমি উর্বর হয়,
যে ফসল ফলে
সে ফসলের গায়ে লেখা থাকে
অচেনা অন্য একজনের নাম,
যে তার প্রেমিকার হাতে গুটিগুটি অক্ষরে লিখেছিলো
তার ইচ্ছা এবং শোকের ইতিহাস ।
কে জানতো,
জুয়ার টেবিলে রয়েল ফ্লাসের অপেক্ষায়
সে ইতিহাস মুছে গিয়ে
পেরেক ঠুকবে আগন্তুকের বুক পকেটে ।

আমরা হয়ত জানিনা
হুট করে হউক আর ধীরে ধীরে হউক
আমাদের একদিন পাথর হতে হয়,
অচেনা অজানা জহুরীর হাতে
আঁকা হয় আমাদের জীবনের নকশা ।

আহমদ ছফা
হাফিজ রশিদ খান

আহমদ ছফা প্রস্ফুটিত শ্বেতপদ্ম
তাঁর শরীরে শিশিরবিন্দু ঝরোঝরো স্বচ্ছ-স্বচ্ছতর

ভোরের গালিচা বেয়ে সোনা রোদ আসে

শাদাপদ্মের শিশিরগুলো ঈদের উৎসবে সাজা তরুণীগণের
কলহাস্যের মতন ঝলমলিয়ে গড়িয়ে পড়ে
বঙ্গদিঘির অটল গাম্ভীর্যের শান্ত নীরে

নধর কাতল, ছিপছিপে চিতলেরা ওই স্বর্ণজলবিন্দুসমূহের
লাস্যময় উজ্জ্বল অবতরণ দেখে দূরে-দূরে সরে যায়
আর লেজ নাড়ে সম্ভ্রমের
আর কানকো ফুলিয়ে মুগ্ধতা প্রকাশ করে

অতঃপর তারা শ্বেতপদ্মমূলে পাঠায় পয়গাম অজস্র বুদবুদে
রাজন, অভিবাদন গ্রহণ করুন...

দৃশ্যত সংলাপ
আদ্যনাথ ঘোষ

কে যেন অন্ধপথে খুঁজে চলে শস্যালি দুপুর!
হারানো পথের বাঁকে ফিরে আসে গন্ধের শরীর ।
বিমূর্ত ছায়া নিয়ে ফিরে গেছে বাউলের দৃশ্যাবলি ঘুম ।

কেউ কি দেখেছে তাকে? কোনখানে হাওয়ার সুরেলা দুপুর?
কী আর বলবো বলো! চিরদিন দৃষ্টিছিল ছায়ালিপি মোহে ।
গতরে গতর পুষে বাউলের ছাউনিঘেরা রাতের বাঁকে–

কোনো এক অন্ধপথিক অচেনা নগরে এসে হঠাৎ উধাও!
শোনা গেল মায়াবী আলোয় নাকি অনন্ত সংসার খোঁজে ।
ফেরারী উপমা নিয়ে যোগাসনে মত্ত যৌবনের মানচিত্র গান!
কী এক রামাবলি দিন এসে কানে কানে মন্ত্রণা আঁকে!
হাওয়ার দিন খুঁজে ক্লান্ত শরীর আজ দেখেনি কিছুই ।

শুধু দ্যাখে সবুজ শস্যের নামে সাজঘরের দেহান্তরী ঘুম,
অনিঃশেষ বেঁচে থাকার ক্ষুধার্ত শানকির কামার্ত সংলাপ ।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



আদনান সামির বিরুদ্ধে ভাই জুনায়েদের গুরুতর অভিযোগ

ঢাকা ডেস্ক: কয়েক দিন ধরেই খ্যাতনামা গায়ক আদনান সামিকে নিয়ে সরগরম নেটদুনিয়া। ধূমকেতুর মতো হঠাৎ উদিত হয়েছেন শিল্পীর ভাই জুনায়েদ সামি।

বড়ভাই আদনানকে নিয়ে দিন কয়েক আগে একটি ফেসবুক পোস্ট দেন, যা রীতিমতো ভাইরাল এখন নেটপাড়ায়।

আদনান আসলে কেমন মানুষ, পোস্ট করে জানিয়েছেন জুনায়েদ। বড়ভাই যে মিথ্যাবাদী, তা আগেই বলেছেন শিল্পীর ভাই। এবার এক চাঞ্চল্যকর তথ্য সামনে আনলেন জুনায়েদ। আদনান নাকি তার স্ত্রীর পর্নো ভিডিও বানিয়েছেন!

আদনান তার দ্বিতীয় স্ত্রী সাবাহ গলদারির যে আপত্তিকর ভিডিও বানিয়েছেন, সেটি নাকি আদালতে পেশ করেন। জুনেয়েদের কথায় তা দেখে আদালতে অজ্ঞান হয়ে পড়ে যান তার স্ত্রী।

জুনায়েদের দাবি, ২০০৭-২০০৮ সাল নাগাদ আদনান দ্বিতীয় স্ত্রীর সাবাহর ঘনিষ্ঠ দৃশ্যের ভিডিও বানান। জুনায়েদের কথায়, স্বামী-স্ত্রীর মধ্যে ঘনিষ্ঠ মুহূর্তে থাকতেই পারে। তবে সেটা লোকসমাজে আনা নিষ্প্রয়োজন। শুধু তা-ই নয়, আদালতে ওই ভিডিও পেশ করে বলেন, এটা তার বানানো নয়, সাবাহর প্রেমিকের তৈরি।

ওই দিন আদালতে আমি ছিলাম, সবটা শুনেছিলাম। সেই সময় জ্ঞান হারিয়ে মাটিতে পড়ে যান বড়ভাইয়ের দ্বিতীয় স্ত্রী।

প্রসঙ্গত, দ্বিতীয় স্ত্রীর সাবাহর সঙ্গে বিচ্ছেদের পর রোয়া ফারাবিকে বিয়ে করেন গায়ক। এ মুহূর্তে তার সঙ্গে সুখী আদনান। তাদের একটি কন্যাসন্তানও রয়েছে।

জুনায়েদ আরও জানান, আদনান ইংল্যান্ডে পড়তে গিয়ে পরীক্ষায় পাশ করতে পারেননি। লাহোর থেকেই নাকি শেষমেশ ডিগ্রি নেন।

জুনায়েদের দাবি, মিথ্যাচারে অভ্যস্ত আদনান। তিনি বলেন, তার বড়ভাই জন্মের স্থান নিয়েও দ্বিচারিতা করেছেন। রাওয়ালপিন্ডিতে জন্ম, কিন্তু বলে বেড়িয়েছেন তিনি ইংল্যান্ডে জন্মেছেন।

একগুচ্ছ অভিযোগে ভর্তি পোস্ট দেন সামির ভাই। যদিও পরে সেই পোস্ট মুছে ফেলেছেন জুনায়েদ।



ফের একসঙ্গে শুটিংয়ে আসছেন শাহরুখ ও সালমান

ঢাকা ডেস্কঃ 'করণ অর্জুন' সিনেমার পর প্যারালাল চরিত্রে আর দেখা যায়নি বলিউডের দুই সুপারস্টার শাহরুখ খান ও সালমান খানকে। কিছুদিন ধরেই গুঞ্জন ভাসছিল এই দুই অভিনেতা আবারো জুটি বাঁধছেন।

অবশেষে সেই গুঞ্জনই সত্যি হলো। পরিচালক সিদ্ধার্থ আনন্দ আবারো দু'জনকে এক ফ্রেমে বাঁধছেন। সিনেমার নামও ঠিক হয়েছে। দুই নায়কের জনপ্রিয় দুই চরিত্র 'টাইগার' ও 'পাঠান' নিয়েই তৈরি হচ্ছে সিনেমাটি। নাম 'টাইগার ভার্সেস পাঠান'।

ভারতীয় গণমাধ্যম জানিয়েছে, যশরাজ ফিল্মসের ব্যানারে নির্মিতব্য এ সিনেমার বাজেট এ যাবৎকালের হিন্দি সিনেমার রেকর্ড ছাড়িয়ে যাবে বলে ধারণা করা হচ্ছে। ২০২৪ সালের জানুয়ারিতেই শুরু হবে শুটিং।

উল্লেখ্য, ২০২২ সালের শুরুতে 'পাঠান' সিনেমা দিয়ে বলিউডের সব রেকর্ড ভেঙে দেন শাহরুখ খান। অন্যদিকে সালমানের 'টাইগার' চরিত্রটিও বেশ জনপ্রিয়।

পূজা চেরির 'জ্বীন' সিনেমা একা দেখতে পারলে এক লাখ টাকা পুরস্কার!

ঢাকা ডেস্ক,: ঈদে মুক্তি পেতে যাচ্ছে জাজ মাল্টিমিডিয়া প্রযোজিত 'জ্বীন' সিনেমাটি। ভৌতিক আবহে তৈরি এই সিনেমাটি এরইমধ্যে নেটিজেনদের মধ্যে উত্তেজনা তৈরি করেছে। ছবিটির পোস্টার দেখে অনেকেই মনে করছেন ভীতিকর কিছু আছে এতে। এবার প্রযোজনা সংস্থা ঘোষণা দিল, 'জ্বীন সিনেমা একা দেখতে পারলেই- এক লক্ষ টাকা পুরস্কার।'



ঘোষণাটি জাজ মাল্টিমিডিয়ার ফেসবুক পেজ থেকে দেওয়া হয়েছে। সেখানে এ প্রসঙ্গে যা লেখা হয়েছে হুবহু তা তুলে ধরা হলো:

'জ্বীন সিনেমা একা দেখতে পারলেই- এক লক্ষ টাকা পুরস্কার। শি-নবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের এক ওয়ার্কশপে উপস্থিত ছিলাম। ছাত্রদের সঙ্গে আলোচনা হলো। সেখানে সব ছাত্রদের উদ্দেশে ঘোষণা দেয়া হলো, কেউ একা একটি হলে বসে জ্বীন সিনেমাটি সম্পূর্ণ দেখতে পারলে, তাকে এক লক্ষ টাকা পুরস্কার দেওয়া হবে।'


এরপর লেখা হয়েছে, 'সেখানে কেউ রাজি হয় নাই। আপনি কি পারবেন জ্বীন সিনেমাটি একা দেখতে, সম্পূর্ণ হলে আপনি একা? যদি পারেন তাহলে জানান। আমরা রেডি।

বিশেষ দ্রষ্টব্যে লেখা হয়েছে, 'ভয়ের কারণে কোনো দুর্ঘটনা ঘটলে জাজ মাল্টিমিডিয়া বা হল কতৃপক্ষ দায়ী নয়। হলের বাইরে একটি অ্যাম্বুলেন্স থাকবে। যদি সম্পূর্ণ সিনেমা না দেখতে পারেন, তাহলে আপনাকে হলের ভাড়া ও অ্যাম্বুলেন্স ভাড়া দিতে হবে। যদি সম্পূর্ণ সিনেমা দেখতে পারেন, আপনাকে কিছুই দিতে হবে না, জাজ মাল্টিমিডিয়া আপনাকে নগদ এক লক্ষ টাকা দেবে, এবং কোক নাস্তা খাওয়াবে বা দিয়ে দেবে।'

প্রসঙ্গত, 'জ্বীন' সিনেমায় অভিনয় করেছেন পূজা চেরী। তার সঙ্গে রয়েছেন ছোট পর্দার অভিনেতা সজল নূর। রোজার ঈদে প্রেক্ষাগৃহে আসছে ছবিটি।

ভালোবাসার অনুভূতি নিয়ে মাহির খোলা চিঠি

ঢাকা ডেস্ক : ঢাকাই চলচ্চিত্রের নায়িকা মাহিয়া মাহি। সম্প্রতি মা হয়েছেন এই অভিনেত্রী। ছেলে হওয়ার পর এখন তার সঙ্গে সময় কাটছে মাহির। সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ সক্রিয় তিনি। সেখানে মাঝে মাঝেই ক্যারিয়ার ও ব্যক্তিগত বিষয়ে নিজের মতামত তুলে ধরে থাকেন এ নায়িকা। কিন্তু এবার একটি খোলা চিঠি লিখলেন তিনি।



বৃহস্পতিবার রাত ১০টার দিকে ফেসবুকে এ নায়িকা লেখেন, 'খোলা চিঠি। এই যেমন ধরো আমার মাথাব্যথা করছে অথবা জ্বর, ঠাণ্ডা, নইলে খুব টায়ার্ড লাগছে– এই সমস্ত জিনিস কারও সঙ্গে শেয়ার করতেও আমার ভীষণ আনইজি লাগে।'

তিনি লেখেন, 'আমি কোনো কারণে দুর্বল, এটা প্রকাশ করাটা খুব লজ্জাজনক বলে মনে হয় আমার, তুমি তো জানই। কিন্তু আজকে তোমাকে জড়িয়ে ধরে খুব বলতে ইচ্ছা হচ্ছে, আমার না শরীরটা খুব খারাপ লাগছে, খুব কান্না পাচ্ছে। একবার পা ব্যথা তো আবার কোমর ব্যথা, এক্স্যাট যে কি সমস্যা সেটিও বুঝতে পারছি না।'

তিনি লেখেন, 'শুধু এইটুকু বুঝতে পারছি, আমার ভীষণ ভয়ংকর রকমের এক ড্রাম ভালোবাসা দরকার। যে ভালোবাসা আমাকে কিচ্ছা শোনাতে শোনাতে ঘুম পাড়াবে, মাথায় হাত বুলিয়ে দেবে, আমার ব্যথাগুলো সেও অনুভব করবে।'

লাখ টাকায় পোড়া শাড়ি কিনলেন সাবিলা নূর

ঢাকা ডেস্ক : সম্প্রতি রাজধানীর বঙ্গবাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে গেছে পুরো মার্কেট। ঈদুল ফিতরের আগে সব কিছু হারিয়ে পথে বসেছেন হাজার হাজার ব্যবসায়ী।



মঙ্গলবার ভোর ৬টা ১০ মিনিটে অগ্নিকাণ্ড ঘটে বহু বছরের পুরনো এই মার্কেটটিতে।

আগুনে পোড়ার দৃশ্য এবং ব্যবসায়ীদের হাহাকারের ঘটনা গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমের কল্যাণে ছড়িয়ে পড়েছে সারা দেশে। এ অবস্থায় অনেকেই ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশে দাঁড়িয়েছেন বিভিন্নভাবে।

সেই তালিকায় এবার যোগ দিলেন ছোটপর্দার জনপ্রিয় অভিনেত্রী সাবিলা নূর। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারদের সহায়তার জন্য লাখ টাকায় পোড়া কাপড় কিনেছেন এই অভিনেত্রী।

আর্ত-মানবতার সেবায় নিয়োজিত বিদ্যানন্দ ফাউন্ডেশনের ফেসবুক পেজ থেকে নিশ্চিত করা হয়েছে বিষয়টি।

এক পোস্টে সংগঠনটি লিখেছে, 'লাখ টাকা দাম পোড়া শাড়ির।' পোস্টে আরও লেখা হয়েছে, 'হয়তো আমার মতোই মেয়ে আছে তার, বিশ্ববিদ্যালয়ে পড়ার স্বপ্ন আছে। তার সে স্বপ্নটা যেন না ভাঙে, ঈদের আগে দুঃখে যেন না থাকে।'

সংগঠনটির সেই পোস্ট নিজের টাইমলাইনে শেয়ার করেছেন অভিনেত্রী সাবিলা নূর। সেখানে তিনি লিখেছেন, 'বিদ্যানন্দ ফাউন্ডেশনের এই উদ্যোগে তাদের পাশে দাঁড়ানোর ছোট্ট একটি চেষ্টা।'

ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশে দাঁড়াতে এর আগে বিদ্যানন্দ ফাউন্ডেশন থেকে কাপড় কিনে নিয়েছেন সংগীতশিল্পী তাহসান খান, অভিনেত্রী বিদ্যা সিনহা মিম, শবনম বুবলী ও অভিনেতা জিয়াউল ফারুক অপূর্ব।



শ্বাসরুদ্ধকর ম্যাচে নিউজিল্যান্ডের জয়

ঢাকা ডেস্ক : শ্রীলংকার বিপক্ষে শেষ ওভারে রোমাঞ্চ ছড়িয়ে নিউজিল্যান্ডের জয় । জয়ের জন্য শেষ ওভারে কিউইদের প্রয়োজন ছিল ১০ রান ।
লাহিরুকুমারার প্রথম বলে মার্ক চ্যাপম্যান ছক্কা হাঁকালে সমীকরণ সহজ হয়ে যায় । কিন্তু ক্রিকেটে শেষ বলে কিছু নেই! পরের তিন বলে তিন উইকেট হারিয়ে জেতা ম্যাচ হারতে বসেছিল কিউইরা ।
কিন্তু শেষ হাসি হাসতে পারেনি শ্রীলংকা । রোমাঞ্চকর রান তাড়ায় শেষ ওভারে তালগোল পাকিয়েও শেষ পর্যন্ত এক বল বাকি থাকতে জয়ী হয় স্বাগতিক নিউজিল্যান্ড । শনিবার কুইন্সটাউনের জন ডেভিস ওভালে তৃতীয় ও শেষ টি-টোয়েন্টিতে শ্রীলংকাকে চার উইকেটে হারিয়ে তিন ম্যাচের সিরিজ ২-১ ব্যবধানে জিতেছে নিউজিল্যান্ড ।
এই ভেন্যুতে প্রথম আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ছয় উইকেটে শ্রীলংকার ১৮২ রানের জবাবে টিম সেইফার্টের ক্যারিয়ারসেরা ইনিংসে সহজ জয়ের পথেই ছিল কিউইরা ।
আগের ম্যাচে ৪৩ বলে ৭৯* রানের ইনিংসের পর এবার ৪৮ বলে ৮৮ রান করেন ম্যাচ ও সিরিজসেরা সেইফার্ট । অধিনায়ক টম ল্যাথামের ব্যাট থেকে আসে ৩১ রান । সেইফার্ট যখন আউট হন, নিউজিল্যান্ডের দরকার ২৩ বলে ২৯ রান । শেষ ওভারের প্রথম বলের পর যা পাঁচ বলে চার রানে নেমে আসে । দ্বিতীয় বলে আরেকটি ছক্কার চেষ্টায় আউট হন চ্যাপম্যান ।
পরের বল ছিল ওয়াইড, সিঙ্গেল নিতে গিয়ে রানআউট হন জিমি নিশাম । বৈধ তৃতীয় বলে ড্যারিল মিচেল ক্যাচ দিয়ে ফিরলে জমে ওঠে নাটক । পরের বলে নিশ্চিত রানআউট থেকে বেঁচে যান অ্যাডাম মিলনে । পঞ্চম বলে দুই রান নিয়ে থ্রিলারের সমাপ্তি টানেন রাচিন রবীন্দ্র ।
এর আগে শ্রীলংকার ইনিংসে ৪৮ বলে সর্বোচ্চ ৭৩ রান করেন ওপেনার কুশাল মেন্ডিস । তিনে নামা কুশাল পেরেরা ২১ বলে ৩৩ ।



কোহলির রেকর্ড ভাঙলেন ওয়ার্নার

ঢাকা ডেস্কঃ ভারতের সাবেক অধিনায়ক ও দলটির বর্তমান তারকা ক্রিকেটার বিরাট কোহলির রেকর্ড ভেঙে দিলেন ডেভিড ওয়ার্নার ।
আইপিএলের ইতিহাসে তৃতীয় এবং প্রথম বিদেশি ক্রিকেটার হিসেবে ৬ হাজার রানের মাইলফলক স্পর্শ করেছেন ডেভিড ওয়ার্নার । এই মাইলফলক স্পর্শ করার পথে কোহলিকে ছাড়িয়ে যান ওয়ার্নার ।
শনিবার গুয়াহাটিতে রাজস্থান রয়েলসের বিপক্ষে ৬৫ রানের লড়াকু ইনিংস খেলার সুবাদে দুর্দান্ত এই কৃতিত্ব অর্জন করেন দিল্লি ক্যাপিটালসের এই তারকা ।
ওয়ার্নারের আগে এই নজির গড়েন বিরাট কোহলি ও শিখর ধাওয়ান । আইপিএলের ইতিহাসে তৃতীয় সর্বোচ্চ রান সংগ্রহকারী হলেন ওয়ার্নার । তিনি ১৬৫ ইনিংসে ৪টি সেঞ্চুরি আর ৫৬টি ফিফটির সাহায্যে ৬ হাজার ৩৯ রান সংগ্রহ করেন ।
আইপিএলে দ্রুততম ১৬৫ ইনিংসে ৬ হাজার রানের রেকর্ড গড়েছেন ওয়ার্নার । তার আগে এই রেকর্ড গড়তে কোহলি খেলেন ১৮৮ ইনিংস । ধাওয়ান এই কৃতিত্ব অর্জন করেন ১৯৯ ইনিংসে ।
আইপিএলের ইতিহাসে সব থেকে বেশি রানের রেকর্ড রয়েছে বিরাট কোহলির । তিনি ২১৭ ইনিংসে ব্যাট করে ৫টি সেঞ্চুরি আর ৪৫টি ফিফটির সাহায্যে ৬ হাজার ৭২৭ রান সংগ্রহ করেন ।

শাহরুখ খানের দলকে হারিয়ে বিশেষ প্রার্থনায় প্রীতি



ঢাকা ডেস্ক,: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) চলমান ১৬তম আসরের দ্বিতীয় ম্যাচে মুখোমুখি হয় কলকাতা নাইট রাইডার্স (কেকেআর) বনাম পাঞ্জাব কিংস ।
গত ১ এপ্রিল মোহালিতে আসরের দ্বিতীয় ম্যাচে কেকেআরের বিপক্ষে ৫ উইকেটে ১৯১ রান করে পাঞ্জাব । বৃষ্টি বিঘ্নিত সেই ম্যাচে ৭ রানের জয় পায় দলটি ।
সেদিন ম্যাচ জয়ের পর কামাখ্যা দেবীর মন্দির দর্শনে গুয়াহাটি যান পঞ্জাব কিংসের ফ্র্যাঞ্চাইজি মালিক প্রীতি । সেখানে পৌঁছে কামাখ্যা দেবীর দর্শনের পর একটি ছবি পোষ্ট করে প্রীতি সামাজিক যোগাযোগের মাধ্যমে লেখেন,সব ক্লান্তি দূর হয়ে গেল ।
গুয়াহাটি যাওয়ায় আমার অন্যতম কারণ ছিল কামাখ্যা মন্দিরে পুজো দেওয়া । সারা রাত জেগে ছিলাম । বিমানে অনেকটা দেরি হল । কিন্তু যখন মন্দিরে গিয়ে পুজা দেই,তখন সব ক্লান্তি দূর হয়ে গেল । একটা শক্তি অনুভব করি নিজের মধ্যে । শান্তিতে যেন মনটা ভরে গেল ।
প্রীতি আরও বলেন, যারাই গুয়াহাটি যাবেন এক বার কামাখ্যা দেবীর দর্শন করে যাবেন । যাওয়ার পর বুঝবেন কেন বললাম ।

মোস্তাফিজকে ছাড়া তিন ম্যাচেই হার দিল্লির



ছবি আছে স্পোর্টস পিকচার নং-০৫)
ঢাকা ডেস্ক, ৯ এপ্রিল : বাংলাদেশ দলের তারকা পেসার মোস্তাফিজুর রহমানকে ছাড়া আইপিএলের চলতি আসরে তিন ম্যাচে অংশ নিয়ে টানা হেরে যায় দিল্লি ক্যাপিটালস ।
আইপিএলের চলমান ১৬তম আসরে নিজেদের প্রথম ম্যাচে দিল্লি হারে লোকেশ রাহুলের নেতৃত্বাধীন লখনৌ সুপার জায়ান্টের বিপক্ষে । সেই ম্যাচে ১৯৪ রানের টার্গেট তাড়ায় দিল্লি হারে৫০ রানে ।
দ্বিতীয় ম্যাচে গুজরাট টাইটান্সের বিপক্ষে ৮ উইকেটে ১৬২ রান করে দিল্লি হারে ৬ উইকেটে ।
শনিবার গুয়াহাটিতে টস জিতে রাজস্থান রয়েলসকে প্রথমে ব্যাটিংয়ে পাঠায় দিল্লি । আগে ব্যাট করতে নেমে ৪ উইকেট হারিয়ে ১৯৯ রান করে রাজস্থান । ২০০ রানের বিশাল টার্গেট তাড়ায় সময়ের ব্যবধানে উইকেট হারিয়ে ম্যাচ থেকে কার্যত ছিটকে যায় দিল্লি । অধিনায়ক ডেভিড ওয়ার্নার ৫৫ বলে সর্বোচ্চ ৬৫ রান করলেও দলের হার এড়াতে পারেননি ।
এছাড়া ৩৮ ও ১৪ রান করে করেন ললিত যাদব ও রিশি ভেনদার ডুসেন । বাকি ব্যাটসম্যানরা কেউই দুই অঙ্কের ফিগার রান করতে পারেননি । যে কারণে হার এড়ানো সম্ভব হয়নি ।

পাকিস্তানের কোচের প্রস্তাব প্রত্যাখ্যান

(ছবি আছে স্পোর্টস পিকচার নং-০৪)
ঢাকা ডেস্ক, ৯ এপ্রিল : আফগানিস্তানের বিপক্ষে সদ্য সমাপ্ত তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ এবং নিউজিল্যান্ডের বিপক্ষে আসন্ন পাঁচ ম্যাচের টি- টোয়েন্টি আর সমান ম্যাচের ওয়নাডে সিরিজের জন্য আজহার মাহমুদকে পাকিস্তানের প্রধান কোচের প্রস্তাব দিয়েছিল পিসিবি । কিন্তু পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সেই প্রস্তাব রাখতে পারেননি দলটির সাবেক তারকা ক্রিকেটার আজহার মাহমুদ । কারণ তিনি কাউন্টি ক্রিকেটের দল সারের সঙ্গে চুক্তিবদ্ধ ।



ক্রিকেট বিষয়ক একটি ওয়েবসাইটকে পাকিস্তানের সাবেক তারকা ক্রিকেটার আজহার মাহমুদ বলেন, আমার বিরুদ্ধে গুজব ছড়ানো হয়েছে । বলা হচ্ছে আমি পাকিস্তানের প্রধান কোচের প্রস্তাব প্রত্যাখ্যান করেছি । আসলে আমি তেমনটি করিনি ।
৪৮ বছর বয়সী সাবেক এই অলরাউন্ডার বলেন, পিসিবি আমাকে আফগানিস্তান ও নিউজিল্যান্ড সিরিজের জন্য পাকিস্তানের প্রধান কোচের দায়িত্ব নেওয়ার জন্য আমাকে প্রস্তাব দেওয়া হয়েছি । ফোন করে পিসিবি আমাকে বলেছে আমরা তোমাকে চাই ।
পাকিস্তানের হয়ে ২১টি টেস্ট, ১৪৩টি ওয়ানডে ম্যাচ খেলে ১৬২ উইকেট শিকার করা আজহার মাহমুদ আরও বলেন,পিসিবিকে আমি জানিয়েছি সারের সঙ্গে চুক্তিবদ্ধ আছি । প্রথমে তাদের সঙ্গে এই বিষয়ে কথা বলতে হবে । আমি নিশ্চিত না যে তারা আমাকে আফগানিস্তান ও নিউজিল্যান্ড সিরিজের জন্য ছুটি দিবে কিনা ।
তবে আফগান সিরিজের জন্য ছুটি নিতে পারি । তখন পিসিবি জানিয়েছে আমাদের এমন একজনকে প্রয়োজন যাকে দিয়ে দুটি সিরিজ কাভার করা যায় । তরপর তারা উভয় সিরিজের জন্য অন্য কাউকে খুঁজে পেয়েছে ।
দেশের হয়ে টেস্ট আর ওয়ানডে মিলে ১৬৪ ম্যাচে তিন সেঞ্চুরি আর ৪টি ফিফটির সাহায্যে ২ হাজার ৪২১ রান করেন আজহার মাহমুদ ।







ইফতারীর তালিকায় শীর্ষে খেজুর, জিলাপী, ছোলা-বুট

(শেষের পাতার পর)

সামগ্রী কেনাকাটায় রেস্টুরেন্টগুরোতে ব্যাপক ভীড় পরিলক্ষিত হচ্ছে। গত ২৩ মার্চ বৃহস্পতিবার থেকে নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় রোজা শুরু হয়েছে। রোজা উপলক্ষ্যে পাল্টে গেছে মুসলিম কমিউনিটির পরিবেশ-পরিস্থিতি। মসজিদে মসজিদে আয়োজন করা হয়েছে তারাবির নামাজে পবিত্র কোরআন খতম। এজন্য নিয়োগ করা হয়েছে একাধিক হাফেজ। অপরদিকে ইফতার সামগ্রীতে ছেয়ে গেছে ব্যবসা প্রতিষ্ঠানগুলো। নিউইয়র্কের জ্যামাইকা, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া, ব্রঙ্কস, ব্রুকলীন, ওজনপার্ক প্রভৃতি এলাকা সরজমিনে ঘুরে দেখা গেছে ইফতারীর তালিকায় শীর্ষে রয়েছে খেজুর, জিলাপী, ছোলা-বুট আর বাংলাদেশী মুড়ি। খবর ইউএনএ'র।

জ্যামাইকার ফাতেমা গ্রোসারী, মান্নান সুপার মার্কেট, কাওরান বাজার সুপার মার্কেট, প্রিমিয়াম সুপার মার্কেট, বিসমিল্লাহ সুপার মার্কেট, খামারবাড়ী সুপার মার্কেট, আফতাব সুপার মার্কেট প্রভৃতি, জ্যাকসন হাইটসের খামারবাড়ী, ইত্যাদী, হাটবাজার প্রভৃতি, ব্রুকলীনের প্রগতি, বাংলা বাজার, বাংলা নগর, সূচনা, গ্রীন হাউজ, দেশীবাজার, আমিষাপাড়া সুপার মার্কেট, ব্রঙ্কসের মদিনা গ্রোসারী, আল আকসা, বাংলা বাজার সুপার মার্কেট, বাংলা টাউন, দেশী বাজার, নয়া বাজার, ফ্রেন্ডস, খলিল, বারী সুপার মার্কেট প্রভৃতি, ওজনপর্কের দেশী-বাজার, পিটকিন, আল আমীন, শাহজালাল সুপার মার্কেট, প্রভৃতি, এস্টারিয়ার ইত্যাদ গ্রোসারী, বনফুল গ্রোসারী প্রভৃতি স্টোর ঘুরে দেখা গেছে এসব স্টোরগুলোতে থরে থরে সাজনো হয়েছে ইফতারী সামগ্রী মুট, মুড়ি, ছোলা, খেজুর, চানা ডাল প্রভৃতি সামগ্রীতে। তবে গত বছরের চেয়ে এবার এসব সামগ্রীর মূল্য খানিকটা বৃদ্ধি পেয়েছে।

অপরদিকে জ্যামাইকার সাগর রেষ্টুরেন্ট, খলিল, ঘরোয়া, পানশী, প্রিমিয়াম, কিং কাবাব, ঢাকা সুইটস, জ্যাকসন হাইটসের প্রিমিয়াম, নবান্ন, হাটবাজার, ব্রুকলীনের ঘরোয়া, স্বদেশ, জাফরান, ব্রঙ্কসের খলিল, নিরব, আল আকসা প্রভৃতি রেস্টুরেন্টে ইফতারী আইটেমের বহুল সমাবেশ। ছোলা বুট, পিঁয়াজু, বেগুনী, ভুনা খিচুরী, সমচা, সিঙ্গারা, হালিম, জি-লাপী প্রভৃতি ৮-১২ আইটেমের ইফতারী বক্স ১০ ডলারে বিক্রি হচ্ছে।

ই'তিকাফ: কল্যাণ ও বরকত লাভের এক মহাসুযোগ

(শেষের পাতার পর)

ই'তিকাফ বলা হয়।

এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি প্রসিদ্ধ সুন্নাহ। মৃত্যু অবদি তিনি নিয়মিত ই'তিকাফ করেছেন। নবী সহধর্মিনী আয়েশা রা: থেকে বর্ণিত যে, "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের শেষ দশক ই'তিকাফ করতেন। তাঁর ওফাত পর্যন্ত এই নিয়মই ছিল। এরপর তাঁর সহধর্মিনীগণও ই'তিকাফ করতেন।"(বুখারী: ২০২৬, ২০৩৩, ২০৩৪, ২৯৪১ ২০৪৫ তাওহিদ পাব:, আ: প্র: ১৮৮৪, ই.ফা: ১৮৯৬. কিতাবুল ই'তিকাফ, বাবুল ই'তিকাফ ফি আশরে আওয়াখির.....)

ই'তিকাফ কেন করবেন? ই'তিকাফ এর লক্ষ-উদ্দেশ্য হলো, আল্লাহর অবারিত কল্যাণ ও রহমতকে আঁকড়ে ধরা। রমযানের শেষ দশকে মহান আল্লাহ মুসলিম উম্মাহকে এমন একটি মহিমান্বিত রাত্রি দান করেছেন যা হাজার মাসের চাইতেও উত্তম। সেই বরকতময় রাত্রিকে আঁকড়ে ধরার জন্য মুসলিম উম্মাহ রমযানের শেষ দশকে ই'তিকাফে মসজিদে অবস্থান করেন। আল্লাহ তা'আলা বলেন,"আমি এ (কুরআন) নাযিল করেছি কদরের রাতে। তুমি কি জানো, কদরের রাত কি? কদরের রাত হাজার মাসের চাইতেও বেশী ভালো। ফেরেশতারা ও রুহ এই রাতে তাদের রবের অনুমতিক্রমে প্রত্যেকটি হুকুম নিয়ে নাযিল হয়। এ রাতটি পুরোপুরি শান্তিময় ফজরের উদয় পর্যন্ত।" (সুরা কদর)

এই একটিমাত্র রাত্রি যার মধ্যে সৎকাজ হাজার মাসের সৎকাজের চেয়ে ভালো। এ জন্য রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ রাত্রিকে অত্যন্ত গুরুত্ব দিতেন। আয়েশা রা: বলেন, "রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্যান্য সময়ের তুলনায় রমাযানের শেষ দশকে অধিক পরিমাণে সচেষ্ট থাকতেন যা অন্য সময়ে থাকতেন না।"(মুসলিম: ২৬৭৮, হাদীস একা:, ই.ফা: ২৬৫৫, ই,সে:২৬৫৪, কিতাবুল ই'তিকাফ, বাবুল ইজতেহাদি ফি আশরি আওয়াখির...)

আল্লাহ তা'আলা তাঁর অন্যান্য নবী-রাসুল ও তাঁদের উম্মতগণকে শত শত কিংবা হাজার বছর পর্যন্ত জীবন দান করেছেন। তাঁরা বছরের পর বছর আল্লাহর ইবাদাত বন্দেগীতে জীবন কাটিয়েছেন। সে হিসাবে আল্লাহ তা'আলা আমাদেরকে স্বল্প আয়ু বা জীবনকাল দান করেছেন। কিন্তু দয়া করে আমাদেরকে এমন এমন কিছু সময় ও মহুর্ত দান করেছেন সেই সাথে দান করেছেন অফুরন্ত বরকত। তিনি দয়া করে আমাদেরকে দান করেছেন এক মহিমান্বিত রাত্রি যার নাম লাইলাতুল কদর। এ রাত্রিটি যার ভাগ্যে জুটে তিনি হাজার বছরের রাত্রি পেলেন। কিন্তু রাসুলুল্লাহ এ রাত্রিটিকে রমযানের শেষ দশকের কোন রাত্রি তা নির্দিষ্ট করেননি। তবে বেজোড় রাত্রি হিসাবে তিনি উল্লেখ করেছেন। তাই মুসলিম উম্মাহ এই রাত্রটি পাওয়ার জন্য শেষ দশদিন ই'তিকাফে বসে যান।

আবু সাঈদ খুদরী রা: থেকে বর্ণিত যে, আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের মধ্যম দশকে ই'তিকাফ করতেন। এক বছর এরূপ ই'তিকাফ করেন, যখন একুশের রাত এলো, যে রাতের সকালে তিনি তাঁর ই'তকাফ থেকে বের হবেন, তখন তিনি বললেন: যারা আমার সাথে ই'তিকাফ করেছে তারা যেন শেষ দশকে ই'তিকাফ করে। আমাকে স্বপ্নে এই রাত দেখানো হয়েছিল। পরে আমাকে তা ভুলিয়ে দেয়া হয়েছে। অবশ্যি আমি স্বপ্নে দেখতে পেয়েছি যে, ঐ রাতের সকালে আমি কাদা-পানির মধ্যে সেজদা করছি। তোমরা তা শেষ দশকে তালাশ করো এবং প্রত্যেক বেজোর রাতে তালাশ করো। পরে এই রাতে আকাশ থেকে বৃষ্টি বর্ষিত হয়, মসজিদের ছাদ ছিল খেজুর পাতার ছাউনির। ফলে মসজিদে টপ টপ করে বৃষ্টি পড়তে লাগল। একুশের রাতের সকালে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কপালে কাদা-পানির চিহ্ন আমার এ দু'চোখ দেখতে পায়।" (বুখারী: ২০২৭, তাওহিদ পাব, আ.প্র. ১৮৮৫, ই.ফা:১৮৯৭, কিতাবুল ই'তিকাফ, বাবুল ই'তিকাফ ফি আশরে আওয়াখির.....)

ই'তিকাফে বসার অর্থই হচ্ছে, রমযানের শেষ দশ দিন মসজিদে অবস্থান করা, নিজেকে আল্লাহর জন্য, আল্লাহর ইবাদাতের জন্য সুনির্দিষ্ট করে দেয়া এবং নিজেকে আল্লাহর কাছে সমর্পণ করে দেয়া। পরিণামে মহান আল্লাহ তাকে কল্যাণ ও বরকত দ্বারা সিক্ত করে দিবেন। এ যেন সেই আয়াতের প্রতিধ্বনি যেখানে আল্লাহ তা'আলা বলেছেন, "কাজেই যখনই অবসর পাও ইবাদাতের কঠোর শ্রমে লেগে যাও। এবং নিজের রবেরই প্রতি মনোযোগ দাও।"(আলাম নাশরাহ:৭-৮)

আল্লাহ তা'আলা বলেন,"ফেরেশতারা ও রুহ এই রাতে তাদের রবের অনুমতিক্রমে প্রত্যেকটি হুকুম নিয়ে নাযিল হয়।"(সুরা কাদর:৪) এখানে রূহ বলতে হযরত জিবরীল আমীন আলাইহিস সাল্লামকে বুঝানো হয়েছে। তাঁর শ্রেষ্ঠত্ব ও মর্যাদার কারণে স,মৃদ ফেরেশতা থেকে আলাদা করে তাঁর উল্লেখ করা হয়েছে। কদরের রাত্রির ফযর পর্যন্ত তাঁরা তাঁদের রবের অনুমতিক্রমে হুকুম নিয়ে নাযিল হয়। অর্থাৎ আল্লাহর রাজকীয় ব্যবস্থাপনায় এটা এমন এক রাত যে রাতে তিনি ব্যক্তি, জাতি এবং দেশসমূহের ভাগ্যেও ফায়সালা অনুসারে কাজ করতে থাকে। আল্লাহর প্রতিটি নির্দেশ সরাসরি জ্ঞানভিত্তিক হয়ে থাকে। তাতে কোন ত্রুটি বা অপূর্ণতার সম্ভবনা নেই। সেটি অত্যন্ত দৃঢ় ও পাকাপোক্ত সিদ্ধান্ত হয়ে থাকে। তা পরিবর্তন করার সাধ্য কারো নেই। আল্লাহ তা'আলা বলেন,"এটা সেই রাত যে রাতে আমার নির্দেশে প্রতিটি বিষয়ে বিজ্ঞোচিত ফায়সালা দেয়া হয়ে থাকে।"(সুরা দুখান:৪)

যেহেতু মহিমান্বিত রাত্রী কদর নিয়ে সুনির্দিষ্ট দিন-ক্ষণ নিয়ে অস্পষ্টতা রয়েছে। তরে রাসুলুল্লাহ সা: এর সুন্নাহ থেকে স্পষ্ট যে রমযানের শেষ দশকের যে কোন বেজোর রাত্রিতে কদর রয়েছে। তাই ই'তেকাফকারীরা জোর-বেজোর ও শেষ দশক মসজিদের অবস্থান করার কারণে সুনিশ্চিতভাবে লাইলাতুল ক্বদর পেয়ে যাচ্ছেন। যা ছুটে যাবার কোন সম্ভবনা থাকে না।

সুতরাং লাইলাতুল কদরের মহা কল্যাণ লাভ করার জন্য রমযানের শেষ দশদিন দুনিয়ার সমস্ত ঝামেলা থেকে মুক্ত হয়ে একান্তভাবে আল্লাহর জন্য কঠোর ইবাদাতে লেগে যাওয়া এবং মহা কল্যাণ তালাশ করা একান্ত প্রয়োজন। আল্লাহ তা'আলা আমাদের প্রত্যেককে এই কল্যাণ ও বরকত লাভ করার জন্য ই'তিকাফে বসার তাওফিক দিন। আমিন।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
যোগাযোগ
Cell: 917-502-6445



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাচ্চা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

নিউজার্সিস্থ মৌলভীবাজার জেলাবাসীর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নিউজার্সির উদ্দ্যোগে গত ২রা এপ্রিল-২০২৩, রবিবার , প্যাটারসন মসজিদ আল-ফেরদৌসে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে, এসোসিয়েশনের নব নির্বাচিত সভাপতি মোহাম্মদ মহসিনের সভাপতিত্বে ও নবনির্বাচিত সাধারন সম্পাদক মুজিবুল ইসলামের পরিচালনায় মাহফিলে উপস্থিত ছিলেন প্যাটারসন সিটির কাউন্সিল প্রেসিডেন্ট শাহীন খালিক, সিটির কাউন্সিল এট লারজ ফরিদ উদ্দিন, এসোসিয়েশনের বোর্ড অব ট্রাস্টির সদস্য সৈয়দ জুবায়ের আলী, শামিম কুরুরী, সাবেক সভাপতি সেলিম আহমদ চৌধুরী, উপদেষ্ঠা সদস্য আব্দুল মুক্তাদির তোফায়েল, প্রফেসার আবু সুফিয়ান তালুকদার মাহমুদ, অধ্যাপক গোলাম মস্তফা চৌধুরী নিপন, বীর মুক্তিযুদ্ধা শামছুল



আলম খান, আলতাফ হোসেন আসুক, ইসহাক মিয়া, মইন উদ্দিন ভুইয়্যান, মসজিদ আল-ফেরদৌসের সভাপতি রউপ মিয়া, সাধারন সম্পাদক উমর কুরুরী রাসেল, এবিসি টিভির ডাইরেক্টর আলাউর রহমান খন্দকার, মাহবুবুর রহমান, কমিউনিটি এক্টিবিষ্ট শামিম আহমদ , ইউসুফ ভুইয়্যান, মালিকুল ইসলাম, শহিদ আহমদ, মোঃ ইউনুছ, সহ কমিউনিটির অন্যান্য ব্যক্তিবরগ, মৌলভীবাজার জেলার মুরব্বিয়ান, যুবক, এসোসিয়েশনের কর্মকর্তা বৃন্দ সহ বিপুল সংখ্যক প্রবাসী অংশগ্রহন করেন, মিলাদ মাহফিল ও দোয়া পরিচালনা করেন প্রিন্সিপাল মাওলানা আব্দুন নুর, মসজিদের ইমাম মাওলানা হাফেজ আব্দুল কুদ্দুস মঞ্জলালী, মাওলানা আব্দুর রউপ, ক্বারী মাহতাব আহমদ ।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)
একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ঃ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী
Accident Cases, Medical Malpractice & Legal Malpractice
SHEIKH SALIM
Attorney at Law
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
কন্ট্রাকশন দুর্ঘটনা
স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
লেড বিষ সম্বন্ধীয়
বার্থ রিলেটেড ইনজুরি
ভুল চিকিৎসা
মটর গাড়ি দুর্ঘটনা
কাজের সময় দুর্ঘটনা
পিছলে পড়া, হোঁচট খাওয়া
ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
অ্যাসবেস্টস থেকে ক্ষতি
মিসিনারি গ্লেজ বা ওভারটাইম না পাওয়া
যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting: Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।
37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



বাংলাদেশের স্বাধীনতা লক্ষ প্রাণের দান

মহান স্বাধীনতার এই মাসে

সকল বীর শহীদদের প্রতি

আমাদের বিনম্র শ্রদ্ধা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

আতিকুর রহমান সালু ক্যান্সার আক্রান্ত

(প্রথম পাতার পর)

খান ভাসানীর একনিষ্ঠ ভক্ত, সাবেক ছাত্রনেতা, আন্তর্জাতিক ফারাক্কা কমিটির চেয়ারম্যান, ফোবানা'র সাবেক কর্মকর্তা, ভাসানী পরিষদের উপদেষ্টা, কবি, লেখক, পরিবেশবীদ এবং মহান মুক্তিযুদ্ধের সংগঠক, যুক্তরাষ্ট্র প্রবাসী আতিকুর রহমান ইউসুফজাই সালু (৭৬) ক্যান্সার আক্রান্ত। তিনি দীর্ঘদিন ধরে নিউজার্সী রাজ্যে সপরিবারে বসবাস করছেন। সম্প্রতি তিনি ক্যান্সারে আক্রান্ত হয়েছেন বলে ডাক্তারের বরাত দিয়ে তিনি খবরটি নিজেই প্রকাশ করেছেন। খবর ইউএনএ'র।

গত সপ্তাহে টাইম টেলিভিশনের জনপ্রিয় অনুষ্ঠান 'টাইম এক্সক্লুসিভ' অনুষ্ঠানে যোগ দিয়ে আতিকুর রহমান ইউসুফজাই সালু নিজেই তার অসুস্থতার কথা জানান। রোববার (৯ এপ্রিল) ইউএনএ প্রতিনিধি'র সাথে আলাপকালে তিনি বলেন, সম্প্রতি শরীরটা খারাপ অনুভব করলে ডাক্তারের স্মরণাপন্ন হই এবং বিভিন্ন চেকআপে প্রাথমিকভাবে ফুসফুসে কান্সার আশংকা করা হচ্ছে। আগামী ১১ মে ম্যানহাটানের স্লোন ক্যাটারিং সেন্টারে তার বায়োপসি করা হবে। তিনি সকলের দোয়া কামনার পাশাপাশি তার দীর্ঘ রাজনৈতিক ও সামাজিক কর্মকান্ডে কারো সাথে কোন খারাপ ব্যবহার ও কষ্ট দিয়ে থাকলে তার জন্য সংশ্লিষ্ট সকলের কাছে ক্ষমা প্রার্থনা করেছেন।

এদিকে ভাসানী পরিষদ-এর সদস্য সচিব এবং ভাসানী গবেষণা প্রকল্প সন্তোষ, টাঙ্গাইল-এর প্রকল্প সমন্বয়ক আজাদ খান ভাসানী জানান, মহান রাব্বুল আলামীনের কাছে আতিকুর রহমান ইউসুফজাই সালু'র রোগমুক্তির জন্য গত ৬ এপ্রিল বৃহস্পতিবার বাদ আসর মওলানা ভাসানীর মাজারে দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

আতিকুর রহমান সালু'র পরিচিতি

জন্ম টাঙ্গাইলে ১৯৪৮ সনে। শৈশব ছাড়িয়ে কৈশোরের দিনগুলো কেটেছে দূরন্তপনায়। হাই স্কুলের শেষ প্রান্তে নিউ ক্লাশ টেনে পড়াকালে সমগ্র হাই স্কুলের জেনারেল ক্যাপ্টেন এবং পরবর্তীকালে মধ্য ষাট দশকে টাঙ্গাইল জেলার ঐতিহ্যবাহী করটিয়া কলেজ (বর্তমানে সা'দত বিশ্ববিদ্যালয় কলেজ) ছাত্র সংসদের এজিএস এবং সেখান থেকে গ্র্যাজুয়েশন ও পরবর্তীকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন ও পরবর্তীতে আইনে ডিগ্রী লাভ। এর মাঝে ১৯৬২ থেকে ১৯৬৯ সনের টাঙ্গাইলের প্রতিটি ছাত্র আন্দোলনে তথা ঢাকা সহ তৎকালীন সমগ্র পূর্ব পাকিস্তানে আইয়ুব বিরোধী ছাত্রগণ আন্দোলনে নেতৃত্ব প্রদান ও কারাবরণ। ক্রমান্বয়ে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের তৎকালীন টাঙ্গাইল মহকুমা-তথা টাঙ্গাইল জেলার সাধারণ সম্পাদক, সভাপতি পদ ও পরবর্তীকালে অভিবক্ত পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সদস্য এবং পরবর্তীকালে সংগঠনের (মেনন গ্রুপ) সাংগঠনিক সম্পাদক, পর্যায়ক্রমে পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন তথা বাংলাদেশ বিপ্লবী ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক ও সভাপতির পদ অলংকৃত করেন। এখানে উল্লেখ্য, বিপ্লবী ছাত্র ইউনিয়নের মূল স্লোগান ছিলো 'মেহনতী জনতার সাথে একাত্ত হও', এই মূলমন্ত্রে দিক্ষিত হয়ে জনাব আতিকুর রহমান সালু শ্রমিক রাজনীতির সাথেও সম্পৃক্ত ছিলেন। এক সময় তিনি তৎকালীন টাঙ্গাইল মহকুমা প্রেস কর্মচারী ইউনিয়নের সভাপতির পদ অলংকৃত করেন। ১৯৬৯ সনের ১১ দফা আন্দোলনের অন্যতম নেতা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সর্ব দলীয় ছাত্র সংগ্রাম পরিষদের সভায় কখনো কখনো করেছেন প্রতিনিধিত্ব। ১৯৫২ এর ভাষা আন্দোলনের রক্তাক্ত সিঁড়ি বেয়ে, ১৯৬৯ এর সুমহান গণঅভ্যুত্থান, মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সংগ্রামের ছিলেন অন্যতম সংগঠক। মূলত কবি সালু ছিলেন সাংস্কৃতিক অঙ্গনের কর্মী। সেখান থেকে ক্রমে ক্রমে ছাত্র আন্দোলনের সাথে সম্পৃক্ততা।

১৯৭০ সালের ২২শে ফেব্রুয়ারী ঐতিহাসিক পল্টন ময়দানে তদানীন্তন পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে অনুষ্ঠিত লক্ষ লোকের সমাবেশে স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েমের প্রস্তাব হয়। এই গুরুত্বপূর্ণ প্রস্তাব পাঠ করেন সংগঠনের তৎকালীন সাংগঠনিক সম্পাদক আতিকুর রহমান সালু। অনেক আত্মত্যাগ ও লক্ষ লক্ষ মানুষের রক্তের বিনিময়ে অর্জিত হয় বাংলাদেশ, আমাদের সুমহান স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে তাঁর ভূমিকা অসামান্য। ১৯৭১ সনে মুক্তিযুদ্ধ সময়ে ভারতে অন্তরীণ মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানীকে সভাপতি করে বাংলাদেশ জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় কমিটি নামে যে কমিটি গঠিত হয় তিনি ছিলেন সেই কমিটিরও কেন্দ্রীয় সদস্য। বিভিন্ন সময় পট পরিবর্তনের হাওয়াতেও আতিকুর রহমান সালু আদর্শচ্যুত হননি। বাংলাদেশের স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা ও ফারাক্কা লং মার্চের মহানায়ক মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর সান্নিধ্যে থেকে দেশ ও জনগণের জন্যে নির্লোভভাবে কাজ করে গেছেন। ১৯৭৬ সালে মওলানা ভাসানীর নেতৃত্বে অনুষ্ঠিত ঐতিহাসিক ফারাক্কা লং মার্চে অংশ গ্রহণ করেন। পরবর্তীকালে ২০০৫ সালের ৪ মার্চ আন্তর্জাতিক ফারাক্কা কমিটির উদ্যোগে উজানে ভারতের এক তরফা পানি প্রত্যাহারের প্রতিবাদে ও আমাদের নদী পানির অধিকার রক্ষা ও আদায়ের জন্য কুড়িগ্রাম জেলার চিলমারীতে অনুষ্ঠিত লং মার্চেও অন্যদের সাথে নিয়ে নেতৃত্ব প্রদান করেন, যেখানে ৫ লক্ষাধিক লোকের সমাগম ঘটে। তিনি আন্তর্জাতিক ফারাক্কা কমিটির চেয়ারম্যান হিসেবে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

আতিকুর রহমান সালু দেশ, জাতি ও জনগণের কল্যাণের জন্য, গণতন্ত্র ও স্বাধীনতার পতাকা সমুন্নত রাখার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তিনি এক দিকে কবি, গীতিকার, সুরকার, লেখক, অ্যাক্টিভিষ্ট ও বীর মুক্তিযোদ্ধা। '৬০ দশক থেকে সমানতালে চলছে তার নিরব কাব্য চর্চা। তার প্রথম কাব্যগ্রন্থ 'আনিকার জন্য কবিতা'। আনিকা ছিলো আতিকুর রহমান সালুর ছোট মেয়ে। ২০০৬ সালের ৩০ মে আমেরিকার ভার্জেনিয়ায় এক গাড়ী দূর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে সফল অস্ত্রপচার পরবর্তীকালে অকালে মৃত্যুবরণ করে ১৬ বছর বয়সের আনিকা ৩১ জুলাই ২০০৬ শেষ নি:শ্বাস ত্যাগ করে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। 'অন্য রকম কবিতা' জনাব সালুর দ্বিতীয় কাব্যগ্রন্থ।

কোভিড আক্রান্ত ৩৪ ভাগ মানুষের স্মৃতিশক্তি কমেছে

(প্রথম পাতার পর)

গবেষণার সঙ্গে আরও যুক্ত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তর ও ঢাকা মেডিকেল কলেজের একদল বিশেষজ্ঞ চিকিৎসক।

২০২০ সালের মে থেকে ২০২১ সালের এপ্রিল পর্যন্ত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেওয়া ১ হাজার ২০৭ জন কোভিড১৯ রোগীর ওপর এই সমীক্ষাটি হয়। সুস্থ হয়ে বাড়ি ফেরার পর এসব রোগীর ১৭টি বিভিন্ন প্রশ্নোত্তরের ভিত্তিতে জরিপ গবেষণাটি তৈরি করা হয়। এর মধ্যে ৬৫ দশমিক ৫ ভাগ পুরুষ। তাঁদের বয়স ছিল ২৬ থেকে ৬০ বছর পর্যন্ত। জরিপ গবেষণায় অংশ নেওয়া ৭৩ ভাগ ঢাকা শহরের বাসিন্দা। হাসপাতাল থেকে বাড়ি ফেরার ছয় মাসের মধ্যে তাঁদের সাক্ষাৎকার নেওয়া হয়।

এ বিষয়ে জানতে চাইলে অধ্যাপক অলক পাল বলেন, কোভিড থেকে সুস্থ হয়ে বাড়ি ফেরার পর নারীপুরুষের শারীরিক নানা উপসর্গ এবং কোভিডকালীন লক্ষণ নিয়ে বিভিন্ন প্রশ্নের ভিত্তিতে এই জরিপ গবেষণাটি পরিচালিত হয়। এখানে দেখা যায় যাঁদের আগে ডায়াবেটিস বা উচ্চ রক্তচাপ ছিল, তাঁদের এখন সমস্যা আরও বেড়েছে। নতুন করে শক্তি কমেছে ও দুর্বলতা বেশি করে দেখা দিয়েছে।

জরিপে দেখা যায়, কোভিড থেকে সুস্থ হওয়ার পর ৩৪ ভাগ রোগীর স্মৃতিশক্তি কমেছে। এই সমস্যাটা তাঁদের আগে ছিল না। এ ছাড়া ২৮ শতাংশের ঘুমের বিঘ্ন হচ্ছে নানা রকমভাবে। এ ছাড়া একটু পরিশ্রম করলে ৫৫ ভাগের শরীর দুর্বল হয়ে পড়ে।

জরিপে আরও বলা হয়, কোভিড রোগীদের ৬২ ভাগের আগে থেকে নানা রকম শারীরিক জটিলতা ছিল। এর মধ্যে ৫০ দশমিক ৬ ভাগ ডায়াবেটিসে ও ২০ ভাগ উচ্চ রক্তচাপে ভুগছেন। এ ছাড়া ১৩ ভাগ অ্যাজমা, ৮ ভাগ লিভার ও পেটের পীড়ায় এবং ৬ ভাগের হৃদ্রোগের জটিলতা ছিল।

রোগীদের ৬৬ শতাংশ দুই সপ্তাহের মধ্যে সুস্থ হয়েছেন। কিন্তু যাঁদের অন্যান্য জটিলতা আগে থেকে ছিল, তাঁদের দীর্ঘ সময় হাসপাতালে থাকতে হয়েছে। তবে সুস্থ হয়ে বাড়ি ফেরার পর তাঁদের এই সমস্যা আরও প্রকট হয়েছে। যাঁরা কিডনি সমস্যায় ভুগছিলেন, তাঁদের কারও কারও ডায়ালাইসিস নিতে হয়েছে। উচ্চ রক্তচাপের রোগীরা আরও জটিল পরিস্থিতিতে পড়েছেন। যাঁদের হৃদ্রোগের সমস্যা ছিল, সে সমস্যা আরও প্রকট হয়েছে বলে জানান জরিপকারীরা।

অলক পাল বলেন, পুরুষের তুলনায় নারীদের উচ্চ রক্তচাপের সমস্যা বেশি হয়েছে। আর অ্যাজমা রোগীদের আগের চেয়ে অ্যাজমা তিন গুণের বেশি বেড়েছে বলে জরিপে উঠে আসে।

কোভিড১৯ আক্রান্ত হওয়ার সময় এসব ব্যক্তিরা কী ধরনের জটিলতায় ভুগেছিলেন, সে সম্পর্কেও তাঁদের কাছে জানতে চাওয়া হয়। দেখা যায় ৫১ ভাগ রোগীর জ্বর ছিল। শরীরের ব্যথা ছিল ৩৩ শতাংশের। শ্বাসকষ্টের সমস্যায় আক্রান্ত ছিলেন ৩২ শতাংশ। স্বাদহীনতা ছিল ১৮ ভাগের।

এই জরিপ গবেষণার সঙ্গে আরও যুক্ত ছিলেন ঢাকা মেডিকেল কলেজের বিশেষজ্ঞ চিকিৎসক মো. মহিউদ্দিন শরীফ, মো. শফিকুল বারী ও মো. টিটু মিয়া। এ ছাড়া স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক অধ্যাপক রোবেদ আমিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক জনার্ধন মোহান্ত ও সেন্টার ফর পার্টিসিপারি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের মো. আকিব জাবেদ।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রদপ্তর 'ভণ্ডদের

(প্রথম পাতার পর)

ভোট দিয়েছে। তবে শেতাঙ্গ একজনকে রেখে দেওয়া হয়েছে। এই হলো যুক্তরাষ্ট্রের গণতন্ত্রের অবস্থা। আমেরিকার পররাষ্ট্র দপ্তর ভ-দের আখড়া ছাড়া আর কিছুই নয়।'

যুক্তরাষ্ট্রের টেনেসির ন্যাশভিল শহরের একটি স্কুলে গত ২৭ মার্চে বন্দুক হামলায় তিন শিশুসহ অন্তত ছয়জন নিহত হয়। ওই ঘটনার পর বন্দুক আইন সংস্কার দাবি ওঠে। এই দাবির সঙ্গে একাত্মতা জানান তিন ডেমোক্র্যাট নেতা গোরিয়া জনসন, জাস্টিন জোনস ও জাস্টিন পিয়ারসন। এতে তারা রিপাবলিকানদের রোষানলে পড়েন।

বিবিসি বলছে, বৃহস্পতিবার টেনেসির প্রতিনিধি পরিষদে 'উচ্ছৃঙ্খল আচরণের' জন্য ওই তিন আইনপ্রণেতাকে বহিষ্কার করতে রিপাবলিকান নেতাদের আনা একটি প্রস্তাবের ওপর ভোট হয়। ভোটে কৃষ্ণাঙ্গ আইনপ্রণেতা জাস্টিন জোনস ও জাস্টিন পিয়ারসন প্রতিনিধি পরিষদ থেকে তাদের সদস্যপদ হারান। তবে সদস্যপদ হারানো থেকে বেঁচে যান শ্বেতাঙ্গ জনসন। এই বিষয়টি ইঙ্গিত করেই সজীব ওয়াজেদ জয় ওই মন্তব্য করেছেন।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন



Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেডলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কাটকিস, স্যালমন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যালিবুট, ব্রিম্স, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন রাইস	$ 17.99
আমিন স্যালমন রাইস	$ 17.99
আমিন স্যালমনহেড রাইস	$ 9.99
স্পেশাল স্যালমন রাইস	$ 18.99
স্যালমন স্যালমন রাইস	$ 13.99
মুলাকাপা স্যালমন রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!


আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com





আবেগ ঘনো পরিবেশে বিদায় জানালো ১১৫ কুইন্স পুলিশ প্রিসিংকট কমান্ডিং অফিসার আততাহেরিকে

নিউইয়র্কঃ এনওয়াইপিডি কুইন্স ১১৫-পুলিশ প্রিসিংকটের কমান্ডিং অফিসার জামিল আততাহেরিকে এক আবেগঘনো পরিবেশে বিদায় ও একই সাথে প্রিসিংকটে নবাগত কমান্ডিং অফিসার এইলীন ডাউ-নিংকে স্বাগত জানায় প্রিসিংকটের অধীন কম্যিউনিটির সর্বস্থরের নেতৃবৃন্দ। গত সোমবার, ৩রা এপ্রিল বিকেলে প্রিসেন্টে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে যোগ দেন বিপুল সংখ্যক বাংলাদেশী নেতৃবৃন্দও। বাংলাদেশী-আমেরিকান সংগঠন কেয়ার কুইন ও এএআই টিভি কর্তৃক প্রদত্ত প্রেসিডেন্ট বাইডেনের সেবা মূলক সনদপত্রটি বিদায়ী কমান্ডিং অফি-সার আততাহেরীকে পাঠ ও হস্তান্তর করেন মোহাম্মদী সেন্টার ও এর স্বেচ্ছাসেবী সংগঠন এন্টাই টেরোরিজম এওয়্যারন্যাস ইউনিটের পরিচালক এবং প্রিসিংটের সাবেক গেস্ট স্পীকার ইমাম কাজী কায়্যূম। এ সময় তিনি প্রেসিডেন্ড বাইডেন কর্তৃক প্রেরিত ব্যাজটিও তাঁকে পরিয়ে দেন। এর পর কম্যিউনিটি বোর্ড-৩ সহ একে একে অনেকগুলো সংগঠন তাদের নিজ নিজ সাইটেশন ও প্রশংসা পত্র তাঁকে প্রদান করেন। বাংলাদেশী নেতৃবৃন্দের মধ্যে উদীয়মান একটিভিষ্ট ফাহাদ সুলাইমান, এক-টিভিষ্ট হাজী আব্দুর রহমান, একটিভিষ্ট ফরিদা ইয়াসমিন, ব্যবসায়ী আসেফ বারী টুটুল, গিয়াস আহমেদ, শাহ নেওয়াজ, জে জে জয়, হাওলাদার রহিম প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ২ ঘন্টা ব্যাপী অনুষ্ঠান শেষে মুসলিম নতৃবৃন্দের জন্য ছিল বিপুল পরিমাণ ইফতারীর



আয়োজন। ইফতার স্পন্সর করেন মিসেস আসেফ বারী টুটুল। ফুল দিয়ে সংবর্ধনা জানান মিসেস শাহ নেওয়াজ। করতালিতে অনুষ্ঠানস্থলে স্বাগত ও আগত বিদায়ী কমান্ডিং অফি-সার আততাহেরী তাঁর অনুভূতিতে বলেন, আমি আমার কাজ ও দায়িত্ব আন্জাম দিতে আপনাদের সকলের সহযোগিতায় ছিলাম মুগ্ধ। আমি আমার অধিনস্থ অফিসারগণ ও আপনাদের সকলের সাথে একটি পরিবারের সদস্যের মতই কাজ করেছি বলে সর্বক্ষণ আমার বোধ হয়েছে। আমি কোনদিনও আপনাদের কথা ভুলবোনা। এর আগে তিনি হেটে হেটে সভাস্থলে উপস্থিত সকল অতিথিদের সাথে সৌহার্দ্য করমর্দন করেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন কম্যিউনিটি এ্যফেয়ার্স অফিসার মেইনকো। উলেখ্য, কর্তৃপক্ষের অনুমতি নিয়ে হলেও ঘন বসতি পূর্ণ জ্যাকসনহাইটসের অমুসলিম প্রতিবেশীর চলাচল ও সকলের পার্কিং ব্যবস্থায় বিঘ্ন ঘটিয়ে রাস্তাঘাট বন্ধ করে ঈদের নামাজ না পড়ে মোহাম্মদী সেন্টারের আয়োজনে ডাইভার্সিটি প্লাজায় অনু-ষ্ঠিত সকাল ৭:০০ থেকে ১১:০০ টা পর্যন্ত প্রতি ঘন্টার ৫টি জামাতে যেকোনটিতে এসে ইসলামী সংস্কৃতির নিদর্শন স্বরূপ ঈদের নামাজ আদায়ে সার্বিক সহযোগিতার জন্য ইমাম কাজী কায়্যূম প্রিসিংক্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

আসুন সবাই মিলে অটিজম আক্রান্ত ব্যক্তিদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক বিশ্ব গড়ে তুলি: জাতিসংঘে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন



নিউইয়র্কঃ "বিশ্বে ৭৫ মিলিয়নের অধিক মানুষ অটিজমে আক্রান্ত। এই বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিরা যাতে তাদের সুপ্ত প্রতিভাকে সর্বাধিক কাজে লাগাতে পারে এবং আমাদের সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করতে পারে, সে জন্য সম্মিলিতিভাবে কাজ করে যাবার নিমিত্ব আজ আমরা আমাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি। এ লক্ষ্যে আমি সকলকে বিভিন্ন উদ্ভাবনী সমাধান নিয়ে আসার জন্য একসাথে কাজ করার আহ্বান জানাই"-আজ বাংলাদেশ, কাতার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউনিসেফের যৌথ উদ্যোগে জাতিসংঘ সদর দপ্তরে আয়োজিত 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২৩: জীবনব্যাপী অন্তর্ভুক্তিমূলক স্বাস্থ্যব্যবস্থাচ-শীর্ষক একটি উচ্চ-পর্যায়ের সভায় মূলবক্তব্য প্রদানকালে এমন আহ্বান জানান পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। এতে স্বাগত বক্তব্য রাখেন কাতারের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত আলেয়া আহমেদ সাইফ আল-থানি এবং বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মাদ আব্দুল মুহিত।


পররাষ্ট্র সচিব মোমেন বলেন যে, বাংলাদেশে গত এক দশকে অটিজম বিষয়ে সচেতনতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এ জন্য আমি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদকে, যিনি এই প্রচেষ্টার পেছনে মুখ্য ভূমিকা পালন করেছেন। এ প্রসঙ্গে পররাষ্ট্র সচিব বাংলাদেশ সরকারের বিভিন্ন মহতি উদ্যোগের কথা তুলে ধরেন যার মধ্যে রয়েছে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ ও নিউরো-ডেভেলপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন ২০১৩ প্রণয়ন; সারা দেশজুড়ে ১০০ টিরও বেশি অটিজম এবং নিউরোডেভেলপমেন্টাল ডিসঅর্ডার কেন্দ্র স্থাপন এবং এসকল কেন্দ্রে কমরত কর্মীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। তিনি আরো বলেন, আমাদের জাতীয় প্রচেষ্টার পাশাপাশি আমরা জাতিসংঘেও বিষয়টি নিয়ে কাজ করছি। সাধারণ পরিষদে এ সংক্রান্ত রেজুলুশন গ্রহণে আমরা গভীরভাবে কাজ করেছি। ২০০৭ সাল থেকে প্রতি বছর 'বিশ্ব অটিজম সচেতনতা দিবসচ উদযাপনে আমরা অন্যান্য দেশের সাথে অন্যতম সহ-পৃষ্ঠপোষক হিসেবে কাজ করে থাকি। শিক্ষা ও স্বাস্থ্যসেবা গ্রহণের সময় প্রতিবন্ধি ব্যক্তিরা যে চ্যালেঞ্জগুলির মুখো-মুখি হয় তা মোকাবেলার জন্য দ্বিতীয় গোবাল ডিসএ-বিলিটি সামিট ২০২২ এর সময় আমরা আমাদের সুনির্দিষ্ট প্রতিশ্রুতি ব্যক্ত করেছি।

স্বাগত বক্তব্যে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ মুহিত প্রতিবন্ধী শিশুরা স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণের ক্ষেত্রে যে বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হন তার কথা উলেখ করেন এবং এসকল সমস্যা সমাধানে আশু হস্তক্ষেপ (উধৎষু ওহঃবৎাবহঃরড়হ), অন্তর্ভুক্তিমূলক শিক্ষা, সৃজনশীল অভিব্যক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তার যথাযথ ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন।



বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিউ-ইয়রক অফিসের পরিচালক মিঃ ওয়ার্নার ওবারমেয়ার অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এবং এতে বিভিন্ন দেশের উলেখযোগ্য সংখ্যক রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি, অন্যান্য পর্যায়ের কূটনীতিকবৃন্দ, জাতিসংঘের উচ্চপদস্থ কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি এবং মিডিয়া ব্যক্তিত্বরা উপস্থিত ছিলেন। এ ছাড়াও পররাষ্ট্র সচিব মোমেন জাতিসংঘের রাজনৈতিক ও শান্তি বিনির্মাণ বিষ আন্ডার সেক্রেটারি জেনারেল রোজমেরি এ ডিকার্লো, ইউএন উইমেন-এর নির্বাহী পরিচালক সিমা সামি বাহাউস এবং রাজনীতি বিষয়ক বিভাগের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি জেনারেল মোহাম্মদ খালেদ খিয়ারি। এছাড়া তিনি জাতিসংঘে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দল নেতা বিজন উলফ কু-এর সাথেও দ্বিপাক্ষিক বৈঠক করেন। এসব বৈঠকে পররাষ্ট্র সচিব তাদেরকে বাংলাদেশের আসন্ন সাধারণ নির্বাচন, রোহিঙ্গা ক্যাম্পের বর্তমান পরিস্থিতি এবং বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়ন ইস্যুতে জাতিসংঘের সঙ্গে বাংলাদেশের অংশীদারিত্বের বিষয়ে অবহিত করেন। পররাষ্ট্র সচিব রোহিঙ্গাদেরকে স্বেচ্ছায়, নিরাপদ ও মর্যাদাপূর্ণভাবে তাদের মাতৃভূমি মিয়ানমারে দ্রুত প্রত্যাবাসনে জাতিসংঘের সহায়তা কামনা করেন। বিনিময়ে সকলেই পররাষ্ট্র সচিবকে বাংলাদেশের সাথে এসকল বিষয়ে আগামি দিনগুলোতে একসাথে কাজ করার আশ্বাস প্রদান করেন।





ফেঁসে যাচ্ছেন কাজী সালাউদ্দিন?

(শেষের পাতার পর)

তা আরও বিস্ময়ের জন্ম দিয়েছে! টাকার অভাবে নাকি মেয়েদের বাছাই খেলতে পাঠানো যায়নি! দেশের জনগন এবং মিডিয়ার পাশাপাশি এই অজুহাত মানতে নারাজ যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল। তিনি স্পষ্ট করে বলেছেন, বাফুফে ইচ্ছাকৃতভাবে মেয়েদের বাছাই খেলতে পাঠায়নি এবং এজন্য তাদেরকে জবাবদিহি করতে হবে।

রোববার (৯ এপ্রিল) সাংবাদিকদের জাহিদ আহসান রাসেল বলেন, 'আমি চিকিৎসার জন্য কিছুদিন দেশের বাইরে ছিলাম। তাই এটা নিয়ে কথা বলতে পারিনি। আমি অবশ্য তাদের কাছে জানতে চাইব, কেন তারা এরকম কথা বললেন? দেশবাসী সবারই একটাই প্রশ্ন- অল্প কিছু টাকার জন্য কেন মেয়েদের দেশের বাইরে খেলতে যেতে পারবেন না! আমরা সরকারের পক্ষ থেকে অবশ্যই তাদের পাশে থাকতাম, অনেক স্পন্সর প্রতিষ্ঠানও সহায়তা দেওয়ার জন্য প্রস্তুত ছিল। অথচ কারও সঙ্গে কথা না বলে, কাউকে কিছু না জানিয়ে তারা এই সিদ্ধান্ত নিয়েছে!'

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আরও বলেন, 'কেন তারা এই কাজটি করলেন, সেটা আমার বোধগম্য নয়। আমি সংবাদমাধ্যমকে অনুরোধ করব, বিষয়টি খতিয়ে দেখার। কেন এরকম অন্যায় একটা সিদ্ধান্ত নিয়ে মেয়েদের এতবড় একটা সুযোগ হাতছাড়া হতে দিলেন। এটা করে মেয়েদের তারা বঞ্চিত করলেন। আজকে ভারত কিন্তু কোয়ালিফাই করেছে। আমরা তো ভারতের চেয়ে ভালো দল ছিলাম। আমাদেরও একটা সম্ভাবনা ছিল। যারা এই সম্ভাবনাকে বিনষ্ট করল..... ।'

তিনি বলেন, 'আগামীকাল (সোমবার) আমি মাননীয় প্রধানমন্ত্রীর কাছে বিষয়টি বিস্তারিতভাবে অবহিত করব। আমার মনে হয় তারা ইচ্ছাকৃতভাবে দলটাকে পাঠায়নি। কেন তারা ইচ্ছাকৃতভাবে কাজটি করে আমাদের ভাবমূর্তি সংকটে ফেললেন সেটা খতিয়ে দেখা দরকার। মাননীয় প্রধানমন্ত্রী নারীদের খেলায় অনেক পৃষ্ঠপোষকতা করেন, সেটা ফুটবল হোক কিংবা ক্রিকেট। সেই নারীরা যখন অল্প কিছু টাকার জন্য খেলতে যেতে পারেনি, এটার পেছনে নিশ্চয় অন্য কিছু আছে। আমি অবশ্যই বিষয়টা মাননীয় প্রধানমন্ত্রীর কাছে অবহিত করব।'

নিউইয়র্কে 'ব্যবসা-অর্থনীতি উন্নয়নের কনফারেন্স' সোমবার

(শেষের পাতার পর)

আগামী ১০ এপ্রিল (সোমবার)। কনফারেন্সে শতাধিক শিক্ষাবিদ বিশ্বের ২০টি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে অংশগ্রহণ করবেন বলে কনফারেন্সের এক্সিকিউটিভ চেয়ার ডক্টর পি.আর. দত্ত এ সংবাদদাতাকে জানান।

ড. দত্ত উল্লেখ করেন, অংশগ্রহণকারীরা একটি বৈশ্বিক সমাবেশের মধ্যে জ্ঞান অন্বেষণ এবং নেটওয়ার্কিংয়ের এক অপূর্ব সুযোগ পাবেন। সম্মেলনটির আয়োজক সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের মেডগার এভার্স কলেজ এবং সেন্টার ফর বিজনেস অ্যান্ড ইকোনমিক রিচার্স।

কনফারেন্সের চেয়ার ড.দত্ত আরো বলেন, "একটি টেকসই জাতি গঠনে এবং জাতীয় প্রগতিকে আরো বেগবান করার জন্য সবচেয়ে বেশি প্রয়োজন উচ্চশিক্ষার গুণগতমানকে বৃদ্ধি করা এবং সত্যিকারের গবেষণায় মনোনিবেশ করা। সত্যিকারের দক্ষ জনগোষ্ঠী তৈরি করার জন্য শিক্ষাক্ষেত্রে আনতে হবে আমুল পরিবর্তন। শিক্ষা প্রদান ও গ্রহণের সনাতনী পদ্ধতির পরিবর্তন হওয়া দরকার। আমাদের সকলকে আরও বেশি মাত্রায় বিশ্বের নতুন নতুন পদ্ধতিগুলোর সাথে আদান-প্রদানের মাধ্যমে পরিচিতি বাড়াতে হবে এবং পারস্পরিক শ্রদ্ধার মনোভাব নিয়ে একে অপরের সাথে জড়িত হতে হবে-এসব বিষয় প্রাধান্য পাবে কনফারেন্সে উপস্থাপিত বিভিন্ন প্রবন্ধ-নিবন্ধে।"

এবারের কনফারেন্সে মূল বক্তব্য উপস্থাপন করবেন ড. জো-অ্যান রোল (ডিন, বিজনেস স্কুল, মেডগার এভার্স কলেজ), প্রফেসর দীপরাজ মুখার্জি (কেন্ট স্টেট ইউনিভার্সিটি, ইউএসএ), ক্যারিন-ইসাবেল নূপ (হার্ভার্ড বিজনেস স্কুল, ইউএসএ), অ্যান্তোনিও সাদারিক (হিউম্যান সাসটেইনেবিলিটি ইনসাইড আউট-এইচএসআইও, ইউএসএ), প্রফেসর ভায়াচেস্লাভ এম. শাভশুকভ (হায়ার স্কুল অফ ইকোনমিক্স, ন্যাশনাল রিসার্চ ইউনিভার্সিটি, সেন্ট পিটার্সবার্গ, ইনস্টিটিউট অফ এশিয়ান অ্যান্ড আফ্রিকান স্টাডিজ, সেন্ট পিটার্সবার্গ, রাশিয়া), প্রফেসর ড. ভেরোনিকা উদেওগালানিয়া (মেডগার এভার্স কলেজ, সিটি ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক, ইউএসএ)। এই কনফারেন্সে মোট ৮০টি উপস্থাপনা থাকবে এবং অংশগ্রহণকারীরা বাংলাদেশ, ইন্ডিয়া, পাকিস্থান, রাশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, যুক্তরাষ্ট্র, পোল্যন্ডসহ ২০ টিরও বেশি দেশ থেকে আসছন।

নিউইয়র্কে যত্রতত্র আবর্জনা

(শেষের পাতার পর)

এক থেকে দুবার আবর্জনা গুলো পরিষ্কার করেন। কিন্তু তারপরও লোকেরা রাস্তায় কাপড়, টায়ার, আসবাবপত্র সহ যাবতীয় ময়লা আবর্জনা ফেলে যায়। এ বিষয়ে নিউইয়র্কের স্যানিটেশন বিভাগ কঠোর আইন প্রয়োগের মাধ্যমে অবৈধ ডাম্পিংয়ের বিরুদ্ধে সোচ্চার হতে বলেছে। লেফটেন্যান্ট অ্যান্থনি রিজো, স্যানিটেশন পুলিশকে বলেছেন, বেআইনি ডাম্পিং এবং অন্যান্য জীবনযাত্রার মান লঙ্ঘনকে তারা পর্যবেক্ষণ করছেন এবং শিঘ্রই আরো ২৫০টির মতো ক্যামেরা শহরের বিভিন্ন সন্দেহভাজন জায়গায় বসানো হবে। এসব ক্যামেরার সাহায্যে যত্রতত্র আবর্জনা নিক্ষেপকারীদের চিহ্নিত করে দ্রুতই আইনের আওতায় আনা হবে। পরিসংখ্যানে দেখা গেছে নিউয়র্ক সিটিতে ২০২২ সালে ৪০০০ এর বেশি অবৈধ ডাম্পিং করা হয়েছিলো, যা ২০২৩ এ এ পর্যন্ত ১০০০ এর বেশি ছাড়িয়ে গেছে।

এতিম শিশুদের সঙ্গে ইফতার

(শেষের পাতার পর)

রোববার সকালে তাদের ফেসবুক পেজে শিশুদের সঙ্গে তাহসানের একটি ছবি পোস্ট করে লেখা হয়, 'আহারটা অনেকেই করতে চায় না অভাবী মানুষের পাশে বসে। কাজ শেষে চলে যেতে চান ইমার্জেন্সি কোনো কাজের অযুহাতে। অন্যকে আহার করানো যত সহজ, পাশে বসে করা তারচেয়ে বহুগুণে কঠিন। সবাই মানুষ, তবুও কিসে যেন বাধা।

'বিদ্যানন্দ এই প্রথা ভাঙ্গতে চায়। একই সঙ্গে ইফতার করে পাশাপাশি বসে, উপভোগ করে সময়টুকু। তারকা ব্যক্তিত্ব তাহসান আজও এতিম শিশুদের মাঝে ইফতার করেছেন।' এমন উদ্দ্যোগের জন্য বিদ্যানন্দের স্বেচ্ছাসেবীদের ধন্যবাদ জানিয়ে শনিবার রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে তাদের সঙ্গে একটি সেলফি পোস্ট করেছেন তাহসান। এর আগে বঙ্গবাজারের ব্যবসায়ীদের সহায়তার জন্য গত ৫ এপ্রিল বুধবার স্বেচ্ছাসেবী এই সংস্থাটি থেকে লাখ টাকা দিয়ে একটি পোড়া লুঙ্গি কিনেছেন তাহসান। তার লুঙ্গি কেনার সেই ছবিটিও ফেসবুকে পোস্ট করেছিল বিদ্যানন্দ।





WE RECEIVE
JAKAT, FITRA
& SADAQAH

FITRA $15 (MIN.)

American Muslim Center

TAHERA AL-QURAN ACADEMY

89-14, 150 St, Jamaica, NY 11435 929-361-0609, 917-204-3570, 929-204-8448
amcusa150@gmail.com www.amcdawa.org facebook.com/americanmuslimcenterofficial

EID MUBARAK

AMC KHATAM TARAWEE & DUA

18th April Night, Tuesday
28th Night of Ramadan

EID JAMAT

21st April, Friday *(Subject to moon sighting)*
1st Jamat : 6:30AM (Masjid)
2nd Jamat : 9:30AM (Rufus King Park in front of Masjid)
3rd Jamat : 10:30AM (Rufus King Park in front of Masjid)

Please donate generously to pay off Qard-E-Hasan for the purchasing of the AMC Masjid building.

Zelle amcusa150@gmail.com
paypal.me/AMERICANMUSLIMCENTER

PORT WASHINGTON MASJID INC.

118 Harbor Rd Port Washington NY 11050 | Tel: 347-575-1110, 929-204-8448

PWM KHATAM TARAWEE & DUA

16th April Night, Sunday
26th Night of Ramadan

EID JAMAT

21st April, Friday *(Subject to moon sighting)*
Jamat: 11:30AM (Masjid)

PLEASE DONATE GENEROUSLY
Zelle 929-204-8448

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
Authorized e-file Provider
কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

কৃত্রিম চিনিতে শরীরের

(শেষের পাতার পর)

ডায়েটেও স্থান পেয়েছে এই কৃত্রিম চিনির গুঁড়ো কিংবা ট্যাবলেট। তবে প্রতিদিনের ডায়েটে এই কৃত্রিম চিনি খাওয়া কি আদৌ স্বাস্থ্যকর? শরীরে ক্যালোরির মাত্রা কমাতে স্বাস্থ্যসচেতন মানুষরাও খাবারে এই চিনি ব্যবহার করতে শুরু করেছিলেন। 'নেচার মেডিসিন'-এ প্রকাশিত গবেষণা বলছে, কৃত্রিম চিনিতে থাকা 'এরিথ্রিটল' নামক একটি যৌগ রক্তজমাট বাঁধা, স্ট্রোক, হার্ট অ্যাটাক, এমনকি মৃত্যু পর্যন্ত ঘটাতে পারে।

সেখানে বলা হয়েছে, বিগত ৩ বছরে হৃদরোগের সাথে সম্পর্কযুক্ত যতগুলো মৃত্যু ঘটেছে, তার সাথে কোনো না কোনো ভাবে এই 'এরিথ্রিটল'-এর যোগ রয়েছে।

যদিও এই যৌগটিকে নিশ্চিতভাবে দায়ী করার আগে বিস্তর গবেষণা প্রয়োজন বলেও জানিয়েছেন গবেষকরা। ব্রিটিশ মেডিক্যাল জার্নালে প্রকাশিত একটি গবেষণায় বলা হয়েছে যে যারা নিয়মিত কৃত্রিম চিনি রান্নায় ব্যবহার করেন তাদের স্ট্রোক এবং সেরিব্রোভাসকুলার রোগের ঝুঁকি অন্যদের তুলনায় ১৮ শতাংশ বেড়ে যায় এবং কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকিও তাদের ক্ষেত্রে ৯ শতাংশ বৃদ্ধি পায়।

